Two mega tourism projects namely **"Bhorer Alo"** at Gajoldoba in Jalpaiguri and at Jharkhali in South 24 Parganas have been launched. My Government helped 28000 Durga Pujas through community development programme of Police. This year the Puja Carnival on Red Road was witnessed by about 1800 foreign tourists. The event was telecast by National Geographic Channel worldwide. Rani Rashmoni Skywalk in Dakshineshwar has been completed and thrown open to the public. A similar skywalk is also under consideration in the Kalighat Temple. From Tarapith to Tarakeswar, from Bakkhali to Kankalitala, from Gangasagar to Furfura Sharif to Patharchapuri, alongwith others are being developed through newly formed Authorities and Agencies. A number of works have been taken up for upgradation of infrastructures and beautification of these popular tourist spots to attract more number of tourists.

This year nearly four million pilgrims have thronged Gangasagar Mela from all corners of the country to take a holy dip in the sacred waters of the Sagar on the holy occasion of Makar Sankranti. All festivals, including Durga Puja, Eid, Christmas, festivals of tribal communities and different sporting and cultural events passed off peacefully.

Under the West Bengal e-District Project 23 Districts and 16 Departments have gone online. All the Secretariats and nearly all the Directorates have been covered under e-Office scheme.

The dream project of my Chief Minister — **Bengal Silicon Valley** — an Information Technology Hub in New Town, Rajarhat has been set up by my

Government in collaboration with institutions like the IITs, IIMs, and ISI. It is expected that the same will emerge as a leading Research and Development Centre of international fame in near future. The initial allocation of 100 acres of land has been fully allotted and owing to the huge demand an additional area of 100 acres has also been allocated. Development works are in progress and major IT companies of the country like Reliance Jio Infocom, TCS and Capgemini have evinced interest in this project.

In the last six years the State GDP has doubled contributing 8.23% of total National GDP. Moreover, the State GDP is growing at 15.5% which is way ahead of the National rate. In the sector of socio-economic development West Bengal is the champion amongst the States.

The 5th edition of **Bengal Global Business Summit** will be held from 7th to 8th February in presence of leading national and international business leaders. The previous versions have been a resounding success with combined investment proposals to the tune of nearly ₹ 10 lakh crore of which more than 50% is under implementation.

A number of measures have been taken for the tea garden workers of North Bengal. A separate Tea Directorate under the North Bengal Development Department has been formed. Also, a high-level Monitoring Committee has been formed to look into the issues of the tea gardens and their workers. Daily wages for tea garden workers, which was only ₹ 67 in 2011, has been enhanced to ₹ 176 which is an increase of nearly 3 times within 7 years.

My Government is well on its course to bring about a positive change in the lives of the people of the State under the bold and pioneering leadership of the dynamic Chief Minister.

Our nation now stands at the crossroads of history and regardless of the ominous forces of divisiveness, intolerance and contempt, my Government in this decisive moment will strive to protect the triple pillars of democracy, resilience and secularism for weaving a pluralistic social fabric with colours of compassion and tolerance. The credibility of our constitutional institutions must be restored at any cost. My Government is committed to safeguard the democratic and federal structure of the Constitution and collectively work

together to take Bengal to the pinnacle of growth, prosperity, peace and happiness.

With these words I leave the floor of this august House for further deliberations by the Honourable members.

JAI HIND

The **Governor** having finished his speech, the National Anthem was again played and all the Members rose in their seats. The Governor then left the Chamber in procession in the same order in which it came in.

(The House was then adjourned at 1.34 p.m. till 4.00 p.m.)

[4:00 p.m. – 4:10 p.m.]

Mr. Speaker : I beg to report that the Governor has been pleased to make a speech today. Now I lay a copy of the speech on the Table.

Motion, if any, under rule 16(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly may now be moved. ...(Pause)...

I have received one notice of Motion of Thanks in reply to Governor's Address from Dr. Partha Chaterjee and it is to be seconded by Shri Nirmal Ghosh.

Now, I call upon Dr. Partha Chatterjee to move his Motion.

Dr. Partha Chatterjee : মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভার ১লা ফেব্রুয়ারী ২০১৯ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেই জন্য এই সভা তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।

Mr. Speaker : Now I call upon Shri Nirmal Ghosh to second the Motion.

Shri Nirmal Ghosh : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ পার্থ চ্যাটার্জী মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করিয়াছেন আমি তা সমর্থন করছি।

Mr. Speaker : Hon'ble Members, amendments to this Motion of Thanks will be received in the office upto 3.00 p.m. on Tuesday, the 5th February, 2019.

Presentation of Report of Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 43rd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the Programme of Business for 4th February and 5th February, 2019 as follows:

4.2.19 (Monday) (2.30 p.m.) : (i) Presenation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2019-20

(ii) Presentation of Supplementary Estimates for the Year 2018-19.

05.02.19 Tuesday : **First Session**

(iii) Discussion and Voting on Motion for Vote on Account

(iv) Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2018-19

- 2 hours.

Second Session

(iii) West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019

(iv) West Bengal Appropriation Bill, 2019

- 1 hour.

N.B. There will be no Question for Oral Answer, Calling Attention and Mention Case on Tuesday, the 5th February, 2019.

Mr. Speaker : Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance of the House.

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৪৩তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted... (pause)..

The Motion is adopted. The Motion is adopted.

Hon'ble Members, I have a notice from Dr. Partha Chatterjee to move a Motion for Adjournment of the discussion on the Motion of Thanks in reply to Governor's Address.

Now, I call upon Dr. Partha Chatterjee to move his Motion.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, with your kind permission I beg to move that the discussion on the Motion of Thanks in reply to Governor's Address be adjourned to a subsequent day to be appointed by the Hon'ble Speaker in the next session of the Assembly.

Mr. Speaker : I think the House has consent to this. The Motion is adopted.

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের শেষেতেই বলেছেন যে অনারেব্‌ল্ মেম্বার্স এই এ্যাড্রেসের উপর চর্চা করবেন, আলোচনা করবেন। এটা গভর্ণর বলেই থাকেন প্রতিবারেই, এবারেও তাই বলেছেন।

(গোলমাল)

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনি যদি আমাদের বলতে না দেন তাহলে ডাকলেন কেন ?

(গোলমাল)

মিঃ স্পীকার : মান্নান সাহেব আপনি প্রাসঙ্গিক কথা বলুন।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি নিজেকে যদি বলি অর্ধশিক্ষিত, আমি অন্য কাউকেতো বলছি না, আমি নিজেকেই বলছি আমি কম বুঝি। আমি স্যার নিজেকে বলতে পারি না যে আমি কম বুঝি !

মিঃ স্পীকার : আপনি অপ্রাসঙ্গিক কথা না বলে, প্রাসঙ্গিক কথা বলুন্।

শ্রী আব্দুল মান্নান : স্যার, এই হাউসে কোন দিন নজির নেই যে, রাজ্যপাল এ্যাড্রেস করেছেন সেই সেশনে তাঁর ভোট অফ থ্যাংক্‌সে ডিসকাসান হয় না। আপনাকে আজকে চেয়ার থেকে বলতে হবে কত দিন এই এ্যাড্রেসের উপরে অ্যামেন্ডমেন্ট দিতে পারবো।

মিঃ স্পীকার : পার্থবাবু তো মোশান মুভ করলেন, আপনারা শুনলেন। ওনারা একটা সাবসিকোয়েন্ট ডে টে, এটা নেক্সট সেশান উনি বলে দিয়েছেন। (গোলমাল) আপনি শুনছেন না কেন ? কবে পর্যন্ত দেওয়া যাবে তাও বলে দিয়েছি, আপনি শুনুন ভালো করে, আমি অলরেডি এ্যানাউন্স করে দিয়েছি।

(গোলমাল)

শ্রী আব্দুল মান্নান : আপনি কখন বললেন ?

মিঃ স্পীকার : প্লিজ, আপনি শুনুন, আপনি লাউড স্পীকারে কথা বলছেন। আমি যেটা বলছি শুনুন "Hon-ble Members, amendments to this Motion of Thanks will be received in the office up to 3.00 p.m. on Tuesday, the 5th February, 2019".

শ্রী আব্দুল মান্নান : এই মাত্রতো মুভ করলেন।

মিঃ স্পীকার : তবে একটা কথা বলি মান্নান সাহেব এখানে মাননীয় সদস্যরা বলেছেন আজকে রাজ্যপাল যখন ভাষণ দিচ্ছিলেন তখন যেভাবে আমাদের এখানে ওয়েলে দাঁড়িয়ে যে রকম চিৎকার চেঁচামেচি করছিলেন সেটা বাঞ্ছনীয় নয়।

[4:10 p.m. – 4:20 p.m.]

OBITUARY

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholic duty to refer to the sad demise of former Member of Rajya Sabha and other eminent personalities who breathed their last recently.

Shri Mrinal Sen, iconic film director, film critic and former Member of Rajya Sabha, breathed his last on the 30th December,2018 at his residence in Bhowanipore, Kolkata following a protracted illness. He was 96.

Born on the 14th May, 1923, Shri Sen worked as a journalist, a medical representative and a film sound technician which marked the beginning of his film career. During his long film career, he directed a good number of films including 'বাইশে শ্রাবণ', 'একদিন প্রতিদিন', 'খারিজ', 'আকালের সন্ধানে' etc. which launched him as a major film maker both nationally and internationally. The use of improvisation and sardonic humour in his film 'ভুবন সোম' and its naturalistic depiction of rural India established the film as a milestone of Indian Cinema and initiated the 'New Cinema' film movement in India. In his Calcutta trilogy-Interview', 'কলকাতা ৭১' and 'পদাতিক', he explored the civil unrest in contemporary Kolkata through stylistic experiments and fragmented narratives. He is also credited for making films in different languages like Telegu 'Oka Oori Katha', Hindi 'Ek Din Achanak' and Oriya and all of them have not only been critically acclaimed but fetched him international recognition.

Shri Sen was associated with many institutions like Film and Television Institute of India, Pune; Indian People's Human Rights Commission, New

Delhi; International Federation of Film Societies, London/Berne and Cinema et Liberte, Paris in different capacities and a Member of International Jury of Film Festivals held at Cannes, Venice, Berlin, Moscow, Tokyo, Tehran, Tunis, etc.

One of the pioneers of parallel cinema in India, Shri Sen received several awards like **'Swarnakamal Award'** for the best film of the year for four times; **'Rajat Kamal Award'** for the best films in various categories for a number of times; **'Nehru Soviet Land Award'** in 1979, **'Padma Bhusan'** award in 1981, **'Commandeur de Ordre des Arts et des Letters'** award from the French President in 1985 and the **'Order of Friendship'** Award in 2000 from the President of Russia. His films also won prizes at International Film Festivals at Cannes, Venice, Berlin, Moscow, Chicago, Montreal, Carthage, Colombo, Delhi etc.

The creator of a new language for Indian Cinema, Shri Sen was nominated to the Rajya Sabha in 1997. In recognition of his contributions to Indian Cinema, the Government of India conferred him with the **'Dadasaheb Phalke Award'** in 2005.

The demise of Shri Sen has caused an irreparable loss to the realm of Indian and World Cinema which is very hard to be filled.

Shri Atin Bandyopadhyay, renowned Bengali litterateur, passed away on the 19th January, 2019 at Kolkata Port Trust Hospital in Kolkata following a cerebral attack. He was 85.

Born in 1934 in Dhaka of undivided Bengal, Shri Bandyopadhyay migrated to India in 1947 and took up numerous odd jobs like sailor, truck cleaner, factory manager, publication advisor, journalist, school teacher and eventually became the Headmaster of Satui Rajendra Narayan High School in Murshidabad.

A victim of the partition, Shri Bandyopadhyay's first story was published in the magazine 'Abashar' from Berhampore. He never looked back since then and made his mark in Bengali literature through his writing of novels, short stories, auto-biographical writings, fiction for children etc. His magnum opus-four part tetralogy on the partition 'নীলকণ্ঠ পাখির খোঁজে', 'মানুষের ঘরবাড়ি',

'অলৌকিক জলযান' and 'ঈশ্বরের বাগান' is considered to be the most poignant story portraying the lives and times of the Common man after the partition of Bengal.

A prolific writer, Shri Bandyopadhyay received numerous awards in his literary career, which included Manik Smriti Puraskar'; 'Bibhutibhushan Smriti Puraskar'; 'Bhuwalka Puraskar'; 'Motilal Puraskar'; 'Tarashankar Smriti Puraskar'; 'Narayan Gangopadhyay' and 'Sudha Puraskar'. He was awarded "Bankim Puraskar' in 1998 for his novel 'দুই ভারতবর্ষ' and Sahitya Akademi Award in 2001 for his compilation of short stories 'পঞ্চাশটি গল্প'.

With the demise of Shri Bandyopadhyay, the State as well as the nation has lost one of its fascinating and passionate exponents of Bengali literature and language.

Shri Dibyendu Palit, renowned Bengali writer, breathed his last on the 3rd January, 2019 at a private hospital in Kolkata following respiratory problems. He was 80.

Born on the 5th March, 1939 at Bhagalpur in Bihar, Shri Palit did his postgraduation in Comparative Literature from Jadavpur University in 1961. In his professional career he was associated with some leading dailies and an Advertising Agency in different capacities and earned reputation.

A prolific writer, Shri Palit started his literary career at a very early age. When he was 16, his first story 'ছন্দপতন' was published and received critical acclaim. Apart from short stories, poems and essays, he authored many novels including 'ঘরবাড়ি', 'সোনালী জীবন', 'ঢেউ', 'অনুভব', 'সহযোদ্ধা' which received wide critical acclamation. Many of his writings have been translated into English and major Indian languages and several of them have been adopted into memorable films by eminent Film directors like Mrinal Sen, Tapan Sinha and Buddhadeb Dasgupta, among others.

A widely travelled man, Shri Palit visited the United Kingdom, Germany and USA on invitations. He visited Bangladesh in 1996 during the Festival of India and was a Member of the Sahitya Akademi sponsored Indian literary delegation that visited Italy in 1999 and China in 2004.

A doyen of Bengali literature, Shri Palit received several awards and accolades like 'Ananda Puraskar" in 1984, 'Bankim Puraskar' in 1990 and 'Sahitya Akademi Award' in 1998.

With the demise of Shri Palit, the State has lost a luminary in the arena of Bengali Literature.

Shri Pinaki Thakur, an eminent Bengali poet breathed his last on the 3rd January, 2019 at SSKM Hospital in Kolkata following an attack from Cerebral Malaria. He was 60.

Born on the 21st April, 1959 at Bansberia in Hooghly district, Shri Thakur devoted himself to literary pursuit from his very student days and wrote poems in various little magazines. He obtained immense popularity as a poet after his first book of poems 'একদিন অশরীরী' was published. His other popular works include 'হ্যাঁ রে শাশ্বত', 'চুম্বনের ক্ষত', 'শরীর কাঁচের টুকরো', 'অকাল বসন্ত' which were acclaimed highly. In his literary career he was associated with advisory bodies of many Bengali Little Magazines.

A prolific writer Shri Thakur was conferred with many awards like 'Ananda Puraskar', 'Krittibas Puraskar', etc. He was honoured with the prestigious 'Paschimbanga Bangla Akademi Puraskar' for his valuable contribution to Bengali literature.

With the demise of Shri Thakur, an irreparable loss to the realm of Bengali literature has been created which is very hard to fill.

Shri Kader Khan, noted Indian film actor, script writer and director, passed away on the 31st December, 2018 in Toranto, Canada after a prolonged illness. He was 81.

Born on the 22nd October, 1937 in Kabul, Afghanistan, Shri Khan obtained a Masters' Diploma in Engineering from Institution of Engineers specializing in civil engineering. He began his career as a professor in Civil Engineering at M.H. Saboo Siddik College of Engineering, Byculla. Alongside teaching, his captivating performances as an actor in the College's plays caught the attention of luminary Dilip Kumar who got him to sign in his two films 'Sagina' and 'Bairaag'. Since then, Shri Khan appeared in more than 300 films in Hindi

and Urdu which include Daag, Aankhen, Coolie No. 1, etc. He excelled in all departments of acting and was one of those rare actors who could play a comedian and a villain with ease. Apart from acting, Shri Khan also wrote scripts for over 250 films which include famous films like 'Himmatwale', 'Lawaris', 'Amar Akbar Anthony' etc.

A versatile talent, Shri Khan won several awards including three Filmfare Awards in 1982 and 1993 in the Best Dialogue Category and in 1991 in the Best Comedian Category. In recognition of his work and contributions to Hindi Film industry, he was awarded with the Sahitya Shiromony Award in 2013. He was also awarded with Padma Shri in 2019 posthumously.

With the demise of Shri Khan, the Nation has lost a talented actor and a noted script writer.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

...(At this stage Hon'ble Members should stand in silence for 2 minutes)...

Thank you ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved families.

ADJOURNMENT

The House was then adjourned at 4.21 p.m. till 2.30 p.m. on Monday, the 4th February, 2019, at the "Assembly House", Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 4th February, 2019 at 2:30 p.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers-in-Charge, 17 Ministers of State and 212 Members.

[2:30 p.m. – 2:40 p.m.]

GOVERNMENT BUSINESS
FINANCIAL

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2019-2020.

Mr. Speaker : Now I call upon Dr. Amit Mitra to present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2019-2020.

...(noise)...

(এই সময় বিরোধী জাতীয় কংগ্রেস এবং বামফ্রন্টের অনেক মাননীয় সদস্য ওয়েলে নেমে কিছু বলতে থাকেন।)

...(noise)...

Mr. Speaker : আপনারা বসুন, আগে বাজেটটা হতে দিন।

Dr. Amit Mitra : (মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতির অনুলিপি সংযোজিত হল।)

...(noise)...

...(At this stage several Hon'ble Members of Indian National Congress and Left Front came into the well of the House and started raising slogans)...

Mr. Speaker : আপনারা বসুন। আগে বাজেটটা হতে দিন।

Dr. Amit Mitra : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই মহান সদনে ২০১৯-২০ অর্থবর্ষের বাজেট পেশ করছি।

১

মাননীয় সদস্যগণ, আমাদের দেশ এখন এক ভয়ঙ্কর অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছে।

সাধারণ মানুষ থেকে শুরু করে দেশের প্রতিটি সম্পূর্ণ স্বাধীন প্রতিষ্ঠান—সি.বি.আই., ই.ডি., আর.বি.আই., ন্যাশনাল স্ট্যাটিস্টিক্যাল কমিশন, সুপ্রিম কোর্ট, GST কাউন্সিল ও স্পষ্টবাদী সাংবাদিকদের উপর আঘাত নেমে আসছে। একদিকে ধ্বংসাত্মক নোটবন্দির ধাক্কা, তার উপর প্রস্তুতিহীন অবস্থায় কেন্দ্রীয় সরকার সারা দেশে GST চালু করে দিয়েছে বাংলার তীব্র প্রতিবাদ সত্ত্বেও। এছাড়াও দেখা যাচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের অযাচিত হস্তক্ষেপের ফলে আমাদের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর উপর এক চরম আঘাত এসে পড়েছে।

বর্তমান কেন্দ্রীয় সরকারের এই হস্তক্ষেপের প্রবণতার থেকে সুপ্রিম কোর্টের মতো মহৎ প্রতিষ্ঠানও রেহাই পায়নি। আর.বি.আই.-এর গভর্ণর, তার কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগেই পদত্যাগ করেছেন। একইভাবে, ন্যাশানাল স্ট্যাটিস্টিক্যাল কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও সদস্য পদত্যাগ করেছেন, কেননা সরকার তাদের তৈরি বেকারত্বের উপর নেতিবাচক তথ্য গোপন করতে চেয়েছিল – এখন কিন্তু ঝুলি থেকে বেড়াল বেরিয়ে পড়েছে। দেশের সমস্ত মানুষ এখন জেনে ফেলেছে যে, গত ৪৫ বছরের মধ্যে বেকারত্বের সবচেয়ে বেশি বৃদ্ধি হয়েছে গত ২০১৮ সালে।

আমাদের সকলের প্রিয় ও শ্রদ্ধেয় নেত্রী মমতা ব্যানার্জীর দৃঢ় ও অদম্য কণ্ঠস্বর বারংবার এই অন্যায়ের বিরুদ্ধে সাধারণ মানুষের হয়ে গর্জে উঠেছে।

আজ সমগ্র ভারতবাসী উপলব্ধি করতে পেরেছে যে, কেন্দ্রের এই বর্তমান সরকারের দেওয়া প্রতিশ্রুতিগুলি কেবল অলীক স্বপ্ন মাত্র। দেশের কৃষক ভাইদের রোজগার দ্বিগুণ করার স্বপ্ন দেখানো হয়েছিল। সে স্বপ্ন তো পূরণ হয়ই নি, বরং তাদের জীবন আরও দুর্বিষহ হয়ে উঠেছে। এরকম অবস্থা সহ্য করতে না পেরে দেশের কিছু রাজ্যে বেশ কয়েক হাজার কৃষক আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন।

বহু রাজ্যে যেখানে কৃষক ভাইরা এরকম দুর্দশার মধ্যে পড়েছেন, সেখানে বাংলায় তাদের গড় আয় ২০১০-১১ সালের ৯১,০২০ টাকা থেকে তিনগুণ বেড়ে ২০১৭-১৮ সালে ২,৯১,০০০ টাকা হয়েছে। এটা দেশের মধ্যে একটা নজিরবিহীন সাফল্য।

বর্তমান কেন্দ্রের শাসকদল, ২০১৪ সালের ভোটের প্রচারের সময় দেশের মানুষকে বলেছিলেন যে ক্ষমতায় এলে তাঁরা দেশের বাইরে গচ্ছিত কালো টাকা দেশে ফিরিয়ে আনবেন। কালো টাকা ফিরিয়ে আনা তো দূরের কথা বরং বিগত বছরগুলিতে আমরা দেখলাম যে দেশের কিছু বড়ো বড়ো ব্যবসায়ী, সাধারণ মানুষের কোটি কোটি টাকা ব্যাঙ্ক থেকে লুঠ করে বিদেশে চলে গেছেন।

ব্যাঙ্কগুলির উপর এরকম ভয়ঙ্কর আঘাত আসার ফলে দেশের ব্যাঙ্কিং ব্যবস্থা ICU-তে চলে গেছে। যেখানে ২০১৪ আর্থিক বছরে মোট এন.পি.এ. ছিল ২,০৯,৮৪০ কোটি টাকা সেখানে ২০১৭-১৮ অর্থবর্ষে তা দাঁড়িয়েছে ১০,৩৬,১৮৭ কোটি টাকা – যা প্রায় পাঁচ গুণ বেশি।

মাননীয় সদস্যগণ ঃ

বর্তমান কেন্দ্রীয় সরকার সমস্ত গণতান্ত্রিক রীতিনীতিকে জলাঞ্জলি দিয়ে মেয়াদ শেষ হওয়ার মুখে একটি অভিসন্ধিমূলক এক্সপায়রি বাজেট পেশ করেছেন।

আপনারা এও জানেন যে, মাননীয়া মুখ্যমন্ত্রী সেই বাজেটের উপর তাঁর তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন।

এরকম অগণতান্ত্রিক, স্বৈরাচারী ও সামাজিক বিভেদ সৃষ্টিকারী শক্তির বিরুদ্ধে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রুখে দাঁড়িয়েছেন। তাঁর এই বলিষ্ঠ ভূমিকা এবং সক্রিয় নেতৃত্ব দেশকে আজ পথ দেখাচ্ছে।

আমি আবারও বলছি এই রাজ্যের মা-মাটি-মানুষের সরকার সমাজে বিভেদ সৃষ্টিকারী ও ফ্যাসিস্ট শক্তির কোনোরকম ষড়যন্ত্রকে বরদাস্ত করবে না।

২

অর্থনৈতিক সাফল্য

মাননীয় সদস্যগণ,

আমরা যখন সরকারে এলাম, তখন রাজ্যের জি.ডি.পি. ছিল ৪ লক্ষ ৬১ হাজার কোটি টাকা। ২০১৮-১৯-এ রাজ্যের জি.ডি.পি. ১১ লক্ষ ৫০ হাজার কোটিতে পৌঁছচ্ছে।*

প্রকৃতপক্ষে রাজ্যের জি.ডি.পি. বৃদ্ধির হারে ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় বাংলা ১ নম্বর স্থান অধিকার করেছে।**

২০১৭-১৮-এ যেখানে ভারতবর্ষের শিল্পের বৃদ্ধির হার ৫.৫৪ শতাংশ, সেখানে বাংলার শিল্পের বৃদ্ধির হার ১৬.২৯ শতাংশ – ৩ গুণেরও বেশি।***

একইরকমভাবে, বাংলা দেখিয়ে দিয়েছে ফিসক্যাল ডিসিপ্লিন কাকে বলে – রাজস্ব ঘাটতি ২০১০-১১ সালের ৩.৭৫ শতাংশ থেকে নেমে, দাঁড়িয়েছে ০.৯৬ শতাংশতে। একইভাবে, আর্থিক ঘাটতি, ২০১০-১১ সালে ৪.২৪ শতাংশ থেকে নেমে ২০১৭-১৮ সালে দাঁড়িয়েছে ২.৮৩ শতাংশ-এ।

---

* (AE)

** GSDP Growth Rate at Current Prices-2017-18, P.E (Source : C.S.O, Govt. of India Dated : 28.08.2018)

*** (Source : C.S.O, Govt. of India Dated : 31.07.2018, P.E)

রাজ্যের নিজস্ব কর আদায়

রাজ্যের কর বাবদ আয় ২০১০-১১ সালের ২১ হাজার ১২৮ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৭-১৮ সালে ৫৭ হাজার ৭০০ কোটি টাকা হয়েছে যা আড়াই গুণেরও বেশি বৃদ্ধি।

রাজ্য পরিকল্পনা ও মূলধনী ব্যয়

২০১১ সাল থেকে আমাদের সরকার রাজ্য পরিকল্পনা খাতে ৩ লক্ষ ৪৫ হাজার কোটি টাকারও বেশি এবং মূলধনী খাতে ৯২ হাজার কোটি টাকা সামাজিক সম্পদ সৃষ্টি ও পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে ব্যয় করেছে।

৩

উন্নয়নের এক নতুন নিদর্শন

মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বিগত সাড়ে ৭ বছর ধরে নিরলস উন্নয়নের ধারা রাজ্যের প্রতিটি মানুষের হৃদয়কে স্পর্শ করেছে।

আমাদের রাজ্যে খাদ্যের উৎপাদন ২০১০-১১ সালে যেখানে ছিল ১৪৮ লক্ষ ১০ হাজার মেঃ টন সেখানে ২০১৭-১৮ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ১৮২ লক্ষ ৯২ হাজার মেঃ টন। এরই মধ্যে উৎপাদিত শস্য গুদামজাত করার ক্ষমতার দিক থেকেও ৬৩ হাজার মেঃ টন-এর জায়গায় ৯ লক্ষ ১৬ হাজার মেঃ টন হয়েছে – যা প্রায় ১৫ গুণ বৃদ্ধি। এছাড়াও মাননীয়া মুখ্যমন্ত্রী, কৃষি জমির ক্ষেত্রে খাজনা ও মিউটেশন ফি ১০০ শতাংশ মকুবের ব্যবস্থা করেছেন।

এখন 'খাদ্যসাথী' প্রকল্পে স্বল্পমূল্যে, ৮ কোটি ৮২ লক্ষ মানুষকে কম দামে খাদ্য সরবরাহ করা হচ্ছে।

'ধান দিন চেক নিন' স্কিমে এখন থেকে ন্যায্য মূল্যে শস্য কেনার দাম কৃষকদের সরাসরি মেটানোর ব্যবস্থা হয়েছে।

রাজ্যের ১ লক্ষ কৃষককে বর্ধিত হারে ১ হাজার টাকা করে মাসিক পেনশন দেওয়া হচ্ছে।

গত বন্যায় ক্ষতিগ্রস্ত প্রায় ৩২ লক্ষ কৃষক পরিবারকে ক্ষতিপূরণ দিতে সরকার ১,২০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

এরাজ্যের 'বাংলা ফসল বিমা যোজনা'য় এখনও পর্যন্ত ২৪ লক্ষ কৃষককে নথিভুক্ত করা হয়েছে। আমাদের রাজ্যে চাষিদের প্রদেয় প্রিমিয়ামের অংশটিও পুরোপুরি রাজ্য সরকার দিচ্ছেন। কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনায় নানা ধরনের হস্তক্ষেপ করার ফলে রাজ্যের চাষিদের স্বার্থে, মাননীয়া মুখ্যমন্ত্রী, সিদ্ধান্ত নিয়েছেন যে এই প্রকল্প পুরোপুরি রাজ্যের তত্ত্বাবধানে পরিচালিত হবে এবং কেন্দ্রীয় সরকারের প্রদেয় (২০%) অংশও রাজ্য সরকারই মেটাবে।

'জল ধরো জল ভরো' কর্মসূচির অধীনে বিগত সাড়ে সাত বছরে ২ লক্ষ ৬২ হাজার জলাশয়কে সংস্কার ও খনন করা হয়েছে।

কেন্দ্রীয় সরকারের বিফলতার জন্য রাজ্যের যে সব জায়গায় ব্যাঙ্কিং পরিষেবা নেই, সেইসব জায়গায় আমরা ২৬৩১টি প্রাইমারি এগ্রিকালচার কো-অপারেটিভ সোসাইটি (PACS)-কে ব্যাঙ্ক হিসেবে পরিণত করছি।

বাণিজ্যিকভাবে লেয়ার পোল্ট্রি এবং মাংসের জন্য ব্রিডিং পোল্ট্রির খামারকে উৎসাহ দেওয়ার জন্য একটি নতুন ইনসেনটিভ স্কিম চালু করা হয়েছে। ডিম উৎপাদনে রাজ্য স্বনির্ভর হওয়ার লক্ষ্যে বিপুল পরিমাণে হাঁস ও মুরগির ছানা বিনামূল্যে বিতরণ করা হচ্ছে।

রাজ্যের 'কন্যাশ্রী' প্রকল্পে ৫২ লক্ষ ৫০ হাজার ছাত্রী নিজের পায়ে দাঁড়ানোর সুযোগ পাচ্ছে। বর্তমানে কন্যাশ্রীর ক্ষেত্রে আয়ের সীমা তুলে দিয়ে রাজ্যের ১৩-১৯ বছর বয়সি সমস্ত কন্যাকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। এছাড়াও উচ্চ শিক্ষার ক্ষেত্রেও আর্টস ও কমার্স ছাত্রীদের ২,০০০ টাকা এবং সায়েন্স ছাত্রীদের ২,৫০০ টাকা করে প্রতিমাসে বৃত্তি দেওয়া শুরু হয়েছে। রাজ্যের গর্বের 'কন্যাশ্রী'-কে দৃষ্টান্ত করে নদিয়ার কৃষ্ণনগরে কন্যাশ্রী ইউনিভার্সিটি তৈরির পরিকল্পনা রূপায়িত হচ্ছে।

'রূপশ্রী প্রকল্পে ২০১৮'র ডিসেম্বর পর্যন্ত প্রায় ৩২০ কোটি টাকা খরচ করে ১,২৬,০০০ জন মেয়েকে সহায়তা প্রদান করা হয়েছে।

'মানবিক' প্রকল্পে এখন পর্যন্ত ২,৩৫,০০০ মানুষ সুবিধা পেয়েছেন যার জন্য ১২৬ কোটি ৬৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে।

আপনাদের আরো জানাচ্ছি – রাজ্যে ৪২টি সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা সুলভ হয়েছে। শিশু মৃত্যুর হার ২০১১ সালে যেখানে ছিল প্রতি হাজারে ৩২ এখন তা কমে হয়েছে ২৫। প্রসূতি মৃত্যুর হার এখন ১১৩ থেকে কমে ১০১-এ এসে দাঁড়িয়েছে। আর প্রসূতি সদনে প্রসবের হার এখন ৯৭.৫ শতাংশ। ২০১১ সালের আগে পর্যন্ত এই রাজ্যে একটিও SNSU ছিল না। কিন্তু এখন ৩০৭টি SNSU-তে রাজ্যের শিশুদের চিকিৎসা চলছে। আবার বিগত সাড়ে সাত বছরে, SNCU-এর সংখ্যা ৬ থেকে বেড়ে ৬৮টি হয়েছে।

এখন রাজ্যের গরিব মানুষদের নিখরচায় চিকিৎসা ও ওষুধ দেওয়া হচ্ছে। ২০১৮ সালে এর জন্য ব্যয় হয়েছে ১২৩১ কোটি ৫০ লক্ষ টাকা।

আমাদের সরকার ১০টি নতুন সরকারি মেডিক্যাল কলেজ ও ২৭টি নতুন নার্সিং ট্রেনিং স্কুল স্থাপন করেছে।

রাজ্যে ২ কোটি ৫০ লক্ষ মানুষজনকে 'স্বাস্থ্যসাথী' প্রকল্পের আওতায় আনা হয়েছে।

বিগত সাড়ে ৭ বছরে ৭ হাজার নতুন প্রাইমারি ও আপার প্রাইমারি স্কুল তৈরি হয়েছে এবং ২৭০০ জুনিয়ার স্কুলকে সেকেন্ডারি এবং হায়ার সেকেন্ডারি স্তরে উন্নীত করা হয়েছে। ২০১১ থেকে নিয়ে এপর্যন্ত ছাত্রছাত্রীদের মধ্যে প্রায় ৭ কোটি স্কুল ইউনিফর্ম, ১৬ লক্ষ স্কুল ব্যাগ, ৫০ লক্ষ স্কুলে পরার জুতো বিতরণ করা হয়েছে।

রাজ্যের উচ্চশিক্ষার ক্ষেত্রে ২০১১ সালে যেখানে ১২টি বিশ্ববিদ্যালয় ছিল এখন সরকারি ও বেসরকারি মিলে ৪০টি বিশ্ববিদ্যালয় রয়েছে।

উচ্চশিক্ষায় নথিভুক্ত ছাত্রের সংখ্যা ২০১০-১১ সালের ১৩ লক্ষ ২৪ হাজার থেকে বেড়ে ২০১৭-১৮ সালে ২০ লক্ষ ৩৬ হাজার হয়েছে।

মাননীয় সদস্যগণ, শিক্ষাশ্রী স্কিমে মোট ৭০ লক্ষ SC ও ST ছাত্রছাত্রী ছাত্রবৃত্তি পেয়েছে। 'সবুজ সাথী' প্রকল্পের আওতায় মোট ১ কোটি বাইসাইকেল বিতরণের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

রাজ্যের ST জাতিভুক্ত জনজাতির নিজেদের গোষ্ঠীগত বৈশিষ্ট্য তুলে ধরার জন্য ৬০০ কোটি টাকা ব্যয় করে প্রায় ২০টির মতো গোষ্ঠী উন্নয়ন পর্ষদ গড়ে তোলা হয়েছে। উল্লেখ্য রাজ্যে সম্প্রতি নমঃশূদ্র কল্যাণ পর্ষদ এবং মতুয়া কল্যাণ পর্ষদ তৈরি হয়েছে। মতুয়া সম্প্রদায়ের গুরু শ্রী হরিচাঁদ ঠাকুর ও শ্রী গুরুচাঁদ ঠাকুরের অবদানকে স্মরণীয় করে রাখতে রাজ্যে ঠাকুরনগরে হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয় নামে একটি নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হচ্ছে এবং এর একটি শাখা কৃষ্ণনগরেও স্থাপিত হবে।

সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের জন্য ৪৪৫টি সংখ্যালঘু হোস্টেল ও ৩১২টি 'কর্মতীর্থ' প্রকল্প তৈরি, আলিয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, সংখ্যালঘু ভবন গড়ে তোলা, পলিটেকনিক ও ITI তৈরি করা হয়েছে, ও বিভিন্ন গোরস্থানগুলি পাঁচিল দিয়ে ঘিরে দেওয়া হয়েছে।

সংখ্যালঘু ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদানের ক্ষেত্রেও এই রাজ্য দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। বিগত সাড়ে সাত বছরে ২ কোটি ০৩ লক্ষ সংখ্যালঘু ছাত্রছাত্রীদের ছাত্রবৃত্তি দেওয়া হয়েছে যার জন্য খরচ হয়েছে ৫,২৫৭ কোটি টাকা। এছাড়াও ৮ লক্ষের বেশি সংখ্যালঘু মানুষজনদের Self Employment-এর জন্য ১,৩০০ কোটি টাকা দেওয়া হয়েছে—যা দেশের মধ্যে সর্বোচ্চ।

১০০ দিনের কাজে (MGNREGA) শ্রমদিবস সৃষ্টিতে বাংলা তৃতীয় বারের জন্য দেশের মধ্যে এক নম্বর স্থান অধিকার করেছে।

মুর্শিদাবাদ ও দক্ষিণ ২৪ পরগনা জেলা দুটি, গ্রামীণ আবাস তৈরিতে দেশের মধ্যে সর্বোচ্চ স্থান দখল করেছে এবং সেরা হওয়ার পুরস্কার অর্জন করেছে।

গ্রামীণ সড়ক নির্মাণে আমাদের রাজ্য বিগত সাড়ে সাত বছরে ২৬ হাজার কিমি.-র বেশি রাস্তা তৈরি করে দেশের মধ্যে সেরা স্থান অধিকার করেছে।

'মিশন নির্মল বাংলা'-র অধীনেও এই রাজ্য ৯৯ শতাংশ গ্রামীণ শৌচাগার নির্মাণ করেছে।

এখনও অবধি প্রায় ৪০ লক্ষ শহর ও গ্রামীণ এলাকার মানুষজন সরকারের বিভিন্ন আবাস প্রকল্প, যেমন গীতাঞ্জলি, নিজশ্রী, বাংলার আবাস যোজনা ও অন্যান্য প্রকল্প থেকে উপকৃত হয়েছেন।

মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় 'সবুজশ্রী' প্রকল্পে গত বছরের ডিসেম্বর পর্যন্ত প্রায় ২৪ লক্ষ প্রসূতি মায়েদেরকে চারা গাছ দেওয়া হয়েছে, তাঁদের সদ্যোজাত শিশুর জন্য।

সামাজিক ও আর্থিকভাবে মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে, ৭০ লক্ষ দরিদ্র মহিলাকে সংযুক্ত করে, ৫ লক্ষ ৫০ হাজার স্বনির্ভর গোষ্ঠী গঠন করা হয়েছে এবং এদের আর্থিক সহায়তা ৬৭৪.৪১ কোটি টাকা (২০১২-২০১৩) থেকে বেড়ে ৮ হাজার ২০০ কোটি টাকা (২০১৭-২০১৮) হয়েছে।

পরিবহনের ক্ষেত্রে 'গতিধারা' এবং 'জলধারা'প্রকল্পগুলির কাজ সফলভাবে রূপায়িত হচ্ছে। মুখ্যমন্ত্রীর প্রেরণায় 'সেফ ড্রাইভ সেভ লাইফ'-এর প্রচার যথেষ্ট কার্যকরী হয়েছে এবং এর ফলে রাজ্যের সড়ক দুর্ঘটনার হার কমে এসেছে।

বিগত সাড়ে ৭ বছরে এই রাজ্যে প্রায় ৯৩২টি নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পে প্রায় ২ কোটি ২ লক্ষ জনসাধারণের কাছে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। আর এ কাজে এখনও পর্যন্ত খরচ হয়েছে ১১,৭৩৯ কোটি ২৯ লক্ষ টাকা।

বিগত সাড়ে ৭ বছরে, ১ কোটি ৯০ লক্ষ উপভোক্তার ঘরে বিদ্যুৎ সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে—যা ২০১০-১১ সালে ছিল ৮৫ লক্ষ ৬৫ হাজার, অর্থাৎ দ্বিগুণেরও বেশি বৃদ্ধি হয়েছে।

'সামাজিক সুরক্ষা যোজনা'-য় বিগত সাড়ে ৭ বছরে ১,৩২৪ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয় করার ফলে ২৫ লক্ষ ৮০ হাজার শ্রমজীবি মানুষ উপকৃত হয়েছেন।

প্রায় ২ লক্ষ মানুষকে 'সমব্যথী' প্রকল্পে এককালীন অর্থ সাহায্য করা হয়েছে। বৈতরণী প্রকল্পে ২০টি ইলেক্ট্রিক চুল্লী এবং ৫৩৫টি শ্মশান নির্মাণের ব্যবস্থা করা হয়েছে।

রাজ্যে ৪টি জনজাতীয় ভাষা – কুরুখ, কামতাপুরী, রাজবংশী এবং কুরমালী ভাষাকেও রাজ্যের Official Language -এর মর্যাদা দেওয়া হয়েছে।

'লোক প্রসার প্রকল্পে, প্রায় ২ লক্ষ লোকশিল্পীকে সাহায্য করা হয়েছে।

'ওয়েস্ট বেঙ্গল পেনশন স্কিম ফর দ্য জার্নালিস্ট, ২০১৮' প্রকল্পের মাধ্যমে বয়স্ক সাংবাদিকদের মাসিক পেনশন দেওয়া হচ্ছে।

দক্ষিণেশ্বর স্টেশন থেকে সরাসরি মন্দিরে যাওয়ার জন্য ৬৫ কোটি ১৬ লক্ষ টাকা খরচ করে 'স্কাইওয়াক' চালু হয়েছে।

এছাড়াও পাটুলি অঞ্চলে ভাসমান বাজার তৈরি হয়েছে এবং জিঞ্জিরা বাজার থেকে বাটানগর পর্যন্ত 'সম্প্রীতি' নামে ফ্লাইওভার চালু হয়েছে।

MSME-যা রাজ্যে বিপুল কর্মসংস্থান সৃষ্টি করে, ২০১১ সালের ৩৬ লক্ষ ৩৪ হাজার ক্ষুদ্র ও মাঝারি MSME ইউনিট থেকে বেড়ে ২০১৮ সালে তা ৯০ লক্ষেরও বেশি ইউনিট হয়েছে। এই বিপুল সংখ্যা বৃদ্ধির জন্য শুধু ২০১৭-১৮ সালে মোট বিনিয়োগ দাঁড়িয়েছে ৫৫ হাজার কোটি টাকারও বেশি।

মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় রাজারহাটে ২০০ একর জায়গা নিয়ে বেঙ্গল সিলিকন ভ্যালি IT Hub তৈরি হচ্ছে। প্রধান প্রধান IT এবং ITES সম্পর্কিত কোম্পানিগুলি এখানে বিনিয়োগ করতে এগিয়ে এসেছে।

২০১৮'র BGBS (Bengal Global Business Summit)-এ দেশের ও দেশের বাইরে থেকে বিভিন্ন শিল্পপতি বিপুল সংখ্যায় যোগদান করেছেন। এই সম্মেলনে ৩২টি দেশ থেকে রেকর্ড সংখ্যক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এর ফলে শিল্পের বিভিন্ন ক্ষেত্রে প্রায় ১৪৫.৯৩ বিলিয়ন ডলার বিনিয়োগের প্রস্তাব এসেছে।

তাজপুরের গভীর সমুদ্রবন্দরকে রাজ্য সরকার ইতিমধ্যেই Notify করেছে এবং প্রারম্ভিক কাজ শুরু হয়েছে।

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন Flipkart নামের e-Commerce কোম্পানি হরিণঘাটায় প্রায় ১ হাজার কোটি টাকা বিনিয়োগ করে Logistic Hub তৈরি করছে, এখানে প্রায় ১০ হাজার নতুন কর্মসংস্থানের সম্ভাবনা তৈরি হয়েছে।

নতুন দিশা

মাননীয় সদস্যগণ, মাননীয়া মুখ্যমন্ত্রী কৃষকভাইদের জন্য কৃষকবন্ধু নামে একটি প্রকল্প চালু করেছেন। রাজ্যের ৭২ লক্ষ কৃষক ও ভাগচাষি যাঁদের জমির পরিমাণ ১ একর, তাঁরা ২ কিস্তিতে বার্ষিক সর্বোচ্চ ৫ হাজার টাকা অনুদান পাবেন। যাঁদের জমির পরিমাণ ১ একর-এর কম তাঁরা আনুপাতিক হারে এই অনুদান পাবেন। এই অনুদান কমপক্ষে ২ হাজার টাকা যা ১ হাজার টাকা করে দুটি কিস্তিতে বছরে ২ বার দেওয়া হবে।

এছাড়াও মৃত্যুর পর তাঁর পরিবার এককালীন ২ লক্ষ টাকা সহায়তা পাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি সাপেক্ষে বাজেট বিবৃতি ৪ নং বিভাগ পড়া হল বলে ধরে নিচ্ছি। এখন আপনার অনুমতি নিয়ে আমি সরাসরি ৫ নং বিভাগ থেকে (৫৭ পাতা) পড়া শুরু করছি।

৪

২০১৯-২০ রাজ্য বাজেটের বরাদ্দ এবং কয়েকটি গুরুত্বপূর্ণ বিভাগের সাফল্য কৃষি ও গ্রামীণ অর্থনীতির গতিশীল পদক্ষেপ

৪.১ কৃষি ও কৃষিজ বিপণন বিভাগ

রাজ্যে ২০১৭-১৮ সালে দানাশস্য, তৈলবীজ, ডাল উৎপাদিত হয়েছে যথাক্রমে ১৭৮.৪৭ লক্ষ মেট্রিক টন, ৪.৪৪ লক্ষ মেট্রিক টন এবং ১১.৩৩ লক্ষ মেট্রিক টন। বলাবাহুল্য বিগত ২০১৬-১৭ সালের খাদ্যশস্যের উৎপাদন ১৭২.৭৭ লক্ষ মেট্রিক টন, ২.৭৬ লক্ষ মেট্রিক টন এবং ৮.৯৪ লক্ষ মেট্রিক টন-এর থেকে যা অনেক বেশি।

রাজ্য সরকার ২০১২-১৩ সাল থেকে কৃষিতে প্রযুক্তি ব্যবহার বাড়ানোর জন্য জোর দিয়েছে। এর ফলস্বরূপ ২০১৮-১৯ সালে মোট ১২৫.৮১ কোটি টাকা কৃষকদের কৃষিসহায়ক উপকরণ কেনার জন্য ভর্তুকি দেওয়া হয়েছে। এর মধ্যে ৫৮.৮৭ কোটি টাকা ব্যয়ে ৩৮০টি কেন্দ্র গড়ে তোলা হয়েছে যেখান থেকে কৃষক ভায়েরা কৃষি উপকরণ পেতে পারে।

রাজ্য সরকার 'বাংলা ফসল বিমা যোজনা' নামে কৃষি বিমা সফলভাবে প্রচলন করেছে। আমাদের রাজ্যে চাষিদের প্রদেয় প্রিমিয়ামের অংশটিও পুরোপুরি রাজ্য সরকার দিচ্ছেন। কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনায় নানারকমভাবে বাধা দেওয়ার জন্য রাজ্যের চাষীদের স্বার্থে, মাননীয়া মুখ্যমন্ত্রী, সিদ্ধান্ত নিয়েছেন যে, এই প্রকল্প পুরোপুরি রাজ্যের তত্ত্বাবধানে পরিচালিত হবে। কেন্দ্রীয় সরকারের প্রদেয় (২০%) অংশও রাজ্য সরকারই মেটাবে। চলতি বছরের খারিফ মরশুমে ২৪ লক্ষ কৃষক এর অন্তর্ভুক্ত হয়েছেন।

কৃষকদের বার্ধক্য ভাতা প্রদান স্কিমের অধীনে ২০১৮-১৯ অর্থবর্ষে মাসিক ৭৫০ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার টাকা করা হয়েছে এবং এই স্কিমে সুবিধাভোগীর সংখ্যা ৬৬ হাজার। থেকে বেড়ে ১ লক্ষ করা হয়েছে।

মাননীয় সদস্যগণ, মাননীয়া মুখ্যমন্ত্রী কৃষকভাইদের জন্য কৃষকবন্ধু নামে একটি প্রকল্প চালু করেছেন। রাজ্যের ৭২ লক্ষ কৃষক ও ভাগচাষি যাঁদের জমির পরিমাণ ১ একর, তাঁরা ২ কিস্তিতে বার্ষিক সর্বোচ্চ ৫ হাজার টাকা অনুদান পাবেন। যাঁদের জমির পরিমাণ ১ একর-এর কম তাঁরা আনুপাতিক হারে এই অনুদান পাবেন। এই অনুদান কমপক্ষে ২ হাজার টাকা যা ১ হাজার টাকা করে দুটি কিস্তিতে বছরে ২ বার দেওয়া হবে।

এছাড়াও মৃত্যুর পর তাঁর পরিবার এককালীন ২ লক্ষ টাকা সহায়তা পাবে।

এই প্রকল্পের অন্য ভাগে রাজ্যের ১৮-৬০ বছর বয়স্ক কৃষক এবং ভাগচাষীদের কোনোরকম দুর্ভাগ্যজনক মৃত্যু হলে তাদের পরিবার এককালীন ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ পাবে।

সুফল বাংলা স্কিমের আওতায় ১০৫টি খুচরা বিক্রয়কেন্দ্রের ভিতর ৪৭টি বিপণি প্রোজেক্ট ম্যানেজমেন্ট ইউনিটের মাধ্যমে কার্যকর করা হয়েছে। বাকি ৫৮টি বিপণি ফার্মার্স প্রোডিউসার্স কোম্পানির (FPC) অধীনে কৃষকদের নিজস্ব অর্থে পরিচালিত হচ্ছে।

কৃষি যন্ত্রপাতির জন্য বিভিন্ন ভর্তুকি খাতে রাজ্য সরকার ১,৬০০ কোটিরও বেশি টাকা ইতিমধ্যেই সরাসরি কৃষকদের দিয়েছে।

২০১৮ সালে এই রাজ্যে ৬৩ লক্ষেরও বেশি কৃষককে খরা, বন্যা, ঝড়ঝঞ্ঝা ইত্যাদি থেকে ক্ষতিগ্রস্ত ফসলের ক্ষতিপূরণ বাবদ এ পর্যন্ত মোট ২,৪১৫ কোটি টাকা অ্যাকাউন্ট পেয়ি (Account Payee) চেকের মাধ্যমে বিতরণ করা হয়েছে।

রাজ্যে লোকসানে বিক্রি বন্ধ করতে ও ন্যায্যমূল্যে বিক্রয় ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যেতে প্রায় প্রতিটি ব্লকে 'কৃষক বাজার' তৈরি করে ৩২১টি 'ক্রয়কেন্দ্র' (Purchase Centre) খুলেছে রাজ্য সরকার এবং ২ হাজারটির মতো শিবিরও খোলা হয়েছে।

বিগত সাত বছর ধরে আমাদের রাজ্যের কৃষক পরিবারগুলির মোট আয় উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। ২০১০-১১'য় যা ছিল ৯১ হাজার টাকা সেখানে ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়ে তা ৩.২ গুণ বেড়ে হয়েছে ২ লক্ষ ৯০ হাজার টাকা (NSDP অনুসারে কৃষিখরচ বাদ দিয়ে)। ওই একই সময়ের মধ্যে কৃষি মজুরিও দ্বিগুণ হয়েছে।

আমাদের রাজ্যেও মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ব্লকস্তরে কৃষিকর্মের বিভিন্ন ধাপ অনুসারে ৪ হাজার জনকে 'কৃতীকৃষক', ২০০৩ জনকে 'কৃষকরত্ন' এবং রাজ্যস্তরে ৩৬১ জনকে 'কৃষক সম্মান' অর্পণ করা হয়েছে।

তথ্য-প্রযুক্তির মাধ্যমে (ICT) 'মাটির কথা' নামে একটি কৃষি পোর্টাল চালু করা হয়েছে। এর মারফত কৃষকদের সরাসরি SMS দ্বারা কৃষিসংক্রান্ত সমস্যা জানানো ও তার সমাধান পাবার ব্যবস্থা হয়েছে। কৃষকরা সরাসরি বাংলা ভাষার Call Centre ও অন্যান্য তথ্যকেন্দ্র থেকে তথ্য জানার সুবিধা পাচ্ছেন।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে কৃষি ও কৃষিজ বিপণন বিভাগের জন্য যথাক্রমে ৬,০৮৬ কোটি এবং ৩৫৯ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২ খাদ্য ও সরবরাহ বিভাগ

'খাদ্যসাথী' বর্তমান সরকারের এক যুগান্তকারী 'পথনির্দেশক' প্রকল্প, যার মাধ্যমে রাজ্যের গরীব মানুষদের খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করা হচ্ছে।

এখনও পর্যন্ত খাদ্যসাথী প্রকল্পে ৮.৮২ কোটি মানুষকে সরকার কম দামে খাদ্যশস্য সরবরাহ করছে।

খাদ্য সরবরাহ বিভাগ ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের যৌথ উদ্যোগে অপুষ্টিগ্রস্ত শিশুদের বিনামূল্যে মাসিক ৫ কেজি চাল, ২.৫ কেজি আটা-গম, ১ কেজি মুসুর ডাল এবং ১ কেজি বেঙ্গল গ্রাম (ডালশস্য) দেওয়া হচ্ছে।

গত ১.১২.২০১৮ থেকে রাজ্য সরকার দ্বারা পাইলট প্রকল্প হিসাবে রাজ্যে ৩৬৬টি Fair Price Shop-এ স্বয়ংক্রিয় e-POS মেশিন সফলভাবে বসানো হয়েছে। পরবর্তীকালে ২০ হাজার ২০০টি Fair Price Shop-এ e-POS মেশিন বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে।

চা-বাগিচার প্রত্যেকটি মানুষকে 'খাদ্যসাথী' প্রকল্পের আওতাভুক্ত করার উদ্দেশ্যে প্রতিটি চা বাগানে একটি করে মডেল Fair Price Shop রাজ্য সরকার তৈরি করছে, যার প্রথম পর্যায়ে ১২৬টি ইতিমধ্যেই তৈরি হয়ে গেছে এবং বাকি চা-বাগানগুলি ২০১৯-২০ সালের মধ্যে তৈরির কাজ শেষ হবে বলে আশা করা যায়।

আমি, খাদ্য ও সরবরাহ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৮,২৫৫ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ

২০১৮-১৯ অর্থবর্ষ থেকেই পশ্চিমাঞ্চল উন্নয়ন প্রকল্পের অধীনে পরীক্ষামূলকভাবে চালু হওয়া সারাবছর ব্যাপী উদ্যানজাত নানারকম সবজি ও ফলের চাষ শুরু হয়েছে।

২০১৮-১৯ অর্থবর্ষে এইরকম বাগিচা প্রসারণ কাজের আওতাভুক্ত ২ হাজার ৮৩৫ হেক্টর জমিতে বিভিন্ন রকমের মরশুমি ফল ও ৬৭৫ হেক্টর জমিতে বিভিন্ন প্রকার সবজির চাষের কাজ শুরু হয়েছে।

একইসঙ্গে ২০১৮-১৯ অর্থবর্ষে উত্তরবঙ্গের ছ'টি জেলায় পরীক্ষামূলকভাবে বাগিচা প্রসারণের কাজ শুরু হয়েছে।

এই রাজ্য থেকে বর্তমানে বিদেশে, বিশেষত ইউরোপীয় দেশসমূহে (EU)-এ, তাজা বাগিচাজাত দ্রব্য রপ্তানি হচ্ছে। সেই লক্ষ্যে এরাজ্যের উদ্যানপালক কৃষকদের পঞ্জিকরণের কাজ শুরু হয়েছে। এছাড়াও মধ্যপ্রাচ্য দেশগুলিতে এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে এই ধরনের রপ্তানির কাজে উৎসাহ দেওয়া হচ্ছে।

২০১৮-১৯ সালে বাগিচা তৈরি করার কাজে রাজ্যে প্রতিটি ২০০ বর্গ মি. ব্যাপী ৩৫২টি পলি হাউজ, শেড হাউজ ও গ্রিন হাউজ তৈরি হয়েছে যেখানে বিভিন্ন দামি ফুল ও সবজির চাষ ও পানের বরজ করা হয়েছে।

রাজ্যের ৩০টি কৃষি উৎপাদন সংস্থা তৈরি ও নথিভুক্ত করে কৃষকদের সংযুক্তিকরণ করার কাজ শুরু হয়েছে।

২০১৮-১৯ বর্ষে আরও দুটি বহুমুখী হিমঘর তৈরির জন্যে আর্থিক সহযোগিতা দেওয়া হয়েছে।

চাষের অগ্রগতির স্বার্থে রাজ্যের প্রত্যন্ত অঞ্চলের মৌ-পালকদের এক ছাতার তলায় আনার চেষ্টা চলছে। এই লক্ষ্যে উত্তর ২৪ পরগনার দেগঙ্গায় একটি রাজ্যস্তরের 'হানি হাব' তৈরি হচ্ছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের জন্য ১৯০ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৪ প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগ

রাজ্য সরকার পশুপালকদের অতিরিক্ত রোজগারের সুবিধার্থে প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগের মাধ্যমে ১০ লক্ষ হাঁস-মুরগি পালকদের রেকর্ড পরিমাণ হাঁস ও মুরগির ছানা বিতরণ করার ফলে, রাজ্যে বার্ষিক ডিমের উৎপাদন আশানুরূপভাবে ১৩ শতাংশ বৃদ্ধি হয়েছে। ফলত ২০১৭-১৮ অর্থবর্ষে ডিমের উৎপাদন ৭৬০ কোটি থেকে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ অর্থবর্ষে ৮৬০ কোটি হয়েছে।

সরকার হাঁস-মুরগি পালনে উৎসাহ দিতে 'স্টেট ইনসেনটিভ স্কিম-২০১৭'র আওতায় কমার্শিয়াল লেয়ার পোল্ট্রি ফার্ম এবং পোল্ট্রি ব্রিডিং ফার্ম চালু করেছে এবং আশা করা যায় ২০১৯ অর্থবর্ষে এই ফার্মগুলি থেকে ১২ কোটি ডিম উৎপাদিত হবে।

রাজ্য সরকার দুধের কো-অপারেটিভ সদস্যদের মধ্যে লিটার প্রতি ২ টাকা করে উৎসাহজনক সংগ্রহ মূল্য প্রদান চালু করার ফলে দুধের সংগ্রহ ১৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এর ফলে রাজ্য দুগ্ধ সমবায় (State Milk Federation) প্রতিদিন ২.৩৭ লক্ষ লিটার দুধ সংগ্রহ করছে।

সরকার দার্জিলিং জেলার ফাঁসিদেওয়া ব্লকে ৩৬.২৫ কোটি টাকা ব্যয়ে দিন প্রতি ৮ মেট্রিক টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন একটি করে মুরগির মাংস (Chicken) ও শূকর মাংস (Pork) প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করেছে। বর্তমান অর্থবর্ষে এর কাজ শুরু হয়ে যাবে।

নদিয়ার কল্যাণীতে প্রতিদিন ১.৫ মেট্রিক টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন মাছেদের খাদ্য প্রস্তুতের একটি নতুন ভাসমান খামার তৈরি হয়েছে। চলতি বছরের (২০১৮) এপ্রিল থেকে এর কাজ শুরু হয়ে গেছে।

কল্যাণীতে প্রাণীদের জন্য অঞ্চলভিত্তিক 'খনিজ মিশ্রণ প্রকল্প'ইতিমধ্যেই চালু হয়ে গেছে।

আমি, প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,১১৫ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৫ মৎস্য

২০১৮-১৯ বর্ষে বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রমের ভিত্তিতে মৎস্য উৎপাদনের পরিমাণ ১৭.৭২ লক্ষ মেট্রিক টনের লক্ষ্যমাত্রাকে সম্পূর্ণ করতে পারবে। মীনচাষের লক্ষ্যমাত্রা ইতিমধ্যেই ২১ হাজার ৫০০ মিলিয়ন ছুঁয়েছে।

সামাজিক মৎস্যচাষের উপর জোর দেওয়া হয়েছে। বিভিন্ন সামাজিক মৎস্যচাষ প্রকল্পগুলি নেওয়া হয়েছে যেমন –'জল ধরো জল ভরো', ছোটো জলাশয়গুলিতে মৎস্যচাষ, OCP পদ্ধতিতে মৎস্যচাষ প্রভৃতি। প্রকল্পগুলি ৩১শে মার্চ ২০১৯-এর মধ্যে শেষ হবে। মোট প্রকল্প ব্যয় ধরা হয়েছে ৫১.৮ কোটি টাকা। ১১.১১ কোটি টাকা খরচ করে চলতি অর্থবর্ষে রেপ্লিকেশন অব 'ময়না মডেল'নামে বড়ো মাছ চাষের অগ্রণী প্রকল্প ১০টি জেলায় সরকার হাতে নিয়েছে।

২০১৮-১৯ বর্ষে ১৫.০৮ কোটি টাকা খরচ করে ন্যূনতম ১ হেক্টর পরিসীমাযুক্ত ১৭৪টি জলাশয়ে মাছের পোনা তৈরি করে ২ কেজির বেশি বড়ো মাছ উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করা হয়েছে।

বোলপুরে এবং গঙ্গারামপুরে হিমঘর নির্মাণ, কাকদ্বীপে মৎস্যবন্দর নির্মাণ, নারায়ণপুরে আইস প্ল্যান্ট নির্মাণ এবং ফ্রেজারগঞ্জে মৎস্যবন্দর নির্মাণের কাজ শেষ হয়েছে। চলতি অর্থবর্ষে ৭.২৮ কোটি টাকা খরচ করে Cold Chain System (হিমায়িতকরণ) স্কিমটি নেওয়া হয়েছে।

১৪.১৯ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে আদিবাসী উন্নয়নের লক্ষ্য নিয়ে রাজ্যের বিভিন্ন অঞ্চলে আবাস তৈরি এবং শিঙি, মাগুর, IMC চাষের মতো বিভিন্ন বন্দোবস্ত করা হয়েছে।

৫টি সরকারি মৎস্য খামারের উন্নতিকরণ করা হচ্ছে যার জন্য ৩.৪৯ কোটি টাকা খরচ হয়েছে।

Norwegian Institute of Food Fisheries & Aquaculture Research (NOFIMA)-এর সাথে বদ্ধ জলাশয়ে ইলিশ মাছ ব্রিডিং তথা উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য বিভাগ চুক্তিবদ্ধ হয়েছে।

আমেরিকার অ্যারিজোনা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় পশ্চিমবঙ্গে বাগদা চিংড়ির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে 'রোগনির্ণায়ক পরীক্ষণ কেন্দ্র' গঠনের কাজ হাতে নেওয়া হয়েছে।

৫১.৮৪ কোটি টাকা প্রকল্প ব্যয়ে দক্ষিণ দিনাজপুরের তপনদিঘির পুনঃসংস্কার ও উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে।

[2:40 p.m. – 2:50 p.m.]

উত্তর ২৪ পরগনার স্বরূপনগরের বিলবল্লিতে ৩২.৪০ কোটি টাকা খরচ করে আধুনিক ল্যাবরেটরি সুবিধাযুক্ত, Ice Plant সহ মজুতঘর এবং নিলাম ঘরযুক্ত একটি মৎস্যকেন্দ্র গড়ে তোলা হয়েছে।

সামুদ্রিক মৎস্যজীবিদের প্রায় ২ লক্ষ ৫২ হাজার বায়োমেট্রিক পরিচয়পত্র বিলি করা হয়েছে।

১০.৫২ কোটি টাকা প্রকল্প ব্যয়ে নোনা জলে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প ও অন্যান্য স্কিম চালু করা হয়েছে।

আমি, মৎস্য বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪৫২ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৬ পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগ

সমগ্র দেশের মধ্যে আমাদের রাজ্য মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ রোজগার গ্যারান্টি (MGNREGA) স্কিমের অধীনে গৃহীত কর্মসূচি দেশের মধ্যে সব থেকে সার্থকভাবে রূপায়িত করেছে। ধারাবাহিকভাবে ২০১৭-১৮ সালে এই রাজ্য ৩১.২৫ কোটি কর্মদিবস সফলভাবে কার্যকর করেছে যা অন্যান্য রাজ্যের তুলনায় অনেক এগিয়ে। ২০১৮ সালের নভেম্বর পর্যন্ত ২১.৬৪ কোটি কর্মদিবস রূপায়িত করে রাজ্য সেই প্রথম স্থান দখলে রাখতে সক্ষম হয়েছে। আমাদের রাজ্যের পরেই অন্ধ্রপ্রদেশের স্থান (১৮.৪৬ কোটি কর্মদিবস)।

MGNREGA স্কিমের অধীনে বৃষ্টিনির্ভর রাজ্যের পশ্চিমাঞ্চলের নদীগুলির এবং ভূগর্ভস্থ জলাশয়গুলির ব্যাপক আকারে নব রূপায়ণ ও সংস্কারের কাজ চলছে। 'ঊষরমুক্তি' নামে এই প্রকল্পে এই অঞ্চলের ছটি জেলার প্রায় ৫৫টি ব্লকে এই ধরনের কাজ চলছে। একইরকমভাবে,

দার্জিলিং পার্বত্য অঞ্চলের 'স্প্রিংশেড ডেভেলপমেন্ট প্রোগ্রাম' নামে পার্বত্য জলের উৎস বিভিন্ন শীর্ণ ঝরনার সংস্কার ও রূপায়ণের কাজ চলছে।

তৃতীয় বৃহৎ কর্মসূচি হিসাবে 'মিশন মিলিয়ন ড্রিমজ্' নামে আরও একটি উদ্যোগ নেওয়া হয়েছে – যার মধ্যে প্রধানত রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীগুলির অধীনস্থ ১০ লক্ষ মহিলাকে অন্তর্ভুক্ত করে দু'বছর যাবৎ তাদের জীবিকা নির্বাহের জন্য সম্পদ প্রদানের কর্মসূচী নেওয়া হয়েছে।

'বাংলার আবাস যোজনা'য় এখনও পর্যন্ত সর্বমোট প্রায় ৫ হাজার ৮৬৭ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে। বলা বাহুল্য, এই অর্থবর্ষের বাজেটে ধার্য ছিল ১ হাজার ৮০ কোটি টাকা এবং এই স্কিমে এই বছরে ৫ লক্ষ ৭৬ হাজার ৩৫৫টি বাড়ি তৈরির অনুমোদন দেওয়া হয়েছে।

অক্টোবর ২০১৮ পর্যন্ত বাংলা গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পের খাতে ৯২৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বলা বাহুল্য, এবছর এই খাতে ব্যয় সর্বাধিক হবে বলে আশা করা যায়।

চলতি আর্থিক বছরে সর্বমোট ৫ হাজার ৭৫০ কি.মি. নতুন রাস্তা তৈরির কাজ বিভিন্ন পর্যায়ে এগিয়ে চলছে। এখনও পর্যন্ত এই আর্থিক বছরে ১ হাজার ১৭০ কি.মি. নতুন রাস্তা তৈরি হয়েছে এবং অবশিষ্ট কাজও দ্রুত গতিতে এগিয়ে চলছে।

এই একই সময়ে গ্রামীণ রাস্তা সংরক্ষণের জন্য গ্রামীণ সড়ক যোজনা খাতে মোট ১৩৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

আগামী ২০১৯-২০ অর্থবর্ষে এই প্রকল্পের বাকি কাজ অর্থাৎ গ্রামীণ সড়ক যোজনার (PMGSY-I) অসমাপ্ত ৩ হাজার ২২৮ কি.মি. রাস্তা তৈরির কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

'মিশন নির্মল বাংলা' প্রকল্পের অধীনে আরও পাঁচটি জেলা; যথা— হুগলি, উত্তর ২৪পরগনা, পূর্ব মেদিনীপুর, দক্ষিণ ২৪-পরগনা এবং কুচবিহারকে উন্মুক্ত শৌচ মুক্ত (ODF) জেলা ঘোষণা করা হয়েছে। খুব শীঘ্রই রাজ্যের মালদা, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান এবং হাওড়া জেলাকে এই স্বীকৃতি দেওয়ার প্রচেষ্টা চলছে। ২০১৯-এর ৩১শে মার্চের মধ্যেই পশ্চিমবঙ্গ ODF রাজ্যের মর্যাদা পাবে বলে আশা করা হচ্ছে।

'National Social Assistance Program' (NASP) কর্মসূচির অধীনে বার্ধক্যভাতা, বিধবাভাতা, কর্মক্ষমভাতা ইত্যাদি চালু আছে। বর্তমানে এর আওতায় ২২.২৮ লক্ষ ভাতা প্রাপককে ব্যাঙ্ক ও পোস্ট-অফিসের মাধ্যমে অর্থ প্রদান করা হয়।

এই রাজ্যে NRLM এর অধীনে 'আনন্দধারা' প্রকল্পে ৬ লক্ষ ৭৪ হাজার ৪৭২ জন মহিলাকে সঙ্গে নিয়ে গ্রামীণ স্তরের স্বনির্ভর গোষ্ঠী তৈরি হয়েছে। অক্টোবর ২০১৮ পর্যন্ত, গ্রাম সংসদ স্তরের স্বনির্ভর গোষ্ঠীকে নিয়ে ৩৭ হাজার ৩৫৩টি উপসংঘ এবং গ্রাম পঞ্চায়েত স্তরের স্বনির্ভর গোষ্ঠীকে নিয়ে ৩ হাজার ২৬৬টি সংঘ গড়ে উঠেছে।

২০১৭-১৮ সালে ৪ লক্ষ ৪৪ হাজার ৩২৭টি স্বনির্ভর গোষ্ঠী ৮ হাজার ১৫৫.৯৭ কোটি টাকা ঋণ গ্রহণের সুবিধা এবং ২০১৮-১৯ সালের অক্টোবর পর্যন্ত ২ লক্ষ ৭ হাজার ১৭৫টি স্বনির্ভর গোষ্ঠী মোট ৪ হাজার ৫০৪.৫০ কোটি টাকা পেয়েছেন। এই সুযোগ বৃদ্ধি করে ৫ লক্ষ ১১ হাজার ৮৭৪টি স্বনির্ভর গোষ্ঠীকে ১২ হাজার ৩৭৪.৭৮ কোটি টাকার ঋণের সুবিধা দেওয়ার পরিকল্পনা চলছে। উল্লেখ্য, স্বনির্ভর গোষ্ঠীকে ব্যাঙ্কিং সহায়তা দেওয়ার কাজে আমাদের রাজ্য জাতীয় পুরস্কার পেয়েছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের জন্য ২০,৪২২ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৭ সেচ ও জলপথ পরিবহন বিভাগ

রাজ্যের প্রায় অতিরিক্ত ৩০ হাজার একর জমি ২০১৮-১৯ অর্থবর্ষে বিভিন্ন সেচ প্রকল্পের মাধ্যমে সেচসেবিত এলাকার আওতাভুক্ত হয়েছে। সঙ্গে উত্তরবঙ্গের বন্যাপ্রবণ এলাকাগুলিতে ভূমিক্ষয়রোধ ও বন্যা নিয়ন্ত্রণ করতে প্রায় ১৩৮ কি.মি. দীর্ঘ নদীবাঁধ দেওয়ার কাজ শেষ করা হয়েছে।

এই আর্থিক বছরে রাজ্যে ১৩৬ কি.মি. দীর্ঘ নিত্যবহ খাল নতুন করে খননের কাজ ইতিমধ্যেই শেষ করা হয়েছে।

সেচ ও বন্যা নিয়ন্ত্রণের পরিকাঠামোগত ব্যবধান কমিয়ে আনতে ১২টি প্রকল্প চিহ্নিত করা গেছে। এর মধ্যে পরিকাঠামোগত দিক থেকে 'রিহ্যাবিলিটেশন' ও 'রিজুভিনেশন' নামে দুটি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে যার মধ্যে প্রায় ৫৭টি ক্ষুদ্র ও মাঝারি মাপের সেচ কর্মসূচির কাজ চলছে—যাতে করে প্রায় ২৪ হাজার ৬২০ একর জমিকে সেচ সক্ষমতার আওতায় আনা হবে এবং একই সঙ্গে ৩৭৩টি পুরোনো ও ক্ষয়প্রাপ্ত জলাশয় ও খাল পারাপারের ব্রিজকে সারিয়ে তোলার কাজ হবে। এই দুটি কাজই শুরু হয়েছে।

২০১৯-২০ সালের মধ্যে সমস্ত প্রাক-প্রারম্ভ প্রক্রিয়া সম্পূর্ণ করে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় 'পশ্চিমবঙ্গ বৃহৎ সেচ ও বন্যা নিয়ন্ত্রণ' প্রকল্পের কাজ শুরু করা হবে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে সেচ ও জলপথ পরিবহন বিভাগের জন্য ৩,১৮৫ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৮ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ

রাজ্যে ২০১৮-১৯ সালে ৫৫ হাজার হেক্টর জমিকে সেচ সম্ভাব্য জমিতে পরিণত করার জন্য ক্ষুদ্র সেচসহ অন্যান্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

চলতি বছরে 'জল ধরো জল ভরো' প্রকল্পের অধীনে ২৯ হাজার ১৩৫টি জলাশয়। খনন ও সংস্কারের কাজ শেষ হয়েছে।

এছাড়াও 'জলতীর্থ' এবং বৃষ্টির জল সংরক্ষণসহ অন্যান্য কর্মসূচির আওতায় সেচ ব্যবস্থা প্রসারিত করতে রাজ্যের খরাপ্রবণ জেলাগুলিতে ৪৪৮টি ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে যার ফলে ২০ হাজার ৬৬০ হেক্টর জমিকে সেচসেবিত জমিতে পরিণত করা হয়েছে। জলতীর্থ প্রকল্পকে সুন্দরবন এবং দার্জিলিং ও কালিম্পং জেলার পার্বত্য অঞ্চলে বৃষ্টির জল সংরক্ষণের কাজে প্রসারিত করা হচ্ছে।

চলতি আর্থিক বছরে, ২০১৮'র ডিসেম্বর পর্যন্ত RIDF (Rural Infrastructure Development Fund)-এর মাধ্যমে ১ হাজার ২৮৭টি ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ শেষ হয়েছে যার ফলে ২৫ হাজার ২৬৮ হেক্টর জমি সেচ সম্ভাব্য করে তোলা হয়েছে।

রাজ্যে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় West Bengal Accelerated Development of Minor Irrigation Project (WBADMIP)-র অধীনে ২০১৮'র ডিসেম্বর পর্যন্ত ১৩৪টি ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ শেষ হয়েছে যার ফলস্বরূপ অতিরিক্ত ৩ হাজার ২ হেক্টর জমি সেচসেবিত করা হয়েছে।

পুনর্নবীকরণযোগ্য শক্তির ব্যবহারের লক্ষ্যে ৮৭৬টি প্রকল্পে ৯ হাজার ৮২ হেক্টর সেচ সম্ভাব্য জমিতে সৌরবিদ্যুৎ চালিত সেচব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়াও জলসম্পদ বৃদ্ধির প্রতি সজাগ দৃষ্টি রেখে ক্ষুদ্র সেচব্যবস্থা যেমন সিঞ্চন (Sprinkler) সেচব্যবস্থাকে কাজে লাগানো হচ্ছে। এর মধ্যে অন্তত ১৯১টি প্রকল্প সৌরবিদ্যুৎ চালিত এবং এর ফলে ২ হাজার ৫ হেক্টর জমি সেচসেবিত করা হয়েছে।

আমি, জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৩০৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৯ সমবায় বিভাগ

রাজ্যের ২৯ হাজারেরও বেশি সমবায় সমিতি ৮০ লক্ষ সদস্য নিয়ে কৃষি, বিপণন, উপভোক্তা, আবাসন এবং পরিষেবা ক্ষেত্রগুলিতে বিপুল সাফল্য নিয়ে কাজ করছে।

২০১৮-১৯ অর্থবর্ষে এই বিভাগ মোট ২ হাজার ৩৬৪.৬৬ কোটি টাকা ব্যয় করে ৯ লক্ষ ৩৩ হাজার ১৯২ জন কৃষক সদস্যকে কৃষি ঋণ দিয়ে সাহায্য করেছে। ২০১৮-১৯ অর্থবর্ষে ৫.০৩ কোটি টাকা খরচ করে ৮টি গুদামঘর তৈরি হয়েছে। এখানে মোট ১১ হাজার ৪৫৬ মেট্রিক টন খাদ্যশস্য মজুত করা সম্ভব হবে। একই সঙ্গে আরও ৩টি ৪ হাজার ২৯৬ মেট্রিক টন ক্ষমতা সম্পন্ন গুদামঘর তৈরির কাজ এই বছরেই শেষ হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। এর জন্য খরচ ধরা হয়েছে ১.৮৯ কোটি টাকা।

ওই একই সঙ্গে এই অর্থবর্ষে বিভিন্ন সমবায় সমিতিতে ৪.৩৭ কোটি টাকা ব্যয়ে ২ হাজার ৫০০ মেট্রিক টন ক্ষমতা সম্পন্ন ২৫টি গ্রামীণ শস্যাগার তৈরি করা হয়েছে।

বিগত ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ সালের পরিকল্পনা অনুযায়ী ৬৭.১৮ কোটি টাকা ব্যয়-বরাদ্দ ধরে ৪৯ হাজার মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন যে ৬টি হিমঘর তৈরির প্রক্রিয়া চলছিল তার মধ্যে ৪টি হিমঘর সম্পূর্ণ হয়েছে। বাকি দুটিও চলতি অর্থবর্ষে শেষ হয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

২০১৮-১৯ অর্থবর্ষে আরও ২৩টি গুদামঘর তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে যেখানে আরও ১০ হাজার মেট্রিক টন খাদ্যশস্য মজুত করা সম্ভব হবে। আর এর জন্য মোট ব্যয় ধরা হয়েছে ২৪০ কোটি টাকা।

৬ হাজার ৬৪৬টি নতুন স্বনির্ভর গোষ্ঠী তৈরি হওয়ার ফলে এখন স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা ২ লক্ষ ৮ হাজার ৯৮০ হয়েছে। আরও ৩ হাজার ১১৪টি নতুন স্বনির্ভর গোষ্ঠীকে ঋণ দেওয়ার ফলে এধরনের স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা বেড়ে ১ লক্ষ ৮১ হাজার ৭৮২ হয়েছে। এই সমস্ত ক্ষেত্রেই স্বনির্ভর গোষ্ঠীগুলিকে চলতি অর্থবর্ষে ঋণদানের খরচ ধরা হয়েছে ৩৫৬ কোটি টাকা।

২০১৭-১৮ KMS বর্ষে রাজ্যের কিষাণ মান্ডিগুলি থেকে মোট ৩২.২৩ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ করা হয়েছে যার মধ্যে সমবায় সমিতিগুলি থেকে ২০.৫৬ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে বেনফেড (BENFED) এবং কনফেড (CONFED) এর মাধ্যমে ধান সংগৃহীত হয়েছে ৫.৯৯ লক্ষ মেট্রিক টন।

বর্তমানে এই রাজ্যে 'সুফলা' কর্মসূচি রূপায়িত হওয়ার ফলে ৬টি জেলার ১৬টি সমবায় সংস্থা দ্বারা পরিচালিত প্রায় ৩০টির মতো 'সুফলা' বিতরণ কেন্দ্র থেকে শস্য বিতরণ করা হচ্ছে। এছাড়াও বৃহত্তর অঞ্চলে সুবিধাদান নিশ্চিত করতে ১০টি জেলায় ৮১টি চলমান 'সুফলা' কেন্দ্র চালু করা হয়েছে।

রাজ্যের অনুন্নত অঞ্চলের মানুষজনকে আর্থিক সুবিধা দেওয়ার জন্য বিশেষত ব্যাঙ্কবিহীন অঞ্চলগুলিতে সমবায় সমিতির মাধ্যমে প্রায় ২ হাজার ৬৩১টি PACS কেন্দ্রে গ্রাহক পরিষেবা কেন্দ্র (CSP) তৈরি করা হয়েছে। এখনও পর্যন্ত ১ হাজার ৭২০ PACকে ১৫৬ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে।

গ্রামীণ স্তরের প্রস্তাবিত ১ হাজার টি সমবায় সমিতির মধ্যে এখনও পর্যন্ত ৩০২টি সমবায় সমিতিকে ফার্ম মেশিনারি হাব (Custom Hiring Centre)-এর মাধ্যমে ভাড়া দেওয়ার শর্তে কৃষি প্রযুক্তি সহায়ক যন্ত্রপাতি স্বল্পমূল্যে কাজের জন্য দেওয়া হচ্ছে। এখনও পর্যন্ত ৯১.৬০ কোটি টাকা এই প্রকল্পে খরচ করা হয়েছে।

রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের আর্থিকভাবে সবল করে তুলতে নতুন একটি উদ্যোগ শুরু হয়েছে। বিভিন্ন গ্রামীণ সমবায় সমিতির মাধ্যমে এই গোষ্ঠীর মহিলারা হাঁস-মুরগি পালন এবং ছাগল প্রজননের কাজে যুক্ত হয়েছেন। সমবায় বিভাগ এরকম প্রায় ২৫ হাজারটির মতো স্বনির্ভর গোষ্ঠীকে হাঁস-মুরগি ও ছাগল প্রতিপালনের জন্য ঋণ হিসেবে প্রায় ৩১.৫০ কোটি টাকা খরচ হয়েছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে সমবায় বিভাগের জন্য ৪২৪ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১০ বন বিভাগ

গাছ সংরক্ষণ ও বনসৃজনকে উৎসাহিত করতে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের 'সবুজশ্রী' প্রকল্প শুরু হয়েছে। এই প্রকল্পে রাজ্যের প্রতিটি নবজাতককে উন্নত মানের চারাগাছ দেওয়া হচ্ছে। এখনও পর্যন্ত ২৪ লক্ষ প্রসূতি মাকে এই প্রকল্পে চারাগাছ বিতরণ করা হয়েছে।

রাজ্যে ২০১৮-১৯ অর্থবর্ষে এখনও পর্যন্ত প্রায় ৯ হাজার ৫০৮ হেক্টর জমিকে বনসৃজনের আওতায় আনা হয়েছে। এছাড়াও প্রায় এক কোটি চারাগাছ জনসাধারণ এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে বিতরণ করা হয়েছে।

পশ্চিমবঙ্গ অরণ্য উন্নয়ন সংস্থা (WBFDC) বনজ সম্পদের বিক্রয় ই-অকসন (e-auction)-এর মাধ্যমে শুরু করেছে। ২০১৮-১৯ অর্থবর্ষে ৬৫৭টি e-auction-এর মাধ্যমে ১২৮.৬০ কোটি টাকা মূল্যের প্রায় ১৩.৪৩ লক্ষ খুঁটি এবং ২৩ হাজার ৭৯৪ ঘনমিটার দামি কাঠ ও ৮৭ হাজার ২৫২ ঘনমিটার জ্বালানি কাঠ বিক্রি করা হয়েছে। সুন্দরবন অঞ্চলের মধু সংগ্রহকারিদের থেকে চলতি অর্থবর্ষে ২৮.২৪ মেট্রিক টন অপরিশোধিত মধু সংগ্রহ করা হয়েছে।

'জলতীর্থ' প্রকল্পের মাধ্যমে দক্ষিণবঙ্গের খরাপ্রবণ বাঁকুড়া ও পুরুলিয়ায় ৪৩টি প্রকল্পের কাজ ২০১৮'র অক্টোবরেই শেষ হয়েছে। এর ফলে ১ হাজার ৭০০ হেক্টর-এর বেশি জমি কৃষি জমিতে পরিণত করা সম্ভব হয়েছে।

এই রাজ্যে JICA'র অধীনে ৬০০টি JFMC-র বনাঞ্চল ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্প এবং গোষ্ঠী পরিকাঠামোগত উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

শিলিগুড়িতে বাঘ এবং চিতাবাঘ সাফারি সমেত বেঙ্গল সাফারি পার্কের প্রথম পর্যায়ের কাজ নির্ধারিত সময়ের আগেই শেষ হয়েছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে বন বিভাগের জন্য ৮৫০ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

সামাজিক পরিকাঠামো

৪.১১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

রাজ্য বাজেটে 'সকলের জন্য নিখরচায় চিকিৎসা' খাতে ব্যয়-বরাদ্দ ২০১১-১২ সালের ২৯৬.১৬ কোটি টাকা থেকে বর্তমান বছরে (২০১৮-১৯) ১,২৩১.৫২ কোটি টাকা হয়েছে।

কুচবিহার, রায়গঞ্জ, রামপুরহাট, পুরুলিয়া এবং ডায়মন্ড হারবার এই ৫ জায়গায় একটি করে নতুন সরকারি মেডিক্যাল কলেজ গড়ে তোলার কাজ চলছে। এছাড়াও আরও ৫টি সরকারি মেডিক্যাল কলেজ তৈরির প্রক্রিয়া শুরু হয়েছে যেগুলি হবে – তমলুক, বারাসাত, ঝাড়গ্রাম,

আরামবাগ ও উলুবেড়িয়াতে। রাজ্যে এর ফলে MBBS-এর আসন সংখ্যা আরও ১ হাজারটি বৃদ্ধি পাবে।

এখন রাজ্যে ৩৮টি সুপার স্পেসালিটি হাসপাতাল পুরোদমে পরিষেবা দেবার কাজ করছে। শ্রীরামপুরে আরও একটি নতুন সুপার স্পেসালিটি হাসপাতাল (SSH) সম্পূর্ণভাবে চালু হয়ে গেছে।

রাজ্যের শিশুমৃত্যুর হার কমে ২০১১ সালের প্রতি হাজারে ৩২ জনের জায়গায় বর্তমান বছরে (২০১৮) ২৫ জনে নেমে এসেছে।

রাজ্যে ২,২১৭টি শয্যাসহ ৭০টি নবজাতক শুশ্রূষা কেন্দ্র (SNCU) দুর্বল নবজাতক শিশুকে সর্বতভাবে চিকিৎসা পরিষেবা দিচ্ছে।

এছাড়াও পরিকল্পিত ১৫টি শিশু চিকিৎসা বিভাগ Paediatric Intensive Care Unit (PICU)-এর মধ্যে এখন ১২টি পুরোদমে পরিষেবা দিচ্ছে। বাকি ৩টিও ২০১৯-এর সেপ্টেম্বরের মধ্যে কাজ শুরু করে দেবে।

এখন রাজ্যে শিশু টিকাকরণের কাজ ১০০ শতাংশ হচ্ছে।

রাজ্যের প্রধান হাসপাতালগুলিতে প্রসূতি মা ও নবজাতকদের বিশেষ যত্ন নিতে ১৩টি 'মাদার অ্যান্ড চাইল্ড হাব' (M & CH) খোলা হয়েছে।

রাজ্য সরকারের সদিচ্ছা ও প্রচেষ্টায় প্রসূতি সদনে (Institutional Delivery) শিশু জন্মের হার ২০১০ সালের ৬৫% থেকে ২০১৮-য় বেড়ে ৯৭.৫% হয়েছে।

রাজ্যের হাসপাতালগুলিতে এখন ৯২টি উচ্চ ক্ষমতাসম্পন্ন ন্যায্যমূল্যে রোগ নির্ণয় কেন্দ্র খোলা হয়েছে। এর মধ্যে রয়েছে ১৭টি MRI নির্ণয় কেন্দ্র, ৩৬টি CT Scan কেন্দ্র এবং ৩৯টি ডিজিটাল এক্সরে কেন্দ্র। এছাড়াও ৩৪টি ডায়ালিসিস কেন্দ্র চালু হয়েছে। ডিসেম্বর ২০১৬ থেকে বিভিন্ন জেলার ২৭ লক্ষ অসুস্থ মানুষ বিনামূল্যে রোগনির্ণয় পরিষেবা লাভ করেছেন।

রাজ্যে সকলকে চিকিৎসা পরিষেবা দিতে 'স্বাস্থ্যসাথী' নামে চালু স্বাস্থ্য প্রকল্পে রাজ্য সরকার সম্পূর্ণ বিমার ব্যয়ভার গ্রহণ করেছে। ৫৩.৩১ লক্ষ পরিবার এই স্কিমে নথিভুক্ত হয়েছে। এর ফলস্বরূপ ২০১৮ নভেম্বর পর্যন্ত ৩ লক্ষ ৩৮ হাজার ৩৮৫ জন রোগীর পরিষেবা বাবদ ৩৩৩.৭৩ কোটি টাকার ব্যয়ভার রাজ্য সরকার বহন করেছে।

উল্লেখ্য, রাজ্যের বেসরকারি চিকিৎসা পরিষেবাকে স্বচ্ছতা ও আয়ত্তের মধ্যে আনতে রাজ্য সরকার West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Act 2017 গঠন করেছে। এর অধীনে West Bengal Clinical Establishments Regulatory Commission-ও তৈরি করা হয়েছে।

রাজ্য সরকার রাজ্যের প্রত্যন্ত ক্ষেত্রে স্বাস্থ্য পরিষেবা প্রসারিত করার জন্য 'এক্সচেঞ্জ' (Exchange) নামে একটি জনসংযোগমূলক ব্যবস্থা চালু করেছে। এই প্রকল্পে রাজ্যের সিনিয়র

অফিসাররা জেলা পরিদর্শন করবেন এবং DM, CMOH এবং আশাকর্মীদের সাথে কথা বলবেন।

আমি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯,৫৫৬ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১২ বিদ্যালয় শিক্ষা বিভাগ

রাজ্যের প্রতিটি সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক বিভাগ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বিনামূল্যে ১৩ কোটিরও বেশি পাঠ্যপুস্তক প্রদান করা হয়েছে। প্রাথমিক থেকে উচ্চপ্রাথমিক পর্যন্ত ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যে স্কুল ইউনিফর্ম দেওয়ারও ব্যবস্থা করা হয়েছে।

'কুক্ড্ মিড-ডে মিল প্রোগ্রাম'কর্মসূচির অধীনে রাজ্যের ৭১.৩৮ লক্ষ প্রাথমিক এবং ৪১.৬৬ লক্ষ উচ্চ-প্রাথমিক ছাত্রছাত্রীদের রান্না করা খাবার সরবরাহ করা হয়। এই কর্মসূচি রূপায়ণে ২৬৮টি রান্নাঘর এবং ১ হাজার ৩৭৫টি খাবার ঘর (Dining Hall) তৈরি করতে ৭৬৯.১৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

রাজ্যে ১৫২টি নতুন বিদ্যালয় তৈরির কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে এই রাজ্যে ৫১টি মডেল স্কুল চলছে। ১৫৭টি বিদ্যালয়কে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে উন্নীত করা হয়েছে। ইতিমধ্যে পড়ানোর জায়গা বাড়ানোর জন্য ১ হাজার ৫১৩টি অতিরিক্ত ক্লাসরুম তৈরি করা হয়েছে।

৮৩০টি মাধ্যমিক বিদ্যালয়কে গ্রন্থাগার ও ৭৪৮টি উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়কে ল্যাবরেটরি খোলার অনুদান দেওয়া হয়েছে।

আমি, বিদ্যালয় শিক্ষা বিভাগের জন্য ২০১৯-২০ অর্থবর্ষে ২৭,৫৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৩ উচ্চশিক্ষা

বিগত সাড়ে সাত বছর ধরে রাজ্যের উচ্চশিক্ষা ক্ষেত্রে এক বিপুল ও দৃষ্টান্তমূলক কর্মযজ্ঞ শুরু হয়েছে।

২০১১ সালের ১২টি বিশ্ববিদ্যালয়ের জায়গায় এই মুহূর্তে রাজ্যে ৩০টি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। এর মধ্যে ২০টি রাজ্য পরিপোষিত এবং ১০টি বেসরকারি শাসিত। এছাড়া আরও ৮টি নতুন রাজ্য পোষিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হতে চলেছে। এগুলি হল – বোলপুরের বিশ্ববাংলা বিশ্ববিদ্যালয়, ঝাড়গ্রামের ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয়, হুগলির রানি রাসমণি গ্রিন বিশ্ববিদ্যালয়, পূর্ব মেদিনীপুরের মহাত্মা গান্ধী বিশ্ববিদ্যালয়, দার্জিলিঙের মংপুতে দার্জিলিং পার্বত্য বিশ্ববিদ্যালয়, আলিপুরদুয়ারে আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়, বালুরঘাটে দক্ষিণ দিনাজপুর বিশ্ববিদ্যালয় এবং মুর্শিদাবাদের বহরমপুরে মুর্শিদাবাদ বিশ্ববিদ্যালয়।

চলতি অর্থবর্ষে আরও দুটি রাজ্যপোষিত বিশ্ববিদ্যালয় – উত্তর ২৪ পরগনার হরিচাঁদ-গুরুচাঁদ বিশ্ববিদ্যালয় এবং নদীয়ার কৃষ্ণনগরে কন্যাশ্রী বিশ্ববিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

দার্জিলিঙের দুটি নতুন সরকারপোষিত কলেজকে নিয়ে রাজ্যে এখন ৪৫০টি সরকার পোষিত কলেজ, ৫৭টি সরকারি কলেজ এবং ৮টি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ চালু আছে।

আলিপুরদুয়ারে আরও একটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ নির্মাণের কাজ চলছে।

আগের মতোই স্নাতক ও স্নাতকোত্তর বিভাগে পাঠরত গরিব এবং মেধাবী ছাত্রছাত্রীদের জন্য স্বামী বিবেকানন্দ মেরিট কাম মিন্‌স স্কলারশিপের অধীনে ছাত্রবৃত্তি দেওয়ার ব্যবস্থা চালু আছে। এই খাতে ২০১৫-১৬ সালের ৪৫ কোটি টাকার জায়গায় বরাদ্দ এখন বৃদ্ধি পেয়ে ২০০ কোটি টাকা হয়েছে। যথারীতি আগের মতো এখনও নেট ব্যাতীত M.Phil, Ph.D ছাত্র-ছাত্রী ও কন্যাশ্রী কন্যাদের উচ্চতর পড়াশোনা চালানোর জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়ে থাকে।

উচ্চশিক্ষায় নথিভুক্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ২০১০-১১ সালে যেখানে ছিল ১৩.২৪ লাখ সেখানে ২০১৭-১৮ সালে তা বেড়ে হয়েছে ২০.৩৬ লাখ। সার্বিকভাবে এই অনুপাত বৃদ্ধি পেয়েছে; ২০১০-১১ সালে ১২.৪-এর জায়গায় ২০১৭-১৮ সালে ১৮.৭। আশা জাগানোর কথা হল ওই সময় রাজ্যে উচ্চশিক্ষায় ছাত্রীদের যোগদানের হার বৃদ্ধি পেয়ে ২০১০-১১তে ৪২% থেকে ২০১৬-১৭তে ৪৭.৩% হয়েছে।

২০১৩ থেকে শুরু করে এ পর্যন্ত সরকারি/সরকারপোষিত কলেজগুলিতে রাজ্যে ৬ হাজার জন সহ-অধ্যাপক ও গ্রন্থাগারিক এবং ২৫০ জন অধ্যক্ষ এ রাজ্যে নিযুক্ত হয়েছেন।

২০১৭ সাল থেকে রাজ্যের সরকারপোষিত কলেজ ও বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষক-শিক্ষিকাদের সরকারি সহায়তা প্রাপ্ত হেল্থ স্কিমের (West Bengal Health Scheme for Grant-in-aid College and University Teachers, 2017) আওতায় আনা হয়েছে। শিক্ষিকাদের জন্য 'চাইল্ড কেয়ার লিভ' এবং শিক্ষকদের জন্য পিতৃত্বকালীন ছুটিও চালু হয়ে গেছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে উচ্চশিক্ষা বিভাগের জন্য ৩,৯৬৪ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৪ কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন

২০১১ থেকে ২৮টি নতুন সরকারি এবং একটি সরকারপোষিত পলিটেকনিক কলেজ চালু করা হয়েছে। এর ফলে সব মিলিয়ে ২০১১ সালে ৪০টি সরকার এবং সরকারপোষিত পলিটেকনিক কলেজের জায়গায় বর্তমানে ৬৯টি সরকারি এবং সরকারপোষিত পলিটেকনিক কলেজে নিয়মিত ছাত্ররা পড়াশুনো করছে।

৩.১.২০১৯ অবধি ৬ লক্ষ জন প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার অনুপাতে ৫ লক্ষ ১৫ হাজার ১০ জন ট্রেনিং সম্পূর্ণ করেছেন।

একটি নতুন প্রাইভেট পলিটেকনিক এই বছরে চালু হয়েছে।

এছাড়াও ১৫ হাজার ৭৯৮ জন ভোকেশনাল এডুকেশন এবং ট্রেনিং-এর শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীদের জন্য এই সরকার 'স্বাস্থ্যসাথী' স্কিমের অধীনে স্বাস্থ্য বিমার সুযোগ করে দিয়েছে।

আমি ২০১৯-২০ এই অর্থবর্ষে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের জন্য ১,১০৬ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৫ যুব ও ক্রীড়া বিভাগ

বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গন, নেতাজী ইনডোর স্টেডিয়াম, বারুইপুর ও ক্যানিং-এ সুইমিংপুল এবং কিশোরভারতী স্টেডিয়ামের উন্নতির জন্য বর্তমান আর্থিক বছরে ৬৪.৭১ কোটি টাকা ব্যয়-বরাদ্দ করা হয়েছে। এছাড়া ৬৫ কোটি টাকা পুলিশ প্রশাসনকে সাহায্য হিসাবে দেওয়া হয়েছে বিভিন্ন রকম সামাজিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত করার জন্য।

চলতি অর্থবর্ষে রাজ্যের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে থাকা ২২১টি ক্রীড়া প্রশিক্ষণ শিবিরকে ১ লক্ষ টাকা করে অর্থ সাহায্য দেওয়া হয়েছে।

WBMASF-এর পরিচালনায় মাউন্টেনিয়ারিং এক্সপিডিশন ২০১৮ সার্থকভাবে শেষ হয়েছে। এবছর পুরুষ পর্বত অভিযাত্রীর দল ৬ হাজার ৯৩২ মিঃ উচ্চতা বিশিষ্ট মাউন্ট শ্রীকৈলাস পর্বত সফলভাবে আরোহণ করেছে। আর মহিলা পর্বতারোহীর দলটি ৬ হাজার ১১১ মিঃ উচ্চতার মাউন্ট যোগিন শিখরে সফলভাবে আরোহণ করেছে।

রাজ্যের ২৩টি যুব আবাস, অত্যাধুনিক সরঞ্জামসহ মেরামত করে ব্যবহারযোগ্য করে তোলা হয়েছে এবং নতুন আরও ৪টি যুব আবাস তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পূর্বে শুরু হওয়া ১৫টি যুব আবাস তৈরির কাজ শেষ হওয়ার মুখে।

৪০০টি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং সংগঠনকে খেলাধুলার মাঠ সংস্কার ও উন্নয়নমূলক কাজ চালাবার জন্য সরকার থেকে আর্থিক সাহায্য করা হয়েছে। ৩ হাজার ৩১৭টির মতো স্কুল, কলেজ, ক্লাব ও সংগঠনকে মাল্টিজিম তৈরির উদ্দেশ্যেও অর্থ সাহায্য করা হয়েছে।

৬৭৬ টির মতো স্কুল, কলেজ, প্রতিষ্ঠানকে মিনি ইন্ডোর গেমস্ কমপ্লেক্স তৈরির জন্য অর্থ সাহায্য দেওয়া হয়েছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে যুব ও ক্রীড়া বিভাগের জন্য ৬০৭ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৬ তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগ

রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সরকারি ভাষা আইনকে (WB Official Language Act, 1961) সংশোধন করে রাজ্যের কতিপয় জনগোষ্ঠীর ভাষা কুরুখ, কামতাপুরি, রাজবংশী এবং কুরমালি ভাষাকেও সরকারি কাজের ভাষার স্বীকৃতি দিয়েছে, যেখানে এই ধরনের ভাষাভাষির সংখ্যা মোট জনসংখ্যার ১০ শতাংশের বেশি। এর ফলে এখন রাজ্যে ৮টি সরকারি ভাষা চালু রয়েছে।

রাজ্যের স্থানীয় ভাষা তথা বাংলা ভাষার চলচ্চিত্রের প্রসার বাড়ানোর লক্ষ্যে রাজ্য সরকার প্রতিটি সিনেমা হলে এবং মাল্টিপ্লেক্সগুলির কোনো একটি পর্দায় বছরে ১২০ দিন, প্রতিদিন অন্তত একটি প্রাইম টাইম শো-তে বাংলা সিনেমা অতি অবশ্যই দেখানোটা বাধ্যতামূলক করেছে।

রাজ্যের সমস্ত কেব্‌ল্ টিভি অপারেটর, সাব-অপারেটর ও তাদের কর্মচারী এবং তাদের পরিবারকেও সরকারি ব্যয়ে 'স্বাস্থ্যসাথী' স্কিমের আওতায় আনা হয়েছে। এতে আজ পর্যন্ত নথিভুক্ত মানুষের সংখ্যা ১ লক্ষ ছাড়িয়ে গেছে।

রাজ্য সরকার 'ওয়েস্ট বেঙ্গল পেনশন স্কিম ফর দ্য জার্নালিস্ট, ২০১৮' স্কিম চালু করেছে যার মাধ্যমে ৬০ বছরের প্রবীণ এবং আর্থিকভাবে পিছিয়ে থাকা সমস্ত সাংবাদিককেই এই পেনশন স্কিমের আওতায় এনে ২ হাজার ৫০০ টাকা করে মাসিক ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

রাজ্যের মানভূম অঞ্চলের আদিবাসীদের সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরার জন্য রাজ্য সরকার 'মানভূম কালচারাল আকাদেমি'গঠন করেছে। একইরকমভাবে সরকার কামতাপুরি ভাষার উন্নয়ন ও প্রসারের জন্য 'কামতাপুরি ভাষা আকাদেমি' তৈরি করেছে।

রাজ্যের চালু লোক প্রসার প্রকল্প-এর অধীনে বর্তমানে ১.৯০ লক্ষ লোকশিল্পী নথিভুক্ত রয়েছেন। রাজ্য সরকার এই খাতে বরাদ্দ বাড়িয়ে ২০০ কোটি টাকা করেছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের জন্য ৬৩১ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

প্রশাসন

৪.১৭ স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগ

রাজ্যের আইন শৃঙ্খলার পরিস্থিতি শান্ত ও স্বাভাবিক রয়েছে। বিগত কয়েক বছর ধরে রাজ্যের নিরাপত্তা ব্যবস্থারও প্রভূত উন্নতি হয়েছে। রাজ্যের জঙ্গলমহলে হিংসা ও উগ্র বামপন্থার অবসান হওয়ার ফলে সেখানকার মানুষজনের মধ্যে আত্মবিশ্বাস ফিরে এসেছে।

দার্জিলিংয়ে পাহাড় অঞ্চলে শান্তি বজায় আছে।

রাজ্যের আইন ও শাসনকে সুষ্ঠুভাবে ধরে রাখতে গত অর্থবর্ষের শেষ দিকে উত্তর ২৪ পরগনা জেলাকে দুটি পুলিশ জেলায় ভেঙে দেওয়া হয়েছে, যেমন— বারাসাত পুলিশ জেলা এবং বসিরহাট পুলিশ জেলা। এই দুটি সহ রাজ্যে ২০১১ সালের পর আরও ৭টি পুলিশ জেলা তৈরি করা হল। এছাড়াও রাজ্যে এখন ৬টি পুলিশ কমিশনারেট তৈরি হয়েছে। এরা সকলেই দায়িত্বের সঙ্গে আইন শৃঙ্খলা রক্ষা করছে।

রাজ্যে আরও ৬টি থানা তৈরি হয়েছে। এগুলি হল—বারুইপুর পুলিশ জেলার নরেন্দ্রপুর ও বকুলতলা; পুরুলিয়ার টামনা; বীরভূমের পাইকর; বারাসাত পুলিশ জেলার গোবরডাঙ্গা এবং শিয়ালদহ GRP অধীন চিৎপুর GRPS। এই সবগুলিকে নিয়ে ২০১১ সালের পর থেকে রাজ্যে ১২৯টি থানা, যার মধ্যে ৪৮টি মহিলা-থানা, গড়ে তোলা হয়েছে।

এই রাজ্যে Directorate of Economic Offences তৈরি হওয়ায় এখানকার ২৫টি আর্থিক সংস্থার বিরুদ্ধে প্রায় ২৬টি কেসের অনুসন্ধান শুরু হয়েছে।

'সেফ ড্রাইভ সেভ লাইফ' সচেতনতা প্রচারের মাধ্যমে এ রাজ্যে শুধু যে পথদুর্ঘটনা কমেছে তাই নয় সাধারণ মানুষের মধ্যে পথসুরক্ষা বিষয়ে সতর্কতাও বেড়েছে। বাস্তবিক, ২০১৭ সালের তুলনায় ২০১৮ সালে শহর কলকাতায় গত বছরের চেয়ে পথদুর্ঘটনা, প্রাণহানি, আহতের হার যথাক্রমে ১২ শতাংশ, ১১ শতাংশ এবং ১৬ শতাংশ কমেছে। রাজ্যের অন্যত্রও এই দুর্ঘটনা আগের বছরের চেয়ে প্রায় ১৪ শতাংশ কমে এসেছে।

নতুন-নতুন প্রযুক্তির সাহায্য নিয়ে রাজ্যের ট্রাফিক ব্যবস্থাও উন্নততর করা হয়েছে।

চলতি অর্থবর্ষ (২০১৮'র ডিসেম্বর) পর্যন্ত প্রায় ৩৮৯টি নতুন পুলিশ পদ সৃষ্টি করা হয়েছে। ২০১১ থেকে বর্তমান সময় পর্যন্ত মোট ৩৯ হাজার ৯৬৯টি পদ তৈরি হয়েছে, এছাড়াও ১ লক্ষ ১৩ হাজার ৬১৪টি সিভিক পুলিশ সেবক এবং ৩ হাজার ২৩৯টি গ্রামীণ পুলিশ সেবক পদে নিয়োগ সম্পূর্ণ হয়েছে। তারা নিয়মিত দায়িত্বের সঙ্গে পুলিশ আধিকারিকদের কাজে সহায়তা করছেন।

জলপাইগুড়িতে রিজিওনাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি-র (RFSL) নতুন ভবন ৩১.১০.১৮তে চালু করা হয়েছে। এখানে জলপাইগুড়িসহ উত্তরবঙ্গের ৮টি জেলার পুলিশের। টক্সিকোলজি ও বায়োলজি কেসের পরীক্ষা-নিরীক্ষার কাজ আরও দ্রুত ও সহজতর হবে এবং এই সমস্ত নমুনা আর কলকাতার State Forensic Science Laboratory-তে পাঠানোর প্রয়োজন হবে না।

আমি, স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগের জন্য ২০১৯-২০ অর্থবর্ষে ৯,৬২৪ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৮ কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ

e-District-এর মাধ্যমে রাজ্যের জেলাগুলির পরিষেবা দ্রুততর করতে ১২২টি অন্‌লাইন সার্ভিস চালু হয়েছে এবং ২৩টি জেলা ও ১৬টি বিভাগকে অন্‌লাইন পরিষেবার সঙ্গে যুক্ত করা হয়েছে। অন্‌লাইন আদান-প্রদান প্রায় ৫৫ লক্ষে পৌঁছেছে।

বর্তমানে সরকারের সমস্ত সচিবালয় (৫১টি বিভাগ) এবং কিছু ডাইরেক্টরেটকে e-Office-এ যুক্ত করা হয়েছে। ৭ হাজার ৮৯৩ জন ব্যবহারকারী এই e-Office-এর সুবিধা ভোগ করছে এবং ১ লক্ষ ৮ হাজার ৮৩৪টি ফাইলের প্রক্রিয়াকরণের কাজ এই মাধ্যমে হয়েছে।

রাজ্য সরকার 'পশ্চিমবঙ্গ গ্রুপ-ডি রিক্রুটমেন্ট বোর্ড'-এর মাধ্যমে রাজ্যের বিভিন্ন বিভাগ এবং অফিসে শূন্যপদের নিরিখে ৫ হাজার ৩৭৯ জন বেকার যুবক-যুবতীদের 'গ্রুপ-ডি' পদে অনুমোদন ও নিয়োগপত্র প্রদান করেছে।

লোকপাল এবং লোকায়ুক্ত আইন, ২০১৩ অনুযায়ী ২০১৮ সালে রাজ্যে ওয়েস্ট বেঙ্গল লোকায়ুক্ত (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট পাশ হয়েছে এবং লোকায়ুক্ত নিযুক্ত হয়েছে।

৫.৫৬ কোটি টাকা প্রকল্প ব্যয়ে পশ্চিম বর্ধমানের আসানসোলে অতিরিক্ত জেলাশাসকদের জন্য প্রস্তাবিত ৪টি অফিস-সহ-আবাসিক বাংলো নির্মাণের কাজ চলছে।

IT এবং Telecom পরিকাঠামো সমেত ইনটিগ্রেটেড প্রশাসনিক ভবন এবং পূর্ব মেদিনীপুরের নিমতৌড়িতে কালেক্টরের ভবনে আবাসন প্রকল্প নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে। এ দু'টি প্রকল্পের প্রকল্প ব্যয় ১২০ কোটি টাকা ধরা হয়েছে।

আমি, কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১৫৭ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৯ বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগ

এই রাজ্যের সমুদ্রপোকূলবর্তী তিনটি সামুদ্রিক ঝঞ্ঝাপ্রবণ জেলা যেমন– উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের অধিবাসীদের সাইক্লোনের মতো বিপর্যয়ের হাত থেকে রক্ষা করতে সাময়িক আশ্রয় হিসাবে ১০৩৯.০৪ কোটি টাকা ব্যয়ে ২২১টি বহুমুখী সামুদ্রিক বিপর্যয় প্রতিরোধী আবাস (MPCS) (Cyclone Shelter) গড়ে তোলা হচ্ছে। এখনও পর্যন্ত ১৩২টি এরকম আবাস (MPCS) তৈরির কাজ জোরকদমে চলছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের জন্য ৭০৩ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২০ অগ্নি নির্বাপণ ও আপৎকালীন পরিষেবা বিভাগ

ফায়ার লাইসেন্স নবীকরণ, অগ্নিসুরক্ষা প্রস্তাবিত করা বা সুরক্ষা শংসাপত্র প্রদান ইত্যাদি কাজ এই বিভাগের মাধ্যমে অন্‌লাইন ব্যবস্থাপনায় আনা হয়েছে।

আরও তিনটি নতুন দমকল কেন্দ্র খোলা হয়েছে ও সেখান থেকে পরিষেবা দেবার কাজ শুরু হয়েছে।

রাজ্যের বিভিন্ন জায়গায় ১৯টি নতুন দমকল কেন্দ্র খোলা এবং ৫টি চালু দমকল কেন্দ্রের নতুন ভবন তৈরির কাজ শুরু হয়েছে। এর বাইরেও ১০টি আরও নতুন দমকল কেন্দ্র খোলার অনুমোদন দেওয়া হয়েছে।

দমকল বিভাগকে ৩০টি Water Browser, ৩০টি Water Tender (MP), ২০টি Water Carrier, ১০টি অ্যামোনিয়া স্যুট, ১০টি ফ্লোটিং পাম্প সহ আরও কিছু অগ্নি মোকাবিলার উপকরণ কেনা হয়েছে যাতে চটজলদি অগ্নি মোকাবিলা আরও জোরদার করা যায়।

২০১৮ সালের প্রজাতন্ত্র দিবসে এই রাজ্যের ৫ জন অগ্নিসুরক্ষা আধিকারিককে ভারতের মাননীয় রাষ্ট্রপতি পদক দিয়ে সম্মানিত করেছেন।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে অগ্নি নির্বাপণ ও আপৎকালীন পরিষেবা বিভাগের জন্য ৩৭৭ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২১ সংশোধন প্রশাসন বিভাগ

বারুইপুরে কেন্দ্রীয় সংশোধনাগারের প্রথম পর্যায়ের কাজ ৫৫ কোটি ১৪ লক্ষ ৬৯ হাজার ৪০৯ টাকা ব্যয়ে ইতিমধ্যেই শেষ হয়েছে।

৪০ লক্ষ টাকা ব্যয় করে ঝাড়গ্রামে বিশেষ সংশোধনাগারের আধিকারিকদের বসবাসের জন্য নির্মীয়মান প্রস্তাবিত তিনতলা ভবনটির দু'তলা পর্যন্ত নির্মাণ প্রথম পর্যায়ে সমাপ্ত হয়েছে।

রাজ্যের প্রতিটি সংশোধনাগারে সফলভাবে e-Prison স্যুট-এর প্রচলন করা হয়েছে। প্রতিটি স্যুটে ভিজিটার্স ম্যানেজমেন্ট সিস্টেম (VMS) চালু হয়েছে। এই VMS-এর মধ্যে রয়েছে IT সঞ্চালনা (যেমন কম্পিউটার, ওয়েব ক্যাম্প, ল্যাম্প সুইচ প্রভৃতি)। এর প্রকল্প ব্যয় ধরা হয়েছে ১.৭৪ কোটি টাকা।

[2:50 p.m. – 3:00 p.m.]

আমি, সংশোধন প্রশাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩০৩ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

ভূ-প্রাকৃতিক পরিকাঠামো

৪.২২ জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল (PHE) বিভাগ

২০১৮-১৯ সালে ৮৮০.৮৭ কোটি টাকা ব্যয় করে ৭৯টি নলবাহিত পানীয় জল সরবরাহ করার কাজ শেষ হয়েছে। এতে প্রায় ১৭.৭৪ লক্ষ মানুষ পানীয় জলের সুবিধা পাবেন।

সেই সঙ্গে রাজ্যের অন্যান্য জায়গায় আরও ৫০৯টি বিশুদ্ধ পানীয় জল সরবরাহের পরিকাঠামো তৈরির কাজ চলছে, এর জন্য ব্যয় ধরা হয়েছে ১০,৭৮১.৭৭ কোটি টাকা। এর ফলে ১.৮৮ কোটি মানুষ উপকৃত হবেন।

রাজ্যের পশ্চিম প্রান্তের খরাপ্রবণ জেলাগুলিতে বিশেষত পুরুলিয়া ও বাঁকুড়াতে নলবাহিত পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শুরু হয়েছে। বাঁকুড়াতে ফ্লুরাইড কবলিত চৌদ্দটি ব্লকে জল সরবরাহের প্রথম ধাপের কাজের জন্য ১,০১১.২২ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার ফলতা-মথুরাপুর ও তার আশেপাশের এলাকায় প্রায় ১০টি লবণাক্ত ব্লক যথা কুলপি, ডায়মন্ডহারবার ১ ও ২ নং, ফলতা, জয়নগর-২, কুলতলি, মগরাহাট-১, মন্দিরবাজার এবং মথুরাপুর-১ ও ২নং ব্লকে ভূ-পৃষ্ঠত জল সরবরাহের কাজ চলছে; এর জন্য ১,৩৩২.৪১ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে।

হাওড়া জেলার বালি-জগাছা অঞ্চলের একটি ভূ-পৃষ্ঠত জল সরবরাহের প্রকল্পে ১৫০.৬৮ কোটি টাকা খরচ করে প্রথম পর্যায়ের কাজ শুরু হতে চলেছে।

বালি-জগাছা পানীয় জল প্রকল্পে ৪৫.৮৮ কোটি টাকা ব্যয়ে ২য় পর্যায়ের কাজও শুরু হয়েছে।

পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া-২ ব্লকের ১১২টি মৌজায় জল প্রকল্পের জন্য ২৪১.৭২ কোটি টাকা বরাদ্দ হয়েছে।

উত্তর ২৪ পরগনার হাবড়া-গাইঘাটা অঞ্চলে ৫৭৭.৭২ কোটি টাকা ব্যয়ে ভূ-পৃষ্ঠত জল সরবরাহের প্রকল্পটি অনুমোদন পেয়েছে।

দ্বিতীয় ধাপের বাঁকুড়া জেলার ৮টি ব্লকে নলবাহিত জল সরবরাহের কাজও শুরু হয়ে গেছে। এক্ষেত্রে মেজিয়া, গঙ্গাজলঘাটি, ইঁদপুর, তালডাংরা, জয়পুর, কোতুলপুর, পাত্রসায়র এবং সোনামুখিতে ১১.০৩ লক্ষ জনগণ সুবিধা পাবে।

দুই ২৪ পরগনার হাড়োয়া, রাজারহাট ও ভাঙড়-২নং ব্লকের প্রায় ৫.২৬ লক্ষ মানুষকে আর্সেনিকমুক্ত পরিশ্রুত পানীয় জল সরবরাহের কাজ শুরু হয়েছে।

একইরকমভাবে পূর্ব মেদিনীপুরের লবণাক্ত অঞ্চলের নন্দকুমার, চণ্ডীপুর, নন্দীগ্রাম-১ ও ২নং ব্লকের প্রায় ৭.৮২ লক্ষ মানুষকে ভূ-পৃষ্ঠত জল পৌঁছে দেওয়ার কাজ অনুমোদিত হয়েছে।

পুরুলিয়া জেলার অধীনে JICA-JAPAN-এর আর্থিক সহায়তায় ১,২৯৬.২৫ কোটি টাকা খরচ করে ৫টি ব্লকের ৬.৩২ লক্ষ মানুষকে পরিশ্রুত জল সরবরাহের কাজ (ফেজ-১) শুরু হয়ে গেছে, যার থেকে আর্শা, বড়োবাজার, পুঞ্চা, পুরুলিয়া-১নং এবং মানবাজার-১নং ব্লকের মানুষ ছাড়াও পুরুলিয়া পৌরসভার প্রায় ১.৮৫ লক্ষ মানুষ উপকৃত হবেন।

দক্ষিণ দিনাজপুরের ফ্লওরাইড কবলিত গঙ্গারামপুর ও তপন ব্লকে ১৪৫.০১ কোটি এবং ১৬৫.৫০ কোটি টাকা প্রকল্প ব্যয়ে ২টি ভূগর্ভ জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হতে চলেছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল সরবরাহ (PHE) বিভাগের জন্য ৩,০২৯ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৩ পরিবহন বিভাগ

বাস স্ট্যান্ড বা বাস টার্মিনাসগুলিকে অত্যাধুনিক রূপে গড়ে তোলা হচ্ছে যেমন – জঙ্গলমহলের ঝাড়গ্রাম বাস টার্মিনাস, পশ্চিম বর্ধমান জেলার কালিপাহাড়ি বাস টার্মিনাস, দক্ষিণ

২৪ পরগনার ক্যানিং বাস টার্মিনাস, SBSTC-এর অধীনে হলদিয়া ডিপো এবং NBSTC-এর অধীনে ইসলামপুর এবং STU-র আরও কয়েকটি বাস ডিপোকে অত্যাধুনিক করার কাজ শুরু হয়েছে। নদীয়া জেলার কৃষ্ণনগরে ও বাহাদুরপুরের ট্রাক টার্মিনাল দুটি নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে।

রাজ্যের সর্বত্র STU'র অধীনে ২৭৫টি নতুন বাস চালু হয়েছে। এছাড়াও ২০টি CNG বাস আসানসোল ও দুর্গাপুর রুটে চালু হয়েছে।

শহর কলকাতায় পরিবেশ সহায়ক পরিবহন চালুর উদ্দেশ্যে একটি নতুন উদ্যোগে FAME ইন্ডিয়া স্কিমের আওতায় ৮০টির মতো নতুন বিদ্যুৎচালিত বাস চালানো হবে। জুন ২০১৯ সালের মধ্যে তা চালু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

ই-গভর্নেন্স-এর মাধ্যমে 'পথদিশা'-র মতো আধুনিক পরিষেবা এবং অন্‌লাইন টিকিট বুকিং পরিষেবা চালু করা হয়েছে।

জলপথ পরিবহণের ক্ষেত্রে ২০১৮-১৯ সালে ৩০টির উপর ফেরিঘাট ও জেটি-সংস্কার এবং কোনো কোনো ক্ষেত্রে নতুন করে গড়ে তোলার কাজ হাতে নেওয়া হয়েছে। হুগলির তেলেনিপাড়া, উত্তর ২৪ পরগনার শ্যামনগর এবং পানিহাটি, পূর্ব বর্ধমানের কাটোয়া এবং নদীয়ার নবদ্বীপের বোড়াল ঘাটের সংস্কার ইতিমধ্যেই সমাপ্ত হয়েছে।

জলপথ পরিবহণকে আরও উন্নত করতে ২০টিরও বেশি ইস্পাতের জলযান এবং ১৪টিরও বেশি কাঠের জলযান রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ ফেরি ঘাটগুলিতে পরিষেবা দেওয়ার কাজে লাগানো হয়েছে। একটি রো-রো (RO-RO) জলযান তৈরির কাজ শুরু করা হয়েছে।

রাজ্যের 'জলধারা' স্কিমের অধীনে ১৫০টিরও বেশি সুগঠিত ও অত্যাধুনিক যাত্রীবাহী নৌকা তৈরির কাজ চলছে। ২০১৯-এর মাঝামাঝি থেকে সেগুলি কাজে লাগানো যাবে বলে মনে করা হচ্ছে।

পথ নিরাপত্তাতে 'সেফ ড্রাইভ সেভ লাইফ' নামক পথ নিরাপত্তা কর্মসূচি রূপায়ণে ২০১৮-১৯ সালের ডিসেম্বর পর্যন্ত ৬২ কোটি টাকার বেশি খরচ করা হয়েছে।

মোটর গাড়িসহ পথ দুর্ঘটনার ক্ষেত্রে মৃত্যুর ক্ষতিপূরণ বাবদ অর্থ সাহায্য এখন ৫০ হাজার টাকা থেকে বেড়ে ২ লক্ষ টাকা করা হয়েছে।

চলতি অর্থবর্ষে পরিবহন ক্ষেত্রে স্বনিযুক্তিমূলক গতিধারা প্রকল্পে এখনও পর্যন্ত প্রায় ১০ হাজার জন প্রার্থীর কর্মসংস্থান সুনিশ্চিত হয়েছে।

'ওয়ান টাইম ওয়েভার অফ্ পেনাল্টি অন ট্যাক্স অন্ মোটর ভেহিক্যালস্' স্কীম চালু করা হয়েছে যাতে ৩১শে ডিসেম্বর ২০১৮ অবধি বকেয়া কর প্রদান করলে বকেয়া জরিমানার ১০০% মকুব করা হবে।

HRBC'র তত্ত্বাবধানে দ্বিতীয় হুগলি সেতু তথা বিদ্যাসাগর সেতুর রক্ষণাবেক্ষণের কাজ ২০১৯-২০ সালে শুরু হয়ে যাবে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে পরিবহন বিভাগের জন্য ১,৬১৩ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৪ পূর্ত (PWD) বিভাগ

চলতি অর্থবর্ষে ১৫ই জানুয়ারি, ২০১৯ পর্যন্ত PWD বিভাগ প্রায় ৩১৯ কি.মি. রাস্তা দ্বিমুখী গাড়ি চলাচলের জন্য ৭ মিটার চওড়া করে প্রসারিত ও মজবুত করার কাজ শুরু করেছে। এছাড়াও ৫০০ কি.মি. রাস্তা চওড়া ও মজবুত করে তৈরি করার কাজ ২০১৮-১৯-এর মধ্যেই শেষ হবে।

ইতিমধ্যেই ২৪৮ কি.মি. রাস্তাকে ৫.৫০ মি. চওড়া করার কাজ চলতি বছরে শেষ হয়েছে এবং বছর শেষের আগে আরও ৩৫০ কি.মি. রাস্তা চওড়া করার কাজ শেষ করা হবে।

চলতি অর্থবর্ষে ১৪০৩ কি.মি. রাস্তা মজবুত করা হয়েছে এবং এই বছরে ১৬০০ কি.মি. রাস্তা মজবুত করা হবে বলে আশা করা হচ্ছে। সেই সঙ্গে ৯টি ব্রিজ তৈরি হয়েছে এবং ১০৯টি ব্রিজের ২ দিকের রাস্তা বানানোর কাজ হাতে নেওয়া হয়েছে, যা চলতি অর্থবর্ষে দ্বিগুণ করা হবে বলে আশা করা হচ্ছে।

এছাড়াও ছোট বড়ো প্রায় ১৭টির মতো বাড়ি তৈরির প্রকল্পের কাজ শেষ হয়েছে।

২০১৮-১৯ সালে পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণা ঘাটাল বরাবর ১৭.৮০ কি.মি. লম্বা রাস্তাকে ৪৩ কি.মি. করার কাজ শেষ হয়েছে এবং এর জন্য খরচ হয়েছে ১৬৮.১১ কোটি টাকা। অন্যদিকে বীরভূমের আহমেদপুর, কীর্ণাহার, রামজীবনপুরে ২৯.১০৬ কি.মি. রাস্তা চওড়া করার কাজ হয়েছে। এর জন্য খরচ হয়েছে ৭৭.৭৭ কোটি টাকা। আবার রামজীবনপুর থেকে পূর্ব বর্ধমানের কেতুগ্রাম ও কাটোয়া (ফুটি সাঁকো থেকে ঝাঁঝিগ্রাম) পর্যন্ত ৭৬ কি.মি. রাস্তাকে ১০২ কি.মি. পর্যন্ত বাড়িয়ে ৭২.৭৮ কোটি টাকা খরচ করে তৈরি করা হয়েছে। একইরকমভাবে উত্তর ২৪ পরগনার লাউহাটি থেকে হাড়োয়া পর্যন্ত রাস্তাটি শুরু থেকে ১৮ কি.মি. পর্যন্ত ৫০.৪৫ কোটি টাকা খরচ করে তৈরি করা হয়েছে।

২০১৮-১৯ অর্থবর্ষে ২৭০ কি.মি. রাস্তা চওড়া ও মজবুত করার জন্য ৬২০টির মতো প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর জন্য ব্যয় ধরা হয়েছে ৯ হাজার ৫০০ কোটি টাকা। পাঁচটি গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্প হাতে নেওয়া হয়েছে, যেগুলি হল: ১৭৭৭.৭৭ কোটি টাকা ব্যয়ে হুগলি জেলার মগরার কাছে ১৩নং রাজ্য সড়কটি নদীয়া জেলার বড়োজাগুলি পর্যন্ত নিয়ে গিয়ে ৩৪নং জাতীয় সড়কের সঙ্গে যুক্ত করা; ভাগীরথী নদীর উপর সেতু ১০৯৮.৪৯ কোটি টাকা ব্যয়ে তৈরি করে পূর্ব বর্ধমানের কালনা এবং নদীয়ার শান্তিপুরের সঙ্গে যুক্ত করা; ৬৯২.৫৬ কোটি টাকা ব্যয়ে ৬মুখী বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে এবং কল্যাণী এক্সপ্রেসওয়ে রাস্তা দুটিকে যুক্ত করা এবং নিমতা ও মুরাগাছাকেও ৬ মুখী রাস্তা করে জুড়ে দেওয়া; হুগলি জেলার চাপাডাঙ্গা-পুরশুরা-আরামবাগ পর্যন্ত

রাস্তাটিকে চওড়া ও মজবুত করা হবে ৫১২.৯২ কোটি টাকা ব্যয়ে; অজয় নদীর উপর ব্রিজটি শিবপুরের কাছে মুচিপাড়া ও শিবপুরের সংযোগকারী রাস্তা হিসেবে ১৬৩.২৫ কোটি টাকা ব্যয়ে প্রায় ১৭.৮৪ কি.মি. বাড়ানোর কাজ চলছে।

এই বিভাগ রাজ্যের সব জেলায় রাজ্য সড়কের উপর প্রধান সংযোগস্থলগুলিতে ২০ আসনের যাত্রী প্রতীক্ষালয় স্থাপন করেছে। এছাড়াও রাজ্যের বিভিন্ন জেলা পরিষদ ও পুরসভাগুলির ৩ হাজার ৮০০ কি.মি. দূরত্বের ৪৪৩টি রাস্তা পূর্ত বিভাগের অধীনে আনা হয়েছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে পূর্ত (PWD) বিভাগের জন্য ৫,৩৩৬ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৫ ভূমি ও ভূমিসংস্কার, পুনর্বাসন বিভাগ

ল্যান্ড রেকর্ডমডার্নাইজেশন প্রোগ্রামের অধীনে (DILRMP) ২০১৮-১৯ অর্থবর্ষেই ১২৩টি মডার্ন রেকর্ড রুমকে উন্নত করার কাজ শেষ হয়েছে। রাজ্যের ৩৪৬টি ব্লকে এই প্রকল্পের অধীনস্থ তহসিল ডেটা সেন্টার (Data Centre) তাদের ডেটা সংগ্রহের কাজ শুরু করেছে।

চলতি বছরের ডিসেম্বর ২০১৮ পর্যন্ত 'নিজ গৃহ নিজ ভূমি' (NGNB) স্কিমে ১,২৮১টি পাট্টা (1791.99 acrs) বিলির কাজ শেষ হয়েছে।

২০১৮-১৯ সাল পর্যন্ত ৬৮,৩৪৮টির মধ্যে ৬৭,৯১৫টি জমি মানচিত্র ডিজিটাইজ করার কাজ সম্পন্ন হয়েছে এবং ৫৬,১১২টি মানচিত্রের সঙ্গে জমির নথিপত্র (Record) সংযুক্ত করার কাজও শেষ হয়েছে।

বর্তমানে ৩৪৪টি BL&LRO অফিস থেকে জমির স্থায়ী স্বত্বে ডিজিটাল শংসাপত্রের কাগজ বিভিন্ন IT সংস্থার ই-ডিস্ট্রিক্ট পোর্টালের মাধ্যমে হাতে পাওয়ার ব্যবস্থা করা হয়েছে।

আরও ৩৪৬টি ব্লক অফিস থেকে জমির রেকর্ড সংগ্রহের সঙ্গে সঙ্গে জমির রেজিস্ট্রেশন তৈরির কাজও করা হচ্ছে।

উদ্বাস্তু পুনর্বাসনের লক্ষ্যে ২০১৪ সালে PPP মডেলে উত্তর ২৪ পরগনার বরানগর অঞ্চলের বনহুগলিতে বনহুগলি হাউসিং প্রোজেক্টের কাজ শুরু হয়েছিল। সেই কাজ ২০১৭'তে শেষ হয়েছে এবং ৫৪০টি পুরোনো বাসিন্দাকে পুনর্বাসন দেওয়া হয়েছে। আরও ১০৭টি পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে যারা পূর্বে কামারহাটি পুরসভার বার্মা কলোনির উদয় ভিলায় থাকতেন, তারাও বনহুগলির এই Bonirini আবাসনে বসবাসের সুযোগ পেয়েছেন।

আমি, ভূমি ও ভূমিসংস্কার, পুনর্বাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২৪২ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৬ বিদ্যুৎ সরবরাহ বিভাগ

পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামে, প্রতিটি ঘরে আলো পৌঁছানোর লক্ষ্যে সরকারের 'সবার ঘরে আলো' প্রকল্পটি প্রায় শেষের পর্যায়ে। বর্তমানে বিদ্যুৎ সরবরাহ অক্ষুন্ন রাখতে ৪৩টি নতুন

৩৩/১১ KV সাবস্টেশন নির্মাণ করা হয়েছে যার ফলে ৫৭০ MVA বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং ১০৬টি ৩৩/১১ KV সাবস্টেশনের উন্নতিকরণ করা হয়েছে।

WBSEDCL-এর অন্তর্গত গ্রাহক সংখ্যা ৩০শে নভেম্বর, ২০১৮ পর্যন্ত ১.৮৮ কোটি ছিল যার মধ্যে চলতি অর্থবর্ষে ১০ লক্ষ নতুন গ্রাহক হয়েছেন যার দরুন ৩১,৪২৬ STW কানেকশন, ৬,৪৬৮টি নতুন ইন্ডাস্ট্রিয়াল কানেকশন এবং ১.৮৫ লক্ষ কমার্শিয়াল কানেকশন দেওয়া হয়েছে।

ভূগর্ভস্থ কেবলিং এবং উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ ডিস্ট্রিবিউশন ব্যবস্থা বাংলার সমস্ত প্রধান প্রধান শহর এবং নগরগুলিতে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

ছররা, সাঁওতালডিহি, খেমাশুলি এবং শালবনীর কেন্দ্রগুলিতে 'আলোশ্রী'ও IPDS কর্মসূচির অধীনে রুফটপ এবং গ্রাউন্ড মাউন্টেড সৌরবিদ্যুৎ উৎপাদনের প্রকল্প রূপায়িত হয়েছে। এর ফলে প্রায় ৩৫ MW ক্ষমতাসম্পন্ন সৌরবিদ্যুৎ উৎপন্ন হবে। পুরুলিয়ার পাম্প স্টোরেজ থেকে ১০৮০ MU, জলবিদ্যুৎ থেকে ৪৭৮ MU এবং সৌরবিদ্যুৎ থেকে ২৬ MU শক্তি উৎপাদনের ব্যবস্থা তৈরি হয়েছে। পুরুলিয়ায় আরও বিদ্যুতের চাহিদার কথা মাথায় রেখে JICA'র ৫,২০০ কোটি টাকা আর্থিক সহযোগিতায় প্রায় ১,০০০ MW ক্ষমতাসম্পন্ন Turga Pump Storage Project গড়ে তোলা হয়েছে।

বর্ধিত সংখ্যক উপভোক্তাদের প্রয়োজনের কথা মাথায় রেখে দুটি ২২০ KV-র GIS সাবস্টেশন, ৬টি ১৩২/৩৩ KV-র GIS সাবস্টেশন এবং ৪৬টি EHV সাবস্টেশনের উন্নতিকরণ এবং ৪৮.২ Circuit kms, ২২০ KV লাইন, ৩৯৪.৬৯৩ Circuit kms, ১৩২ KV লাইন নির্মাণ করার কাজ হাতে নেওয়া হয়েছে।

'আলোশ্রী' কর্মসূচির অধীনে সৌরবিদ্যুৎ উৎপাদনের কাজে কোলাঘাট, ব্যান্ডেল, সাঁওতালডিহি, সাগরদিঘি এবং বক্রেশ্বরের শাখা অফিসগুলিতে সর্বমোট ১০ MW ক্ষমতাসম্পন্ন Solar Power PV Plant বসানো হয়েছে। সাগরদিঘিতে ৫ MW গ্রীড কানেকশনের ভাসমান সৌরবিদ্যুৎ প্ল্যান্ট বসানোর কাজ চলছে।

WBPDCL বীরভূমের বড়জোড়া কয়লাখনি থেকে কয়লা সংগ্রহ করার কাজ শুরু করেছে। এছাড়াও রাজ্যে WBPDCL-এর ৬টি অন্যান্য খনি থেকে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে কয়লা আনার কাজও এগিয়ে চলেছে।

WBREDA রাজ্যে অচিরাচরিত বিদ্যুৎ উৎপাদনে উৎসাহ দিতে রাজ্যের সর্বত্র ১,০০০ স্কুলে রুফটপ সৌরবিদ্যুৎ উৎপাদনে ১০ KWP ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ তৈরির সরঞ্জাম সুলভে দেওয়ার ব্যবস্থা করেছে এই চলতি বছরে।

আমি, বিদ্যুৎ সরবরাহ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২,৪৭৪ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৭ নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগ

২০১৮-১৯ অর্থবর্ষে কিছু গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে যার মধ্যে উল্লেখযোগ্য হল দক্ষিণেশ্বরে মা ভবতারিণীর মন্দির এলাকায় ৬৫.১৬ কোটি টাকা খরচ করে Skywalk নির্মাণ; পাটুলিতে ৬.৭৬ কোটি টাকা খরচ করে ভাসমান বাজার তৈরি; বজবজ ট্রাঙ্ক রোডে জিঞ্জিরা বাজার এবং বাটানগরের মধ্যে এলিভেটেড রোড; দীঘা উন্নয়ন পর্ষদের অন্তর্গত ৭০.৬২ কোটি টাকা খরচ করে দীঘা সম্মেলন সভাকেন্দ্র; ৮০ কোটি টাকা খরচ করে মা-ফ্লাইওভারের পশ্চিমদিকের চড়াই পথ নির্মাণ; ৩৩.৫৯ কোটি টাকা খরচ করে নারকেলডাঙা মেন রোড ক্রসিং (স্বভূমি) এবং বেলেঘাটা ক্রসিং-এ প্রস্তাবিত দুটি আন্ডারপাস নির্মাণ; ইত্যাদি।

SJDA-র জন্য লাটাগুড়িতে ৯.২০ কোটি টাকা খরচ করে পরিবেশবান্ধব নেচার পার্ক এবং আর্থিকভাবে দুর্বল (EWS)-দের জন্য বোলপুরে ৭.৪১ কোটি টাকা খরচ করে 'গীতবিতান টাউনশিপ' গড়ে তোলা হয়েছে।

২০১৮-১৯ বর্ষে রাজ্যে ৪১১.৯৩ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে Green City Mission-এর অন্তর্গত ৯৪১টি স্কিমের প্রচলন করা হয়েছে।

২০১৮-১৯ অর্থবর্ষে ৫৭,৫৮০টি শহরের গরিবদের জন্য গৃহনির্মাণ সম্পূর্ণ হয়েছে।

২০১৮-১৯ বর্ষে Green Space Development Programme-এর অন্তর্গত শহরের ৭৭টি নতুন পার্কের নির্মাণ এবং ৫৫টি চালু পার্কের উন্নতিকরণ করা হয়েছে।

২০১৮-১৯ বর্ষে ৯টি হাসপাতালের সৌন্দর্যায়ন করা হয়েছে।

রাজ্যে ৬৩টি ULB-তে সমসংখ্যক জীবিকা নির্বাহ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। শহরের স্থায়ী আশ্রয়হীনদের জন্য ১০টি ULB-তে আশ্রয়স্থল তৈরি করা হয়েছে এবং ৩৫টি আশ্রয়স্থলের কাজ শেষের পর্যায়ে।

বহরমপুর, কৃষ্ণনগর এবং দুবরাজপুর পৌরসভাতে হকারদের পুনর্বাসনের জন্য ৩টি মার্কেট কমপ্লেক্স তৈরি করা হচ্ছে।

'স্বাস্থ্যসাথী প্রকল্প'-এর মাধ্যমে ULB-র প্রতিটি কর্মীকে স্বাস্থ্য সুরক্ষা প্রদান করা হয়েছে।

রাজ্যে ৬টি জেলার ১২৫টি শহরের মধ্যে ৭০টি 'নির্মল বাংলা মিশনে'র অধীনে 'মুক্ত শৌচহীন' (ODF) শহর বলে ঘোষিত হয়েছে। মার্চ ২০১৯-এর মধ্যে ১৭টি জেলার আরও ৫২টি শহর ODF হয়ে যাবে। এই প্রকল্পের অন্তর্গত 'কঠিন বর্জ্য (Solid Waste) প্রক্রিয়াকরণ প্রকল্পকে', ৭৪১ কোটি টাকা খরচ ধার্য করে, ২৯টি মুখ্য শহরে বাস্তবায়িত করা হয়েছে।

রাজ্যে প্রবীণ নাগরিক, বিধবা, পরিত্যক্ত অথবা বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পত্তিকর মুকুব করা হয়েছে। অন্যদিকে যেসব বাড়িতে সরকারি স্বাস্থ্যকেন্দ্র চলছে সেই বাড়িগুলিতে সম্পত্তি কর পুরোটাই মুকুব করা হয়েছে এবং পরিচ্ছন্ন জলাশয়গুলির ক্ষেত্রে মালিকপক্ষকে ৯০ শতাংশ পুরকর মুকুবের ব্যবস্থা করে পুর আইনে সংশোধনী আনা হয়েছে।

পুরকর্মী নিয়োগের ক্ষেত্রে পুর আইন অনুযায়ী মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন তৈরি করা হয়েছে।

পৌর এলাকার স্ট্রীট হকার এবং রাস্তায় বসা ভেন্ডারদের জীবিকানির্বাহ এবং সুরক্ষার জন্য West Bengal Urban Street Vendors (Protection of Livelihood & Regulation of Street Vending Rules, 2018) আইন তৈরি করা হয়েছে। এই আইনের অন্তর্গত টাউন ভেন্ডিং কমিটি গঠন করা হয়েছে এবং প্রয়োজনীয় স্কীম গঠন করা হচ্ছে।

২৪টি ULB-তে পৌর এলাকায় জমি এবং বাড়ি কর প্রদানের প্রক্রিয়াটিকে অন্‌লাইন করা হয়েছে যা, পর্যায়ক্রমে অন্যান্য ULB-তেও শীঘ্রই প্রসারিত করা হবে। এই বিভাগ আরও কিছু নাগরিক পরিষেবাকে Ease of Doing Business পরিষেবার অংশ হিসেবে e-District Portal-এর মাধ্যমে অন্‌লাইন করেছে, যেমন— শিল্পাঞ্চলে বিল্ডিং প্ল্যানের অ্যাপ্রুভাল, শিল্পাঞ্চলে দখলি জমির অধিকারে শংসাপত্র প্রদান, বিল্ডিং তৈরির প্রাথমিক পর্যায়ের সম্পূর্ণ হওয়ার কাজে শংসাপত্র প্রদান, জলের লাইনের কানেকশন, ট্রেড লাইসেন্সের পুনর্নবীকরণ এবং ট্রেড লাইসেন্সের পরিবর্তন।

আমি, নগরোন্নয়ন ও পৌরবিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১০,৯৩০ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৮ আবাসন বিভাগ

আবাসন বিভাগ 'গীতাঞ্জলি' স্কিমের শুরু থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত প্রায় ৩ লক্ষ ৮৩ হাজার ৭৯৬ জন মানুষের গৃহনির্মাণের জন্য অর্থ মঞ্জুর করেছে। ইতিমধ্যেই ৩ লক্ষ ৫৭ হাজার ৭৪১ জন মানুষের জন্য গৃহনির্মাণ সম্পূর্ণ হয়েছে।

আবাসন বিভাগ হাসপাতালের রোগীদের আত্মীয়-স্বজনদের থাকার জন্য—১৩টি 'নৈশাবাস' (Night Shelter) তৈরি করেছে। এগুলি হল ঃ

জে. এন. এম. হাসপাতাল, নদীয়া (১০০ বেড); উত্তরবঙ্গ মেডিকেল কলেজ এবং হাসপাতাল (১০০ বেড); সিউড়ি জেলা হাসপাতাল, বীরভূম (১০০ বেড); টি.এস. জয়সওয়াল হাসপাতাল, হাওড়া (৫০ বেড); উলুবেড়িয়া সাব-ডিভিশনাল হাসপাতাল, হাওড়া (৫০ বেড); মেদিনীপুর মেডিকেল কলেজ, পশ্চিম মেদিনীপুর (১০০ বেড); জলপাইগুড়ি জেলা হাসপাতাল, জলপাইগুড়ি (১০০ বেড); মালদা জেলা হাসপাতাল, মালদা (১০০ বেড); ঝাড়গ্রাম জেলা হাসপাতাল, ঝাড়গ্রাম (১০০ বেড); বারাসাত জেলা হাসপাতাল, উঃ ২৪ পরগনা (১০০ বেড); তমলুক জেলা হাসপাতাল, পূর্ব মেদিনীপুর (১০০ বেড); দেবেন মাহাত সদর হাসপাতাল, পুরুলিয়া (১০০ বেড); আর.জি.কর মেডিকেল কলেজ এবং হাসপাতাল, কলকাতা (১০০ বেড)।

এছাড়াও আবাসন বিভাগ 'কর্মরতা মহিলাদের জন্য হোস্টেল নির্মাণের কাজ সম্পূর্ণ করেছে যেগুলি হল – মালবাজার, জলপাইগুড়ি (৬১ বেড); বনমালী নস্কর রোড, কলকাতা (৬১ বেড);

বেচারাম চ্যাটার্জী রোড, কোলকাতা (৩৪ বেড); এইচ. কে. শেঠ রোড, কোলকাতা (৭৬ বেড); রিজেন্ট পার্ক, কোলকাতা (৩৪ বেড)।

একইসঙ্গে আরও একটি কর্মরত মহিলা হোস্টেল C.N. Ray Road, পিকনিক গার্ডেন, কলকাতায় (১২৩ বেড) তৈরি হয়ে যাবে ২০১৮-১৯ অর্থবর্ষে।

সম্প্রতি সরকারি কর্মীদের জন্য ৪টি 'রেন্টাল আবাসন প্রকল্প' তৈরি হয়ে গেছে। রাজ্যে বিভিন্ন জেলায় আরও ৫টি আবাসন প্রকল্প চলতি অর্থবর্ষে শেষ হয়ে যাবে।

আবাসন বিভাগ যাত্রীদের সুবিধার জন্য জাতীয়, রাজ্য ও গুরুত্বপূর্ণ অন্যান্য রাস্তার ওপর 'পথসাথী' নামে সুবিধা তৈরি করছে। বর্তমানে ৭১টি 'পথসাথী'র মধ্যে ৬৮টির কাজ শেষ হয়ে গেছে এবং আরও ২টির কাজ জোর কদমে চলছে।

আবাসন বিভাগ LIG এবং MIG শ্রেণিভুক্ত মানুষদের স্বল্পমূল্যে গৃহ তৈরির সাহায্যের স্বার্থে সরকারি জমিতে 'নিজশ্রী' (NIJASHREE) প্রকল্প নিয়েছে। এই প্রকল্পে জমির দাম, জল সরবরাহ, ড্রেনেজ ও বিদ্যুৎ সুবিধার খরচ ইত্যাদি পুরোপুরি সরকার বহন করবে।

আবাসন শিল্পের ক্ষেত্রে গ্রাহকদের স্বার্থ অক্ষুন্ন রাখতে West Bengal Housing Regulation Act, 2017-এর Section 20-র অন্তর্গত Housing Industry Regulatory Authority তৈরি করা হয়েছে। Web based application সুবিধাযুক্ত এই Regulatory Authority ইতিমধ্যেই কাজ শুরু করেছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে আবাসন বিভাগের জন্য ১,৩০০ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

সামাজিক ক্ষমতায়ন

৪.২৯ মহিলা ও শিশুবিকাশ ও সমাজ কল্যাণ বিভাগ

রাজ্যের flagship কন্যাশ্রী প্রকল্প পঞ্চম বর্ষে পড়েছে এবং এখনও পর্যন্ত ৫৫.১৭ লক্ষ কিশোরীকে এর আওতায় আনা হয়েছে। এখন রাজ্যের পড়ুয়া কন্যারা পূর্বতন ৭৫০ টাকার জায়গায় ১,০০০ টাকা করে বার্ষিক মেধাবৃত্তি পাচ্ছে। এছাড়াও এখন শুধুমাত্র দরিদ্র পরিবারের জন্য নয়, ১৩ থেকে ১৯ বছরের রাজ্যে সমস্ত অবিবাহিত কন্যাসন্তান এই প্রকল্পের আওতায় আসবে।

সামাজিক সুরক্ষা স্তরে রাজ্য সরকার 'রূপশ্রী' এবং মানবিক' নামে আরও দুটি নতুন স্কিম ২০১৮'র ১লা এপ্রিল থেকে চালু করেছে। 'মানবিক' প্রকল্পটি অক্ষম মানুষজনদের উদ্দেশ্যে পেনশন স্কিম। উল্লেখ্য 'রূপশ্রী' প্রকল্পে ১.৩৫ লক্ষ এবং 'মানবিক' প্রকল্পে ২.৪২ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন।

ইন্টিগ্রেটেড চাইল্ড প্রোটেকশন সার্ভিসের (ICPS) অধীনে ১৩৭ জন শিশুকে সর্বভারতীয় ক্ষেত্রে এবং ৩৩ জন শিশুকে বিদেশে দত্তক দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই সামাজিক

প্রচেষ্টার ফলে ২৮৮ জন হারিয়ে যাওয়া শিশুকে ঘরে ফেরানো হয়েছে। ৫২ জন পাচার হওয়া শিশুকে স্বদেশে ফেরানো হয়েছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে মহিলা ও শিশুবিকাশ ও সমাজ কল্যাণ বিভাগের জন্য ৫,৫২২ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩০ সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২০১৮-১৯ সালে Multi Sectoral Development Programme (MSDP)-এর সফল রূপায়ণের জন্য ৪৪৮.৭৯ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের শিক্ষাগত উন্নয়নের জন্য ৫২১.১৬ কোটি টাকা ব্যয়ে ৫০৭টি হোস্টেল (২৫৬টি বালক এবং ২৫১টি বালিকা) নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ৩৩৪টি চালু রয়েছে এবং এই হোস্টেলের আবাসিকদের প্রতিবছর ১০ হাজার টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে।

MSDP-এর সাহায্য না পাওয়া এমন ১৩টি জেলার ৩১টি ব্লকের উন্নয়নের ঘাটতি মেটানোর জন্য ইন্টিগ্রেটেড মাইনরিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম (IMDP)-এর মাধ্যমে এই বিভাগ ৮৩.৫০ কোটি টাকা বরাদ্দ করেছে।

এপর্যন্ত ৩১২টি কর্মতীর্থ (মার্কেটিং হাব) তৈরি হয়েছে যার মাধ্যমে বিপণনের সুবিধা বাড়ানোর জন্য এবং সংখ্যালঘু অধ্যুষিত এলাকায় কৃষক ও কারিগর এবং সংঘ্যালঘু যুব সম্প্রদায় এবং সেল্ফ-হেল্প গ্রুপের সদস্যদের স্বনির্ভর শিল্পে নিযুক্তি করা যাবে। ৩১২টি কর্মতীর্থের মধ্যে ১৪৪টি তাদের কাজ শুরু করে দিয়েছে এবং বাকি ১৬৮টি কর্মতীর্থের কাজ মার্চ ২০১৯-এর মধ্যে সম্পূর্ণ হওয়ার পথে।

চলতি অর্থবর্ষে সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের জন্য Pre-Matric, Post-Matric, Merit-cum-Means, Talent Support Programme প্রভৃতির জন্য ৩৩৪.২০ কোটি টাকা খরচ করা হয়েছে। সরকারের ব্যাপক প্রচারের ফলে শুধু এই বছর Pre-Matric এবং Post-Matric ছাত্রবৃত্তি প্রদানের ক্ষেত্রে ৩৭ লক্ষ আবেদন পত্র জমা পড়েছে যা একটি নতুন জাতীয় রেকর্ড। বলা বাহুল্য এই নতুন রেকর্ড বিগত বছরের রেকর্ডকে ছাপিয়ে গেছে।

১৫০টি মাদ্রাসায় ৩০০টি স্মার্ট ক্লাসরুম তৈরি করা গেছে এবং ICT-এর মাধ্যমে ১৬৯টি মাদ্রাসায় e-Learning-এর ব্যবস্থা করা গেছে।

চলতি অর্থবর্ষে সংখ্যালঘু উন্নয়নকল্পে সরকার বিভিন্ন কর্মসূচি নিয়েছে, যেগুলি হল— আলিয়া বিশ্ববিদ্যালয়ের চলতি নির্মাণ কাজ, সংখ্যালঘু আবাস, আই.টি.আই./পলিটেকনিক কলেজ তৈরি, তৃতীয় হজ হাউস, কবরস্থানের সীমানা পাঁচিল, ইংলিশ মিডিয়াম মাদ্রাসা প্রভৃতি। এছাড়াও চলতি বছরে অন্যান্য প্রসারমূলক স্কিম যেমন— সংখ্যালঘু ছাত্রদের ঋণপ্রদান,

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের জন্য ডিজিটাল সাহিত্যের প্রচলন, ডিভোর্সি, অবিবাহিতা বা একলা থাকেন এমন মহিলাদের সুবিধার্থে আবাসন প্রকল্প, উর্দু ভাষা ও সাহিত্যের প্রসারের জন্য প্রকল্প প্রভৃতি নেওয়া হয়েছে।

আমি, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪,০১৬ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩১ অনগ্রসর শ্রেণিকল্যাণ এবং উপজাতি উন্নয়ন বিভাগ

রাজ্য সরকার পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ১১ লক্ষ তপশিলি জাতিভুক্ত এবং ২ লক্ষ উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীকে 'শিক্ষাশ্রী' ছাত্রবৃত্তি প্রদান করা হয়েছে। এই কারণে সরকার যথাক্রমে ৮৩ কোটি এবং ১৬ কোটি টাকা চলতি অর্থবর্ষে খরচ করেছে।

এছাড়াও অতিরিক্ত ৮.৪৬ লক্ষ তপশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রীকে প্রি এবং পোস্ট-ম্যাট্রিক ছাত্রবৃত্তি প্রদানের ক্ষেত্রে আরও ৩৩৪.০৯ কোটি টাকা সরকারের খরচ হবে।

৫.৫৪ লক্ষ OBC সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রী 'প্রি-ম্যাট্রিক' OBC ছাত্রবৃত্তির জন্য ৮৩.১০ কোটি টাকা এবং ৩.৭৫ লক্ষ OBC সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীর পোস্ট-ম্যাট্রিক ছাত্রবৃত্তির জন্য ১১৯.১০ কোটি টাকা চলতি অর্থবর্ষে খরচ হবে।

২০১৮-১৯ অর্থবর্ষ থেকে তপশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের মাসিক 'আবাসিক ভাতা' ৭৫০ টাকা বৃদ্ধি করে ১,০০০ টাকা করা হয়েছে যার ফলে ৯৬ হাজার আবাসিক এই বছরে উপকৃত হবেন। আশ্রমিক আবাসিকদেরও বার্ষিক আবাসিক ভাতা ১,১০০ টাকা থেকে বৃদ্ধি করে ১,৫০০ টাকা করা হয়েছে যার ফলে প্রায় ৩,০০০ আশ্রমিক আবাসিক উপকৃত হবেন।

রাজ্যে OBC সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য পূর্ব মেদিনীপুরে ৩টি নতুন হোস্টেল সহ ১০টি হোস্টেল চালু আছে। এছাড়াও মালদা জেলায় আরও দুটি নতুন হোস্টেল চালু হবে।

জলপাইগুড়ি এবং উত্তর ২৪ পরগনায় ২৩ কোটি টাকা ব্যয় করে দুটি নতুন 'ডক্টর বি.আর. আম্বেদকর আবাসিক স্কুল' তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে। দুটি স্কুলই ২০১৯-২০ বর্ষে চালু হয়ে যাবে।

রাজ্য সরকারের 'সবুজসাথী' প্রকল্প চালু রয়েছে। এই স্কিমে ১ কোটি ছাত্র-ছাত্রীর লক্ষমাত্রার ভিতর ৭০ লক্ষ ছাত্র-ছাত্রীকে সাইকেল বিতরণ করা হয়েছে। এছাড়াও ২০১৮ শিক্ষাবর্ষে শুধুমাত্র নবম শ্রেণির ১২.৩৮ লক্ষ ছাত্র-ছাত্রীকে এই স্কিমের আওতায় নিয়ে আসা হয়েছে।

চলতি অর্থবর্ষে ৪,০৬,০৯৫ জাতি শংসাপত্র দেওয়া হয়েছে, যেখানে তপশিলি জাতি এবং উপজাতিদের সংখ্যা হল ২,২৪,৯৩০ এবং ও.বি.সি. দের সংখ্যা হল ১,৮১,১৬৫। আশা করা যায় যে আরও ১.৫০ লক্ষ জাতি শংসাপত্র চলতি বছরের শেষে বিতরণ করা যাবে।

উপজাতি উন্নয়ন বিভাগের অন্তর্গত ৬টি উন্নয়ন ও সাংস্কৃতিক বোর্ড তৈরি করা হয়েছে।

স্বনির্ভরতার বিকাশের জন্য ২০১৭-১৮ আর্থিক বর্ষে বিশেষ কেন্দ্রীয় সাহায্য (SCA to SCSP)-এর মাধ্যমে ৮৬.২৭ কোটি টাকা খরচ করা হয়েছে।

উত্তর ২৪ পরগনার বনগাঁয় 'আম্বেদকর সেন্টার ফর এক্সিলেন্স (ACE)' তৈরির কাজ শেষ পর্যায়ে। আশা করা যায় ২০২০-২১ সালে এটি কার্যকরী হবে।

বিভিন্ন সরকারি দপ্তরে তপশিলি উপজাতি সম্প্রদায়ের নিযুক্তির ঘাটতি দূরীকরণের জন্য স্পেশাল রিক্রুটমেন্ট ড্রাইভ-এর মাধ্যমে এই সময় পর্যন্ত ১,৭৩৬ জন তপশিলি উপজাতিভুক্ত প্রার্থী নিযুক্তিকরণ করা গেছে।

সামাজিক সুরক্ষা প্রকল্পের অধীনে পশ্চিমবঙ্গ কেন্দুপাতা সংগ্রাহক সামাজিক সুরক্ষা স্কিম (WBKLCSSS) ২০১৫'য় ৫৭৪ জন সুবিধাভোগীকে নিয়মিত আর্থিক সহায়তা বা ত্রাণ দেওয়া হচ্ছে।

গ্রামীণ এলাকা এবং পাহাড়ে চা-বাগানসহ রাজ্যে তপশিলি উপজাতিদের জন্য মাসিক ১ হাজার টাকা বার্ধক্য ভাতা দেওয়া হচ্ছে, যার ফলে ১,৪৯,৩২৭ জন তপশিলি উপজাতি মানুষ উপকৃত হচ্ছেন। ২০১২-১৩ সাল থেকে সরকার ৪৬,৪১০ জন ব্যক্তিগত বনপাট্টা, ৭৩৮টি কমিউনিটি বন অধিকার এবং ৬৪টি কমিউনিটি বনসম্পদ অধিকার বিতরণ করেছে বনাঞ্চল অধিবাসীদের। ৩২৩টি 'জহের থান' (সাঁওতাল সম্প্রদায়ের পবিত্র স্থান) বেড়া দিতে সরকার ২.৬২ কোটি টাকা ব্যয় করেছে।

পশ্চিমবঙ্গ সরকার কুরুখ ভাষাকে সরকারি ভাষা হিসাবে মান্যতা দিয়েছে।

আমি, অনগ্রসর শ্রেণিকল্যাণ ও উন্নয়ন বিভাগ এবং উপজাতি উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯৬৬ কোটি ও ৯১২ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩২ শ্রমিক কল্যাণ বিভাগ

২০১৭'র ১লা এপ্রিল থেকে চালু হওয়া সামাজিক সুরক্ষা যোজনা আওতায় পাঁচটি বিভিন্ন রকম একক ও অভিন্ন সুবিধাপ্রাপ্ত সামাজিক সুরক্ষা স্কিম কার্যকর করা হয়েছে। ২০১৮'র অক্টোবর পর্যন্ত ১.০১ কোটি শ্রমজীবী মানুষ এই প্রকল্পের অধীনে সামাজিক মুক্তি কার্ডের সুযোগসুবিধা পেয়েছেন। এই খাতে মোট ১,২৭৪.২৯ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

দেশের মধ্যে এই প্রথম একটি বিশেষ প্রকল্পের মাধ্যমে মেয়েদের স্নাতক স্তরের শিক্ষা অথবা দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা সম্পূর্ণ করার জন্য বিশেষ সুবিধা দেওয়া হবে। এই স্কিমে তারা বিয়ের আগে পর্যন্ত শিক্ষা ও দক্ষতা শেষ করতে পারেন, যাতে উচ্চশিক্ষাপ্রাপ্ত হবে ও অল্প বয়সে বিয়ে বন্ধ করা সম্ভব হবে।

সমস্ত অসংগঠিত শ্রমিকদের চিকিৎসার সুবিধার্থে বার্ষিক চিকিৎসা বিমা ১০ হাজার টাকার জায়গায় বার্ষিক ২০ হাজার টাকা করা হয়েছে। অপারেশনের ক্ষেত্রে বছরে ৬০ হাজার টাকা এককালীন সুবিধা দেবার ব্যবস্থা করা হয়েছে।

এছাড়াও পূজা ও ইদে অনুদান বাবদ আরও ১ হাজার ৫০০ টাকা বছরে দেওয়া হচ্ছে। এই খাতে সরকার ১৩,২৭১ জন শ্রমজীবী মানুষকে ২০১৮'র অক্টোবর পর্যন্ত ১৮.৩৫ কোটি টাকা দিয়েছে।

যুবশ্রী প্রকল্পের অধীনে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত রাজ্যের ১ লক্ষ কর্মপ্রার্থী যুবককে মাসে ১ হাজার ৫০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

আমি ২০১৯-২০ অর্থবর্ষে শ্রমিক কল্যাণ বিভাগের জন্য ৯৫৯ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩৩ স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগ

'স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' (SVSKP)-এর অধীনে চলতি অর্থবর্ষে ২০১৮'র ডিসেম্বর পর্যন্ত ১৭,৪৭৯ জন উদ্যোগীকে ১৩৭.৬১ কোটি টাকা সহায়তা করা হয়েছে।

স্বনির্ভর গোষ্ঠীগুলির ঋণের বোঝা লাঘব করার লক্ষ্যে পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্প' (WBSSP)-এর অধীনে ৩,৭০,১৩৭টি সেল্ফ-হেল্প গ্রুপ (SHG)-এর মাধ্যমে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সুদের ভর্তুকি বাবদ ১৫৭.৯১ কোটি টাকা দেওয়া হয়েছে।

[3:00 p.m. – 3:11 p.m.]

বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীগুলির দক্ষতা বৃদ্ধি তথা তাদের দ্রব্যগুলির বিপণন করার জন্য ১২টি 'ট্রেনিং কাম মার্কেটিং কমপ্লেক্স' (কর্মতীর্থ) তৈরি করা হয়েছে। তদুপরি আরো ৩৩টি কর্মতীর্থের কাজ হাতে নেওয়া হয়েছে।

আমি, স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬২২ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩৪ উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ

পাহাড়ের বিভিন্ন চা-বাগানগুলির প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলিতে প্রচুর সংখ্যক অঙ্গনওয়াড়ি কেন্দ্র, ক্রেশ, মিড-ডে মিল কিচেন শেড, মিড-ডে মিল খাওয়ার ঘর তৈরি করেছে। এই স্কুলগুলির রক্ষণাবেক্ষণ, সংস্কার এবং রং করার জন্যও প্রয়োজনীয় অর্থ প্রদান করা হয়েছে।

সরকার আদিবাসী অধ্যুষিত এলাকা ও পাহাড়ের চা-বাগানে পানীয় জলের সমস্যা মেটাতে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের মাধ্যমে মিনি পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম চালু করেছে।

উত্তরবঙ্গের বিভিন্ন জেলাতে গ্রাম্য বাজার এবং হাটগুলির সংস্কার করার জন্য উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

উত্তরবঙ্গের সাংস্কৃতিক ঐতিহ্যকে বজায় রাখতে আধুনিক সুবিধাযুক্ত অডিটোরিয়ামগুলিকে সংস্কার এবং উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। বিভিন্ন মিউনিসিপ্যাল এলাকার শ্মশানে ইলেকট্রিক চুল্লী বসানোর কাজ হাতে নিয়েছে।

জলপাইগুড়ি, বালুরঘাট এবং ধুপগুড়ি শহর ও ওখানকার নদীর পাড়গুলির সৌন্দর্যায়নে বিভিন্ন পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। উত্তরবঙ্গের বিভিন্ন পৌরসভায় বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাস্তায় LED লাইটের ব্যবহার করা হচ্ছে।

উত্তরবঙ্গের মালদা, দার্জিলিং, আলিপুরদুয়ার এবং দক্ষিণ দিনাজপুর জেলার গ্রামীণ এলাকায় ক্রীড়াক্ষেত্রে উৎসাহদানের জন্য MGNREGA প্রকল্পের মাধ্যমে বিভিন্ন গ্রামীণ স্টেডিয়াম তৈরি করা হচ্ছে।

এই বিভাগ দক্ষিণ দিনাজপুর জেলার হিলি সীমান্তে এবং মালদা জেলার নারায়ণপুর এবং কোচবিহার জেলার খাগড়াবাড়িতে ৩টি ট্রাক-টার্মিনাস তৈরি করছে। প্রতিটি ট্রাক-টার্মিনাস তৈরি করতে প্রায় ২০ কোটি টাকা খরচ হবে।

২০১৮-১৯ অর্থবর্ষে উত্তরবঙ্গে কৃষিক্ষেত্রে ক্ষুদ্রসেচ এবং ড্রেনেজ (প্রণালী)-এর জন্য ৭০ কোটি টাকা খরচ হবে।

আমি, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬৮৩ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩৫ সুন্দরবন উন্নয়ন বিভাগ

সুন্দরবনের প্রত্যন্ত ও দুর্গম এলাকাগুলিতে যোগাযোগ ব্যবস্থা সুগম করতে সুন্দরবন উন্নয়ন বিভাগ পরিকাঠামো উন্নয়নে বিশেষ জোর দিয়েছে। পাথর প্রতিমা ব্লকের অন্তর্গত গোপাল নগর গ্রাম পঞ্চায়েতের মুসলিম পাড়ায় আরোরা নদীর উপর ৩৬৯.৮ লক্ষ টাকা ব্যয়ে RCC ব্রিজ নির্মাণ করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা জেলায় নামখানাতে নারায়ণী বিদ্যামন্দিরের (উচ্চ মাধ্যমিক) কাছে ১৫৩.৮৩ লক্ষ টাকা ব্যয়ে একটি RCC ব্রিজ নির্মাণ করা হয়েছে যা ঘিয়াবতী খালের উপর দিয়ে সোজা নারায়ণপুর এবং গণেশনগরসহ নাদাভাঙা গ্রাম পঞ্চায়েতকেও যুক্ত করবে। দক্ষিণ ২৪ পরগনা জেলায় কাকদ্বীপ ব্লকের ময়না পাড়া (জেলেপাড়া) ঘিয়াবতী নদীর উপর ২১৮.২২ লক্ষ টাকা প্রকল্প ব্যয়ে RCC ব্রিজ নির্মাণ সম্পূর্ণ হয়েছে।

দাঁড়িয়ে ২,৬৩১টি প্রাইমারী এগ্রিকালচারাল ক্রেডিট কোঅপারেটিভ সোসাইটি, যেটা কৃষকদের জন্য তাদেরকে আমরা ব্যাঙ্কিং সেক্টরে পরিণত করেছি। এই ব্যাঙ্কিং সেক্টরে পরিণত করার জন্য আমাদের রাজ্যের প্রায় ১০ কোটি মানুষ যারা বিভিন্ন জায়গায় ব্যাঙ্কিং সেবা পেতনা, তারা আজকে ব্যাঙ্কিং সেবা পাচ্ছে। কন্যাশ্রী প্রকল্পে আমরা দৃষ্টান্তমূলক রূপশ্রী চালু করে ৩২০ কোটি টাকা খরচ করে ১ লক্ষ ২৬ হাজার জন মেয়ের হাতে আমরা টাকা তুলে দিতে পেরেছি। তারা রূপশ্রী, তারা বিশ্বশ্রী এবং তারাই আমাদের ভবিষ্যৎ। আমাদের মানবিক প্রকল্পে এখনো পর্যন্ত ২ লক্ষ ৩৫ হাজার মানুষ সুবিধা পেয়েছে। রাজ্যে ৪২টি সুপার স্পেশালিটি হাসপাতাল চালু হয়েছে। এক একটা সুপার স্পেশালিটি হাসপাতাল দেখলে আপনারা ভাববেন, নার্সিং হোমের থেকে কোনটাই কম নয় অনেক বেশি। আমাদের পরিবর্তন কি জানেন, এক সময় বামফ্রন্টের আমলে নার্সিং হোমের জন্য হাসপাতাল বন্ধ হয়ে যেত, আর এখন আমাদের সরকারি হাসপাতালের জন্য নার্সিং হোম বন্ধ হয়ে যাচ্ছে। এত লোক সরকারি হাসপাতালে আসছে, আপনারা হাসপাতালে গেলে দেখবেন হাজার হাজার মানুষ আজকে সরকারি হাসপাতালে পরিষেবার জন্য আসছে, আমাদের শিক্ষা ব্যবস্থা যেখানে ১৯তম স্থানে নেমে গিয়েছিল, আমি দৃঢ় কণ্ঠে চ্যালেঞ্জ নিয়ে বলতে পারি আমাদের শিক্ষা ব্যবস্থা এক নম্বর স্থানে আছে, তার জন্য আমাদের শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী যে উদ্যোগ নিয়েছেন, সেই উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি। ২০১১ সালে যাঁরা বলতেন 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি'। বামফরচুনেটদের আমলে মাত্র ১২টা ইউনিভার্সিটি ধুঁক ধুঁক করে চলছিল, যেখানে মাত্র ৬০০-৭০০ সীট ছিল, আমাদের সরকারের আমলে এই সাত বছরে ৪০টা বিশ্ববিদ্যালয় স্থাপন করেছি।

এবং মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করেছি, ট্রাইবালদের জন্য বিশ্ববিদ্যালয় স্থাপন করেছি দার্জিলিংএ আলিপুরদুয়ার আমাদের সবচেয়ে প্রত্যন্ত এলাকা আমার বিধানসভা ক্ষেত্র সেখানেও বিশ্ববিদ্যালয় দিয়েছেন। আমি যখন বিশ্ববিদ্যালয়ে পড়তে আসতাম, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ৭০০ কিলোমিটার দূর থেকে পড়তে আসতে হত। আর আজকে আলিপুরদুয়ারের ছেলেরা নিজেদের বাড়িতে থেকে, বাড়ির ভাত খেয়ে বিশ্ববিদ্যালয়ে পড়তে পারবে। রাজ্যে উচ্চশিক্ষায় ছাত্রের সংখ্যা ২০১০-১১ সালে ছিল ১৩ লক্ষ। সুজনবাবুদের আমলে ১৩ লক্ষ ছাত্র-ছাত্রীদের পড়ানোর সুযোগ দেওয়া হত। আমরা ২০ লক্ষ ছাত্র-ছাত্রীকে মাত্র সাত বছরে বৃদ্ধি করে ফেলেছি পশ্চিমবঙ্গে। 'শিক্ষাশ্রী' স্কীমে ৭০ লক্ষ এস.সি.,এস.টি. ছাত্র-ছাত্রী মেধাবৃত্তি পেয়েছে। 'সবুজসাথী' আওতায় ১ কোটি বাই-সাইকেল বিতরণ হয়েছে এবং সবচেয়ে লজ্জার ব্যাপার যে আমাদের এই রাজ্যে এস.সি.,এস.টি.,ও.বি.সি., নমঃশুদ্র, নেপালী, আদিবাসী এদের নিয়ে সব সময় বামফ্রন্ট বিজেপি-কংগ্রেস রাজনীতি করেছে কিন্তু কোন দিন বোর্ড দেয়নি। আর আমাদের মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার ১৫টা বোর্ড দিয়েছে, রাজবংশীদের ভাষা অ্যাকাডেমি করেছে, কামতাপুরিদের ভাষা অ্যাকাডেমি করেছে, নমঃশুদ্রদের বোর্ড দিয়েছে এবং সবাইকে স্বাধীনতা দিয়েছে কাজ করার জন্য। আর আপনারা শুধু রাজনীতি করেছেন। ভারতবর্ষের সর্ববৃহৎ হরিচাঁদ ঠাকুর এবং গুরুচাঁদ ঠাকুরের অবদানকে মাথায় রেখে ঠাকুরনগরে বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত

নিয়েছে সরকার। ৪৪৫টি সংখ্যালঘুদের হোস্টেল, ৩১২টি কর্মতীর্থ তৈরি করেছে আমাদের সরকার এবং আমাদের সরকার সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে। আমি ধন্যবাদ জানাতে চাই যে, উত্তরবঙ্গে প্রত্যন্ত চা'বাগান - যে চা বাগানে বামফ্রন্টের আমলে আড়াই হাজার মানুষ ম্যালনিট্রিশানে মারা গিয়েছিল। সাড়ে তিন হাজার আমাদের মা-বোনদের অন্যত্র নিয়ে গিয়ে কাজের নামে বিক্রিও করা হয়েছিল বামফ্রন্টের আমলে। এদের বিরুদ্ধে আমরা তদন্তের দাবি করেছিলাম, মামলা করেছিলাম হাইকোর্টে। সেই সময় আমাদেরকে গ্রাহ্য করা হয়নি আজকের রাজ্যের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার দুই টাকা কেজি দরে চাল-গম সমস্ত চা বাগানে দেয়, বন্ধ চা বাগানে সবাইকে দেয় এবং সেসও মকুবও করে দিয়েছে। আদিবাসী ভাই-বোনদের পাশে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার দাঁড়িয়েছেন। উত্তরবঙ্গে উন্নয়নে আজকে বাজেট বৃদ্ধি হয়েছে, ৬৭৩ কোটি টাকা এই বছর আমাদের দেওয়া হয়েছে। পশ্চিমাঞ্চলকে ৫০০ কোটি টাকার উপর দেওয়া, সুন্দরবনকেও ৫০০ কোটি টাকার উপর দেওয়া হয়েছে। বামফ্রন্ট আমলে এটা ছিল না। আমি তাই বাজেটকে ধন্যবাদ জানিয়ে, এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী তন্ময় ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমাদের অর্থমন্ত্রীকে অভিনন্দন জানানোর মধ্যে দিয়ে। একটু আগে আমাদের বিরোধী দলনেতা আব্দুল মান্নান সাহেব অন্য একটা প্রসঙ্গে আপনাকে বলছিলেন যে আমরা সবাই তো রবীন্দ্রনাথ নয়। কিন্তু ঘটনা এই যে রবীন্দ্রনাথের যত লেখা আমরা পড়েছি তাতে যত প্রশংসা বাক্য আমরা উচ্চারিত হতে দেখেছি, সম্ভবত সেই সমস্তগুলো যোগ করলেও মাননীয় অর্থমন্ত্রীর প্রশংসা আমি শেষ করতে পারব না। ৬০ পাতায়, একটু আগে সৌরভবাবু উল্লেখ করেছেন ৯ লক্ষ ৫ হাজার গত বছর নতুন কর্মসংস্থানের কথা, আমি অভিভূত স্যার। আগে এটা ছিল ৯০ লক্ষ কাজ পেয়েছে, আর এর সঙ্গে যোগ হল ৯ লক্ষ ৫ হাজার, মানে ৯৯ লক্ষ ৫ হাজার। ২০১০-১১ সালে স্লোগান শুনতাম ৫৫ লক্ষ বেকারের কারাগার। সেই ৫৫ লক্ষ তো কাজ পেলোই, আরও ৪৪ লক্ষ নতুন কাজ পেল। স্যার, আমাদের রাজ্যে ১৯ থেকে ৩৫ বছর বয়সি ছেলে-মেয়ে কাজের বাজারে আসে প্রতি বছরে তিন লক্ষ। সাত বছরে আসার কথা ২১ লক্ষ। ৫৫ আর ২১ যোগ করে, তার থেকে আরও ২৩ লক্ষ বেশি কাজ আমাদের মাননীয় অর্থমন্ত্রী ব্যবস্থা করেছেন।

[12:10 p.m. – 12:20 p.m.]

আমি জানি না স্যার, আমাদের অর্থমন্ত্রী আমাদের রাজ্য ছাড়িয়ে দেশের সীমা ছাড়িয়ে বিদেশের বেকারদেরও কাজ দেওয়ার ব্যবস্থা করছেন কিনা। আমি বুঝে উঠতে পারছি না স্যার। বুঝতে আমার একটু অসুবিধা হচ্ছে। প্রশংসারও ভাষা পাচ্ছি না। এরপরেও আরও প্রশংসা আছে স্যার। ৫৮ পাতায় বছরে ৫০ হাজার যুবক-যুবতীকে ১ লক্ষ টাকা করে আগামী পাঁচ বছর

আর্থিক সাহায্য দেওয়া হবে বলেছেন। স্যার, এত কাজ দেওয়ার পরে আবার বছরে এক লক্ষ ! তাদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্য - কেন স্যার, প্রয়োজন। বুঝতে পারছি না।

....(গোলমাল)....

মিঃ স্পিকার : বলুন, আপনি বলুন। আপনি বলে যান। ওনাকে ডিসটার্ব করবেন না প্লিজ।

শ্রী তন্ময় ভট্টাচার্য : পরশবাবু বসে পড়লে সুজনবাবুকে বসতে হয়। তো উনি চেঁচালে আমারও বসার অধিকার আছে পরশবাবু।

মিঃ স্পিকার : কাউকে অনুকরণ করতে হবে না। নিজের মত করে আপনি বলুন।

....(গোলমাল)....

মিঃ স্পিকার : প্লিজ বসুন। কেন ওনাকে ডিসটার্ব করছেন ? প্লিজ, বলুন আপনি, বলুন। আপনারা ওনাকে ডিসটার্ব করবেন না, প্লিজ।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, ৩০ পাতায় কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার - পে কমিশন, ডি এ নিয়ে কোন কথা নেই। ২৫ পাতায় দেখুন, দেখুন একটু, আপনারাও দেখুন ট্রেজারি বেঞ্চ। আপনাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ব্যবহার করে কত অসত্য দেওয়া হচ্ছে, আপনারা দেখুন। ২৫ পাতায় বলা হয়েছে ১২টি বিশ্ববিদ্যালয়ের জায়গায় ৩০টি বিশ্ববিদ্যালয়, আর ৬ পাতায় বলা হয়েছে ১২টি বিশ্ববিদ্যালয়ের জায়গায় ৪০টি বিশ্ববিদ্যালয়। কোনটা ঠিক, আপনারা বলুন। ২৪ পাতায়। বিদ্যালয় শিক্ষা বিভাগ - এম.এস.কে, এস.এস.কে, প্যারাটিচার, শিক্ষা বন্ধু, কনট্র্যাকচুয়াল টিচার, ভোকেশনাল টিচার- একটা কথা নেই। ২৩ পাতায় ভালো করে দেখুন নির্মল মাজিবাবু, ৩৮টি সুপার স্পেশ্যালিটি হাসপাতাল, ৫ পাতায় বলা হচ্ছে ৪২টি সুপার স্পেশ্যালিটি হাসপাতাল, একই পাতায় ৭০টি এস.এন.সি.ইউ, ৫ পাতায় ৩০৭টি এস.এন.সি.ইউ, এক পাতায় ৭০টি এস.এন.সি.ইউ, আর এক পাতায় ৩০৭টি এস.এন.সি.ইউ, ট্রেজারি বেঞ্চের লোকেরা দেখুন। স্যার, দক্ষিণেশ্বরের স্কাইওয়াকটা সত্যিই খুব ভালো হয়েছে। ৬৫ কোটি ১৬ লক্ষ টাকা খরচ হয়েছে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন। স্যার, এই বি.জে.পি তো মিথ্যা কথা বলে। ওরা ওখানে প্রচার করছে। ভারত সরকার নাকি একশো কোটি টাকা ওটার জন্য দিয়েছে। আর হিসাব চাইছে যে বাকি ৩৫ কোটি টাকা কি হল। জবাবী ভাষণে মাননীয় অর্থমন্ত্রী বলে দিলে আমি আর তাপসদা ওটা প্রচার করতে পারব স্যার। সেটা যেন একটু বলে দেয়, আপনি নির্দেশ দেবেন। স্যার, ২৬ হাজার কিঃ মিঃ রাস্তা তৈরি করেছেন। এত জায়গা কোথায় পেলেন স্যার ? রাস্তা তৈরি, সংস্কার, ডিভাইডার, রেলিং দেওয়া, নীল-সাদা রঙ করা, এগুলো কি সমার্থক স্যার, এগুলো কি রাস্তা তৈরির সমপরিমাণ ? ২৬ হাজার কিঃ মিঃ রাস্তা - অসত্যেরও একটা লিমিট থাকে। গল্পের গরুকে গাছে চড়ানো ভালো, ওজোন স্তর অতিক্রম করিয়ে দিলে তারা কিন্তু আর কার্বন ডাই অক্সাইড পাবে না, বেঁচে থাকবে না স্যার। কৃষকের গড় আয় তিন গুণ। আমি স্যার বক্তৃতা শেষে একটাই অনুরোধ করব যে একটা চিঠি, মাননীয়া মুখ্যমন্ত্রীর চিঠি, পশ্চিমবঙ্গ সরকার কোথাও লেখা

নেই। ব্লক, মিউনিসিপ্যালিটি, গ্রাম পঞ্চায়েত, সকলকে ব্যবহার করে প্রত্যেক ইনডিভিজুয়াল বেনিফিসিয়ারীর কাছে পাঠানো হচ্ছে। স্কুলগুলোকে ব্যবহার করে প্রত্যেক ছাত্র-ছাত্রীর কাছে পাঠানো হচ্ছে। মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত চিঠি, পশ্চিমবঙ্গ সরকারের চিঠি নয়, বিশ্ব বাংলার লোগো লাগানো আছে, পশ্চিমবঙ্গ সরকার লাগানো নেই। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এটা সাংবিধানিক কিনা। আর আবেদন করছি স্যার, এই যে কৃষকের গড় আয় ৩ গুণ—আরেকটা চিঠি করে সব কৃষকের বাড়িতে বাড়িতে দিয়ে দিন। ওদের একটু হাজার দুঃখের মধ্যে আনন্দে হাসতে দিন স্যার। ওরা হাসতে ভুলে গেছে। ওরা যাতে একটু হাসতে পারে, সেই সুযোগ করে দিন স্যার।

Shri Samir Kumar Jana : শ্রদ্ধাভাজন অধ্যক্ষ মহোদয়, আজকের মহতি সদনে দু'টি বিষয়ের ওপরে আলোকপাত করব। Demand on Motion ২০১৯-২০ এবং Supplementary Estimate for the year 2018-19. দীর্ঘ সময় ধরে আলাপ-আলোচনা মহতি সদনে হচ্ছে। ইতিমধ্যেই সরকারি পক্ষের এবং বিরোধী পক্ষের বিধায়কগণ এই আলোচনায় অংশগ্রহণ করেছেন। বিশেষ করে একটু আগে মাননীয় তন্ময়বাবু সিপিআইএম দলের দায়িত্বশীল সদস্য, তিনি বক্তব্য রাখতে গিয়ে যে সমস্ত তথ্যগুলোকে তুলে ধরবার চেষ্টা করেছেন সেখানে তিনি এই সদনে এসে উপলব্ধি করবার চেষ্টা করেছেন যে, ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে, ২০১৯-এ আসার পরে যে উন্নয়নের খতিয়ানটা এখানে পর্যবসিত হয়েছে সেই খতিয়ানের সঙ্গে তিনি সামঞ্জস্য খুঁজে পাননি। এটা না পারারই কথা কারণ তার মধ্যে ভালো অভিজ্ঞতা রয়েছে। দীর্ঘ চৌঁত্রিশটা বছর ধরে যখন তাঁরা দায়িত্ব পালন করে গিয়েছিলেন তখন কী ভাবে দায়িত্ব পালন করেছিলেন? অর্থনৈতিক বনিয়াদটাকে কতটা সুদৃঢ়ভাবে তৈরি করেছিলেন সেটা বোধ হয় তারা উপলব্ধি করলে বর্তমানের যে উন্নয়নটাকে অসামঞ্জস্যপূর্ণ বলতে পারবেন কিনা এটা বিবেকের কাছে প্রশ্ন করে দেখবেন। তাহলে আপনারা ভালোভাবেই জানেন, আপনারা যাওয়ার সময় দু'লক্ষ তিন হাজার কোটি টাকার ঋণের বোঝা নতুন গভর্নমেন্টের ওপরে চাপিয়ে দিয়েছিলেন। এটাকে বোধ হয় অস্বীকার করার কোনো উপায় নেই কারণ আপনাদের সময় বাজেট যখন পেশ হ'ত সেখানে ঘাটতি শূণ্য বাজেট প্রথমে placement হ'ত। কিন্তু এখানে আপনি অবাক হয়ে দেখছেন। এটাও বিশেষভাবে পরিলক্ষিত হচ্ছে যে, আপনাদের যাওয়ার আগে ভারতবর্ষে যখন এফ.আর.বি.এম-টাকে চালু করবার জন্য বিভিন্ন বিধানসভার কাছে খবরটাকে পাঠানো হয়েছিল আপনারা তখন এফ.আর.বি.এম-এর ধারে-কাছে জাননি। তার একটি মাত্র কারণ, নিয়ম বহির্ভূত পদ্ধতিতে যে ৪৫ হাজার কোটি টাকা যার হিসাব কোথাও আপনারা দেখাতে পারেন? এফ.আর.বি.এম-এর অন্তর্ভুক্ত হতে গেলে ধরা পড়ে যাবেন বলে আপনাদের আমলে এফ.আর.বি.এম-টাকে স্বাগত জানান নি। যখন আপনাদের বিদায় লগ্ন এসে গেছে ঠিক সেই সময়ে এফ.আর.বি.এম-টাকে চালু করলেন। মাননীয়া মুখ্যমন্ত্রীর যে উদ্যোগ, মাননীয় অর্থমন্ত্রী যেভাবে তাঁর অর্থনৈতিক বুদ্ধিমত্তার মধ্য দিয়ে এই বাজেটকে সুন্দর জায়গায় পরিবেশন করে তুলে ধরেছেন আপনি কি দায়িত্বশীল ব্যক্তি হিসাবে কখনই কি বলতে পারবেন যে, এখানে এফ.আর.

বি.এম-এর নিয়ম-কানুনকে লঙ্ঘন করা হয়েছে? সাপ্লিমেন্টারি বাজেট বিধানসভায় পাশ করাতে হয়, এটা নিয়মে আছে। সাপ্লিমেন্টারি বাজেটে কোনো সমালোচনা চলে না। যখন সাপ্লিমেন্টারি বাজেট placement করা হয় তখন কতগুলো দাবী থাকে। সেই দাবীর বেশিরভাগটা হতে পারে সেটা বিধানসভায় পাশ করে নিতে হয়। মাননীয় অর্থমন্ত্রী প্রত্যেকটি ছত্রে ছত্রে আমরা যে সমস্ত ঋণ গ্রহণ করেছিলাম, আপনাদের যে ঋণটা চাপিয়ে দিয়েছিলেন, পাপের বোঝাটা আমাদের ওপর চাপিয়ে দিয়েছিলেন তার জন্য প্রতি বছরে আমাদের এখন প্রায় পঞ্চাশ হাজার কোটি টাকা আমাদের রাজস্ব থেকে চলে যাচ্ছে, কেন্দ্রের সরকারকে দিই। আপনারা যখন এখান থেকে বিদায় নিচ্ছেন আপনারা হিসাব করে দেখবেন সেই সময় রাজস্ব আয় দেখিয়েছিলেন আপনাদের সময়ে একুশ হাজার কোটি টাকা। আর আমরা সেই জায়গায় একুশ হাজার কোটি টাকা থেকে taxation এবং সরলীকরণের মধ্য দিয়ে সমস্ত কিছু ভালো জায়গাতে নিয়ে যাওয়ার জন্য আমরা ইতিমধ্যে সাতান্ন হাজার কোটি টাকাতে আমাদের এই রাজস্ব আয়টাকে বাড়াতে সক্ষম হই। আমাদেরকে এগুলোকে পূরণ করতে হবে। যার জন্য ঋণ আমাদের করতে হবে যোচচুরি করে কি ঋণ করা হয়? ঋণ যেটা করা হচ্ছে সেটা প্রতিফলিত হচ্ছে মাননীয় অর্থমন্ত্রী প্রত্যেকটি ছত্রে ছত্রে - কিভাবে শোধ দেওয়া হচ্ছে, কোথা থেকে এ্যাড্জাস্টমেন্ট হচ্ছে। এফ.আর.বি.এম-এর শর্তগুলো মেনে, নিয়ম মেনে এই কাজকর্ম করা হয়েছে। এখানে duplicity-র কোনো কাজ নেই যেটা বাস্তবের ভিত্তিতে আপনারা তুলনা করে বলতে পারেন।

[12:20 p.m. – 12:30 p.m.]

এই বাজেটের মধ্যে আমরা দেখেছি আজকে শিল্প বৃদ্ধির হার ১৬.২৯ শতাংশ। এটা কি অবান্তর ? হিসাব করে দেখবেন এই বাজেট যেটা আমরা দেখানোর চেষ্টা করেছি তা আপনি অবান্তর বলে মনে করতে পারেন কিন্তু আমরা দেখেছি এবারের বাজেটে স্টেট ডেভেলপমেন্ট প্ল্যান যেটা আছে তাতে বরাদ্দ ৮০,১৬৫ কোটি টাকা থেকে ৮৯,৩৩০ কোটি টাকা হয়েছে। এটা আজকে আমরা বৃদ্ধি করার পরিকল্পনা করেছি। পরিকল্পনা খাতে ব্যয় করার জন্য এই টাকা আমরা নিজেদের মধ্যে ধরবার চেষ্টা করি।

কৃষি খাতে এবারে ১২০ শতাংশ বেশি ধরা হয়েছে। তার কারণ আপনারা নিশ্চয় বুঝতে পেরেছেন। আপনি আজকে বলছেন কৃষকদের কী উন্নয়ন হয়েছে ? আপনি চোখে দেখতে পাচ্ছেননা যে কৃষকদের উন্নয়ন কীভাবে সংগঠিত হয়েছে ? কেন আজকে কৃষকদের আয় বাড়বেনা ? আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী স্বল্প মেয়াদে কৃষকদের জন্য যে সমস্ত প্রকল্পগুলো নিয়েছেন, যেখানে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ১২ হাজার, ১৩ হাজার, ১৪ হাজার কৃষক আত্মহত্যা করেছে সেখানে আপনি পশ্চিমবঙ্গের মানুষ হয়ে বলতে পারবেন যে এখানকার কৃষকরা আজকে আত্মহত্যা করছে ? আজকে একটা দুটো ক্ষেত্রে কোথায় কে মরে গেছে সেটাকে নিয়ে বাড়িতে বাড়িতে গিয়ে নানা ভাবে মিথ্যা তথ্য হাউজে আপনারা বলবার চেষ্টা করছেন। এটার একটামাত্র কারণ কৃষকরা বুঝতে পেরেছেন তাদের পাশে কোন জনদরদী সরকার থেকে আছে। মাননীয়া

মুখ্যমন্ত্রী তার উজ্জ্বল দৃষ্টান্ত। খাজনা মকুব করে দেওয়া হয়েছে। আজকে আর খাজনা দিতে হয়না। এছাড়া অন্যান্য যে সুযোগ সুবিধাগুলো দেওয়া হয় সেগুলোও অভাবনীয়। আপনারা বিশেষ করে দেখেছেন কৃষির ক্ষেত্রে একেবারে অনবদ্য ইতিহাস তৈরি করতে পেরেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। আপনারা পেরেছেন? যেমন মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন আজকে এক একর জায়গা পর্যন্ত রবি ও খারিফ মরশুমে চাষ-বাস করলে সেই ব্যক্তিকে ৫ হাজার টাকা করে দেওয়া হবে। বন্ধু, কোথায় আছে ? ভারতবর্ষের কোন রাজ্যের বুকের পাটা আছে ? পশ্চিমবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী এইভাবে নানা কাজ করে তাঁর দায়িত্ব পালন করার চেষ্টা করছেন। আজকে কৃষক মারা গেলে তার জন্য ২ লক্ষ টাকা ঘোষণা করে দিয়েছেন। এই ঘোষণা কী শুধুই ঘোষণা? বাস্তবে কি এর রূপ দেখতে পাচ্ছেন না ? কোন্ ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘোষণা বাস্তবে রূপ পায়নি ? একটা নজিরও হাউজে তুলে ধরার চেষ্টা করুন তো। সেদিকে আপনাদের কিছু নেই, বলবার মত কিছু নেই, শুধু তর্ক করার জন্য তর্ক করছেন এবং বাস্তবতা ভুলে যাওয়ার চেষ্টা করছেন।

এটাই আমাদের কাছে সবচেয়ে দুঃখের কারণ বলে মনে করতে পারি। সামাজিক উন্নয়নের ক্ষেত্রে ৮.২৪ শতাংশ বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে। স্কুলের ক্ষেত্রে ১১.৭ শতাংশ এবারের বাজেটে বৃদ্ধি করতে পেরেছেন। স্বাস্থ্য ক্ষেত্রে আজকে ১১ শতাংশ বৃদ্ধি হয়েছে। এবারে ৬৫ হাজার ৫৪৬ কোটি টাকা ধরেছি রাজস্ব থেকে আয় করবো। রাজস্ব-টাকে বাড়াতে না পারলে আমরা অর্থনীতির দিক থেকে অনেকটা পিছিয়ে যাব। আপনাদের সময় রাজস্ব ঘাটতি যেখানে ৩.৭৫ শতাংশ ছিল সেই জায়গায় আমরা ০.৯৬ শতাংশের দিকে টেনে রাখার চেষ্টা করেছি। একের পর এক বিভিন্ন ভাবে উন্নয়ন কাকে বলে সেটা আমরা দেখিয়ে দিতে পেরেছি। আজকে ভারতবর্ষের মধ্যে ১০০ দিনের কাজে, এটা গল্প, আপনি বলতে পারবেন কোন মানুষের কাছে ১০০ দিনের কাজে কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের নাকি মধুর সম্পর্ক, আপনারা এটা বার বার করে বলবার চেষ্টা করেন। আর মমতা ব্যানার্জীর মত চালাক মেয়ে, কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রীকে .... (নয়েজ) .... ঘটনাগুলো ঘটে গেছে। তার বিরুদ্ধে বুক জিতিয়ে লড়াই করবার জন্য। ডিরিম্‌নিটাইজেশনের সময় কোথায় ছিলেন। মমতা ব্যানার্জী সর্বপ্রথম তার প্রতিবাদ করেন। আর আপনারা বলছেন দিদি-দাদা গট আপ ম্যাচ খেলছেন। এই সমস্ত মিথ্যা কথা বলে মানুষের মধ্যে বিভ্রান্তি তৈরি করবার জন্য চেষ্টা করছেন। বাস্তব-টা দেখুন। ১০০ দিনের কাজে আমরা পরপর ৩ বছর এক নম্বর স্থান অধিকার করেছি। এটা কি গল্প কথা ? মুখের কথা ? বাস্তবে কিছু দেখতে পাননি? গ্রামীণ আবাস যোজনায় মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা এবার প্রথম স্থান অধিকার করেছে। গ্রামীণ সড়ক যোজনা। আঁতকে উঠছেন ? সাড়ে ৭ বছরে ২৬ হাজার কিলোমিটার। যান না আপনার বাড়ীর দিকে চলে যান, যদি দেখতে চান আমাদের গ্রামগুলোতে চলে যাবেন, দেখে আসবেন কত রাস্তা ছিল আর এখন কত রাস্তা তৈরি হয়েছে। কেন্দ্র দেবে বলে ৫০ পার্সেন্ট টাকা দেয়নি। রাজ্য সরকার সেই টাকাও দিয়েছে এবং কাজ হয়েছে। সমস্ত জায়গায় রাস্তাঘাট তৈরি হয়েছে। আর, আজকে আপনারা বলছেন 'আমরা দেখতে পাচ্ছিনা।' ২৬ হাজার কিলোমিটার।

আপনি গুনতি করবেন ? চলুন না, মোটর গাড়ি নিন না, কোথায় কোথায় হয়নি সেগুলো একবার ঘুরে দেখান। তন্ময়বাবু শুধু উঠে, হাত-পা নেড়ে বলবেন এই করেছি, সেই করেছি, কিচ্ছু করেনি এই সরকার।

আমি আপনাদের কাছে বলতে পারি 'নির্মল মিশন বাংলা' -কেন্দ্রীয় সরকার তো সবচেয়ে বড় জায়গা, অনেক বড় বড় বাত ঝেড়েছিলেন, কোথায় করতে পেরেছে? আমরা এই মার্চ মাসের মধ্যে সমস্ত রাজ্যের যে সমস্ত জেলাগুলো থেকে গেছে সেগুলোকে একেবারে কাজ করে প্রমাণ করে দেব - এতে তো ভিড়বার মত স্থান নেই, এতেও এক নম্বর স্থান - সেটাও আজকে সমস্ত সম্ভব হয়েছে। আজকে ট্যাক্সেশানের ক্ষেত্রে, ভ্যাটের ক্ষেত্রে সেট্‌ল্‌মেন্ট স্কিমের মাধ্যমে আজকে কিভাবে অর্থটাকে সংগ্রহ করতে হয় - মোটর ভেহিক্যালসের ক্ষেত্রে বকেয়া ৫০ পার্সেন্ট টাকা যারা শোধ করে দেবে তাদের বকেয়া মুকুব করা হবে। আজকে ট্যাক্সেশানের মধ্য দিয়ে টাকাকে সংগ্রহ করার চেষ্টা করছি। আপনারা বড় বড় কথা বলেন। চায়ের যাঁরা চাষবাস করেন তাঁদের ক্ষেত্রে আমরা কী করেছি ? না আমাদের শিক্ষা সেজ এবং গ্রামীন রোজগার সেজটাকে এখন থেকে বাতিল করে দিয়েছে যাতে তাদের কোন অসুবিধা না হয়। আবার বলছেন যুব সমাজকে উৎসাহিত করার জন্য প্রতি বছর এবারে আমরা এক লক্ষ করে টাকা দেব। বন্ধু কোটি কোটি বেকার থেকে গেছে। আমরা আস্তে আস্তে ডেভেলপমেন্ট করতে পেরেছি। আপনারা দেখেছেন প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে একসঙ্গে আমরা ৪২ হাজার শিক্ষককে চাকরি দিয়েছিলাম। আপনারা তো পিছিয়ে দিয়েছিলেন, হাইকোর্ট করে করে বন্ধ করে দিয়েছিলেন যাতে অ্যাপয়েন্টমেন্ট না হয় তার জন্য প্রতি মুহূর্তেই আপনারা বাধা দিয়ে যাচ্ছেন। তাসত্ত্বেও আমরা পেরেছি। অতএব এইভাবে করে বেকারত্ব দূর করার জন্য, তাদেরকে আরো বেশি উৎসাহিত করবার জন্য এবারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বিশেষভাবে উদ্যোগ গ্রহণ করেছেন। তার নজির তিনি তুলে ধরতে পেরেছেন। যুব সমাজকে উৎসাহ দেওয়ার জন্য প্রতি বছর এক লক্ষ করে টাকা দেওয়া হবে। আইসিডিএস অক্টোবর মাসে একটা ঘোষণা করা হয়েছিল আবার ২০১৯ এর ফেব্রুয়ারী মাসে ৫০০ - ৫০০ এক হাজার টাকা করে, ২০১৮ সালের অক্টোবর মাসে আবার ১৯ সালের ফেব্রুয়ারী মাসে আমরা সেটা ঘোষণা করেছি। আশা কর্মীদের ক্ষেত্রে এমনভাবেই ৫০০-৫০০ এক হাজার টাকা করে দেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এগুলোকে কি বলবেন মনগড়া ব্যাপার? এবার আসুন গ্রুপ সি এবং গ্রুপ ডির ক্ষেত্রে দু হাজার টাকা করে বৃদ্ধি করা হয়েছে। চাকরির শেষে এক্সগ্র্যাসিয়া দু লক্ষ টাকা থেকে বাড়িয়ে তিন লক্ষ টাকা দেওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এইভাবে একের পর এক বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হয়েছে। আজকে শিক্ষাশ্রীতে এসসি, এসটিদের ৭০ লক্ষ টাকা দেওয়ার বন্দোবস্ত করতে পেরেছি। পাঁচ লক্ষ ৫০ হাজার স্বনির্ভর গোষ্ঠী আজকে আর্থ সামাজিক ক্ষেত্রে আনন্দ ধারা গ্রুপের মায়েরা নিজেদের পায়ে দাঁড়িয়ে তারা আজকে বিভিন্নভাবে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। Safe Drive Save Life আজকে পশ্চিমবঙ্গ অনন্য নজির গড়তে পেরেছে। আজকে দুর্ঘটনার পরিমাণ অনেক কমানো গিয়েছে। আজকে ৪২ টি সুপার স্পেশালিটি হাসপাতাল, শিশু মৃত্যুর হার আগের তুলনায় একেবারে কমে এসেছে।

আগে যত পরিমাণ ছিল -একশো তেরো থেকে একশো একে চলে এসেছে। এছাড়াও ডেলিভারি যেটা সেখানেও দেখতে পাচ্ছি যে 97.05 per cent নিয়ে আসতে সক্ষম হয়েছি। এভাবে একের পর এক উন্নয়ন করা হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী আজকে যে সাপ্লিমেন্টারি বাজেট এবং মূল বাজেটের যে discussion তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী নেপাল মাহাতো : অনারেব্‌ল্ ডেপুটি স্পিকার স্যার, আজকে প্রথমেই আপনাকে অভিনন্দন জানাই আপনি ডেপুটি স্পিকার হয়ে আজকে প্রথম সভা পরিচালনা করছেন, আপনাকে অভিনন্দন। আজকে যে বাজেটের আলোচনা- মূল বাজেট ডঃ অমিত মিত্র গতকাল প্লেস করেছেন। তার সঙ্গে সাপ্লিমেন্টারি বাজেটটা ২০১৮-১৯ সালের যে এক্সট্রা খরচগুলো হয়েছিল সেই বাজেটও প্লেস করা হয়েছে। এই দুটো বিষয়ে আলোচনা করতে গিয়ে অবশ্যই যে সাপ্লিমেন্টারি বাজেটের কথা বলা হয়েছে তাতে বিভিন্ন দপ্তরের যে অ্যাডিশনাল খরচগুলো হয়েছে সেগুলো নিয়ে আপনি প্লেস করেছেন, সেগুলো নিশ্চয়ই স্বাভাবিকভাবেই পাশ হবে কিন্তু তার মধ্যেও আমাদের কিছু বক্তব্য আছে। মূল বাজেটের উপর আপনি revenue receipt এক লক্ষ ৬৪ হাজার ৩২৭.৯৫ টাকা দেখিয়েছেন।

[12:30 p.m. – 12:40 p.m.]

ক্যাপিটাল রিসিভ দেখিয়েছেন, ৫২ হাজার ৬৩২.৩৮ কোটি টাকা। আজকে আপনার বাজেট ভাষণে কয়েকটি মূল বিষয় যেটা আপনি রেখাপাত করার চেষ্টা করেছেন তার মধ্যে আছে কৃষকদের আয় তিনগুন বাড়িয়েছেন। বেকার সমস্যার অনেক সমাধান হয়ে গেছে। প্রতি বছর ১০-১৫ লক্ষ করে চাকরি পাচ্ছে। সেগুলি আপনি দেখিয়েছেন। আমি স্যার কয়েকটি ছোট ছোট উদাহরণ দিতে চাই। টেকনিক্যাল গ্রাউন্ডে যাচ্ছি না। স্কুল এডুকেশানে প্রপোজড যে অ্যালোকেশান আছে ২৭ হাজার ৫৪০ কোটি টাকা এবং হায়ার এডুকেশানে ৩৯৬৬ কোটি টাকা। এটা ২০১৮-১৯এ ছিল ২৪ হাজার ৭২১ কোটি টাকা এবং ২০১৭-১৮এ ছিল ৯৬৬০ কোটি টাকা। আজকে হায়ার এডুকেশানে বরাদ্দটা আপনি বাড়িয়েছেন। আমি আপনাকে কয়েকটি স্পেশিফিক প্রশ্ন করতে চাই। আজকে স্কুল এডুকেশান এবং হায়ার এডুকেশানে পরিস্থিতিটা কী ? স্কুল এডুকেশানে আমি আপনাকে উদাহরণ দিয়ে বলতে পারি, স্কুল এডুকেশানে শিক্ষকের অভাবে - আমি নাম বলে দেবো স্কুলের এইচ.এস. পড়ানো বন্ধ হয়ে গেছে, এইচ.এস. উঠে গেছে। অ্যাপয়েন্টমেন্ট দিতে আপনি পারেন নি। গোটা ভূভারতে এই জিনিসটা নেই যে আপনি ক্লাস টুয়েলভ্ খুললেন, শিক্ষক দিতে পারছেন না তার জন্য ক্লাস টুয়েলভ্ উঠে গেল। আমি নাম বলে দেবো স্পেশিফিক। আজকে কারণটা কী ? আজকে স্কুলে টিচারদের অ্যাপয়েন্টমেন্ট প্রসিডিওর শুধু ওয়েস্ট বেঙ্গলে নয়, সব জায়গায় আছে। আমাদের পাশের রাজ্য ঝাড়খন্ড সেখানেও টেট পরীক্ষা হয় কিন্তু ওয়েস্ট বেঙ্গলে যে প্রব্লেমটা সেটা হচ্ছে কোর্ট কেসে সব বন্ধ হয়। কোর্ট কেসটা কেন হয় ? আপনি যদি এস.এম.এস. - এ অ্যাপয়েন্টমেন্ট দেন, আপনি যদি রিজার্ভেশানের প্রসিডিওর মানেন না -এই বিধানসভাতে দাঁড়িয়ে আমি বলছি গত টেট পরীক্ষাতে রিজার্ভেশানের

যে কনসেপ্ট, রিজার্ভেশানের যে প্রসিডিওর একটাও মানা হয় নি। আপনার কোর্ট হবে না, আপনাকে ফুলের মালা দিয়ে অভিনন্দন জানাবে ? কেন এটা করেছেন আপনারা ? আজকে যে ছেলেটা ৪০% পায়নি সে গিয়ে পুরুলিয়াতে জয়েন করছে, আর পাশের ছেলেটা ৯০% পেয়েছে ও পাচ্ছে না, আপনি গোটা পরীক্ষাতে জালিয়াতি করবেন সাধারণ স্টুডেন্টরা, মেরিটোরিয়াস স্টুডেন্টরা বসে বসে দেখবে, ওরা হাইকোর্ট যাবে না - কোথায় যাবে ? কেন আপনার কোর্ট হচ্ছে ? কেন অন্য রাজ্যে হচ্ছে না ? এটার একটা বিশ্লেষণ দরকার। এটার আত্মসমালোচনা দরকার। কেন এটা হচ্ছে ? এই বিষয়টা থেকে আপনাদের সরে আসা উচিত। আমি স্যার বলতে চাই, বিভিন্ন জায়গাতে এই মুহূর্তে একটা ডিগ্রেডেশান হয়েছে, একটা বিকল্প পরিস্থিতি, বিকল্প ব্যবস্থা। আমরা অ্যাপয়েন্টমেন্ট দেবো যে সিভিক টিচারগুলো অনেকে বলছে, যেটাকে একটা প্রশিক্ষণ করার জন্য দু হাজার-আড়াই হাজার টাকা বেতনের ইন্টার্ন শিক্ষক নিয়োগ করলেন। কোন জায়গায় এই প্রসেসটা আছে ? একটা রেগুলার যদি মজুরী দেওয়া হয় একটা লেবারকে তার পেমেন্ট কত ? এটা কী করতে চাইছেন কী ? এটা এম.এ.,এম.এস.সি.পাশ বেকার যুবক-যুবতীদের উপর একটা প্রহসন।

আর এখান থেকে আপনি কাউন্ট করবেন যে ১০ লক্ষ লোককে চাকরী দিলাম। এটা হয় ? এই বিষয়গুলোকে আপনার ভালভাবে ভাবা দরকার। নিশ্চয় টাকা বরাদ্দ বাড়াচ্ছেন। আপনার টেকনিক্যাল প্রব্লেমটা কোথায় ? সেই প্রব্লেমটা দূর করতে হবে। এখানে কয়েক বছর ধরে কিছু ছেলে আন্দোলন করছে প্রাইমারি টিচারদের একটা স্কেল যেটাকে পি.আর.টি.স্কেল বলে সেই পি. আর.টি.স্কেলটা সারা ভারতবর্ষে লাগু আছে।

আপনি অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন সেন্ট্রাল গভর্নমেন্টের আইন অনুযায়ী এই চাই, টেট পরীক্ষায় এত নম্বর চাই আবার ট্রেনিংপ্রাপ্ত চাই অনেক যে গাইড লাইন আপনারা দেখিয়ে দেন মাঝে মধ্যে। সারা ভারতবর্ষে সমস্ত রাজ্যে কোয়ালিফিকেশন অনুযায়ী প্রাইমারী টিচারদের যে স্কেলটা সেই স্কেলটা দেওয়ার একবারও কি আপনি চিন্তা ভাবনা করেছেন ? কেন করেননি ? যেটাকে P.R.T স্কেল বলা হয়। আমি স্যার, এখানে বলতে চাই যে আজকে এডুকেশন সিস্টেমের এই পরিস্থিতি। হায়ার এডুকেশানে সব জায়গাতে বিভিন্ন রকমের গোলমাল হচ্ছিল। আমি অবাক হয়েছি সিদ্ধান্তটা দেখে। অ্যাডমিশন হচ্ছে - আপনাদের পার্টির ছেলে হোক, যারাই হোক অ্যাডমিশনে গোলমাল। বিভিন্ন জায়গাতে গোলমাল। ফর্ম নিতে গেলে ঝামেলা, এই চাই, ওই চাই বিভিন্ন রকমের ঝামেলা। সমাধান কী ? সমাধান হচ্ছে বাইরে থেকে কম্পিউটারের মাধ্যমে অ্যাডমিশন নেওয়া, কম্পিউটারের মাধ্যমে টাকা জমা কর। এটা কি সমাধান ? তাহলে কিছুদিন পরে বলবেন ক্লাস বন্ধ, আপনি একটা কাজ করুন ঘরে বসেই ক্লাস করুন। এটা কি সমাধান ? সমাধান এটাই হতো যদি কলেজে গিয়ে স্বাধীনভাবে মেরিট অনুযায়ী ভর্তির সুযোগ পেত কোন রকম বাধা না পেয়ে। এটা হল অরিজিন্যাল সমাধান। আপনার ওখানে যেতে অসুবিধা হচ্ছে, আপনি মেরিট অনুযায়ী ভর্তি হতে পারছেন না, আপনাকে দালালরা টেক আপ করছে, পয়সা নিচ্ছে এবং এটা বন্ধ হওয়ার জন্য কি ব্যবস্থা- তুমি ঘর থেকে বসে অ্যাডমিশন নাও। এটা কি

হায়ার এডুকেশন ? আজকে এই বিষয়টা আপনাদের দেখা দরকার। আপনি নিশ্চয়ই সমাধান করবেন কিন্তু এটা সমাধান হল না। এর কিছু দিন পরে বলবেন ক্লাস বন্ধ তুমি বাড়িতে বসে ক্লাস করে নাও একেবারে পরীক্ষা দিতে আসবে। এটা হচ্ছে সমাধান ? আজকে হায়ার এডুকেশনের এই পরিস্থিতি। আমরা দেখেছি হায়ার এডুকেশনের টিচার পাওয়া যাচ্ছে না, লেকচারার অনেক জায়গায় ফাঁকা কিন্তু সেই ডিটেলসে আমি যাচ্ছি না। আমি একটা বিশেষ বিষয়ে আসছি। এখানে আমাদের টেকনিক্যাল এডুকেশনের মন্ত্রী বসে আছেন। আপনি জানেন যে একটা ভোকেশনাল কোর্স চালু হয়েছিল। আপনার বাজেটেও সেই ভোকেশনাল কোর্সের বিষয়টি উল্লেখ আছে। ভোকেশনাল কোর্সটার কী পরিস্থিতি ? একটা হাস্যকর ব্যাপার। ভোকেশনাল টেকনিক্যাল এডুকেশন ট্রেনিং স্কেলে আপনি বরাদ্দ করেছেন এক হাজার একশো ছয় কোটি টাকা। এই মুহূর্তে ভোকেশনাল স্কুল আছে ২ হাজার ৭১৪ আর কাজ করে ১৬ হাজার ২১০ জন। ভোকেশনালে ছেলেমেয়েদের পোস্ট খালি কত - পার্ট টাইম ক্লাস এইট পর্যন্ত ২ হাজার ৬০২, এইচ.এস কন্ট্র্যাকচ্যুয়াল আছে ২ হাজার ১০০, হায়ার সেকেন্ডারি পার্ট টাইম আছে ১ হাজার ১২০, ট্রেনারে শূণ্য পদ আছে ৯৬৪। সব মিলিয়ে ৭ হাজার ৯০৪ অর্থাৎ ৮ হাজার পোস্ট খালি। কিভাবে পূর্ণ হবে - দেখুন মজাটা আপনার দপ্তরের। ২০০৬ সালে একটা জি.ও বার হয়। সেই জি.ও -তে ছিল স্কুলভিত্তিক নিয়োগ হবে। ২০১১ সালে আপনারা ক্ষমতায় এলেন। ২০১১ সালে সেই নিয়োগ প্রক্রিয়া বাতিল করলেন। এখন পর্যন্ত সেই নিয়োগ প্রক্রিয়া কী হবে সেটা আপনাদের বিচারধীন আছে, এটা আপনারই উত্তর। আপনি উত্তর দিয়েছেন কয়েকদিন আগে। এখনও সেটা প্রক্রিয়ায় আছে। ২০১১ থেকে ২০১৯ অর্থাৎ ৮ বছর পর্যন্ত আপনি প্রক্রিয়াটা করতে পারলেন না ? আর এখানে ৮ হাজার পোস্ট খালি। তাহলে ভোকেশনালটা তুলে দেন আপনি। এখানে বরাদ্দ আপনি করেছেন ১ হাজার ১০৬ কোটি টাকা। কী হবে ? আজকে এই হল পরিস্থিতি। হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার ডিপার্টমেন্টে আছেন আমাদের মাননীয় মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তার দায়িত্বে আছেন। আমি এখানে বলতে চাই স্যার, এই স্বাস্থ্য বিভাগে ৯ হাজার ৫৫৬ কোটি টাকা বরাদ্দ করার সুপারিশ করেছেন।

[12:40 p.m. – 12:50 p.m.]

২০১৮-'১৯ এ সেটা ছিল ৮হাজার ৭৭০, ২০১৭-'১৮ তে ছিল ৩ হাজার ২৯৯। আমি অন্য কিছুতে যাচ্ছিনা, শুধু দুটো খুব গুরুত্বপূর্ণ পয়েন্ট বলছি। কুকুরে কাটা ইঞ্জেকশান আপনার এ্যাভেলেব্‌ল্ আছে কিনা ? আজকে আমার পুরুলিয়া জেলাতে দুজন সিডিউল্ড ট্রাইব ছেলে কুকুরে কামড়ানোর জন্য যে ইঞ্জেকশান ARV -র অভাবে মারা গেল। এর সাপ্লাই কিভাবে হবে, কিভাবে কেনা হবে ? আপনারা বলেছেন দিল্লি থেকে দিচ্ছেনা। সেটা আপনারা তাহলে কোনো জায়গা থেকে ব্যবস্থা করুন। কীভাবে সেটা পাওয়া যাবে ? ওষুধ দোকান থেকেই তো সেটা পাওয়া যাবে। এর ব্যবস্থাটা আপনি করছেন না। ক্লিনিক্যাল এস্টাবলিসমেন্ট রুল ভেরি ইমপট্যান্ট। এটা অনেক ঢাকঢোল পিটিয়ে করা হয়েছিল। আমি মাননীয় মন্ত্রীকে বলব যে, ক্লিনিক্যাল এস্টাবলিসমেন্ট এ্যাক্ট যেটা পাস হল, তারপরে রুল হল। সেই রুলে রেগুলেটরী কমিশন থেকে

শুরু করে যেগুলো করতে বলা হয়েছে তার একটাও হয়েছে এখনও পর্যন্ত ? একটাও হয়নি। আমি সেটা এখন আমার কমিটিতে ভেরিফিকেশান করছি। এখনও পর্যন্ত তার একটাও হয়নি। ২০১৯ সাল কিন্তু এখনও পর্যন্ত মাননীয়া মুখ্যমন্ত্রীর সবথেকে স্বপ্নের আইন এবং আমাদেরও সবার ইচ্ছা, প্রাইভেট যে নার্সিংহোমগুলো আছে তারা যেন কোনোরকম খারাপ কাজ করতে না পারে। কিন্তু যে আইন ২০১৭ সালে পাশ হল, রুল হল, এখনও সেটা কমপ্লিটভাবে তৈরি হয়নি। আমি এই বিধানসভাতে বলছি যে, এখনও সেটা হয়নি। আজকে তার এই পরিস্থিতি। তাই আমি বলছি যে, আপনি নিশ্চয়ই বরাদ্দটা বাড়াচ্ছেন। আসল কথা যেটা সেটা হচ্ছে কাজের কাজ কিছু হচ্ছে না। সাধারণ কর্মচারীদের যে ডি.এ পাওয়ার কথা, সেটাও আপনি কিছু করছেন না। বিভিন্ন জায়গাতে এই ধরনের একটা পরিস্থিতি তৈরি হয়েছে। আপনার দপ্তর এখন একটাই কাজ করা শুরু করেছেন, সেটা হচ্ছে গ্রামে গঞ্জে শুধু মদের দোকান খোলা এবং তার এজেন্সিটা আপনারা নিয়েছেন। আমরা কিন্তু এটার প্রবল বিরোধিতা করছি। এই কথা বলে এবং এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে আমি বাজেট সম্বন্ধে কয়েকটি তথ্য দিতে চাই। আমি বিভিন্ন মাননীয় সদস্যের বক্তব্য শুনলাম। আমি যেগুলো বলতে চাই, সেগুলো হয়ত হিসাব করে পাওয়ার একটু অসুবিধা হয়। তাই প্রথমেই বলি, যেহেতু মাননীয় স্পিকার সাহেব জানেন যে, প্ল্যান এক্সপেনডিচার এবং নন্-প্ল্যান এক্সপেনডিচার মার্জড হয়ে গিয়েছে। সেহেতু অনেক সময় এখন প্ল্যান এক্সপেনডিচার কী, আর আগে প্ল্যান এক্সপেনডিচার কী ছিল তার তুলনামূলক বিষয় নিয়ে আলোচনা হয়, সেইজন্য সেই ফিগারটা দিয়ে দিতে চাই স্যার। এটাকে এখন বলতে পারেন স্টেট ডেভলপমেন্ট স্কিম। যেটা আগে ২০১৮-'১৯ এ ছিল ৮০হাজার ১৬৬ কোটি সেটাকে বলতে পারেন প্ল্যান বাজেট। 80,166 crore. আপনি শুনে খুশি হবেন স্যার সেটা এ বছরে - ২০১৯-'২০ এর বাজেট যেটা এখানে tabled হয়েছে ' তাতে ৮০ হাজারের জায়গায় ৮৯ হাজার ৩০০ কোটিতে আমরা চলে গিয়েছি। That is a growth of 13.25% তার মানে আপনি যদি প্ল্যান এক্সপেনডিচারে হিসাব করেন, তাহলে উন্নয়নের প্রতি মাননীয়া মুখ্যমন্ত্রী যে বারবার বলছেন, তার ফিজিকাল এভিডেন্স 80,166 crores থেকে স্টেট ডেভেলপমেন্ট স্কিমে 89,300 crore এ আমরা চলে গিয়েছি। That is a growth of 13.25%. দ্বিতীয় হচ্ছে, কৃষক বন্ধু স্কিমে সাপ্লিমেন্টারী বাজেটে আপনাকে দেখাব স্যার সেটার রিফ্লেকশান আছে। কৃষক বন্ধু স্কিমে - 4,000 crore has been provided to Krishak Bandhu Scheme. Already it is given to the Agriculture Department - এর কাজ শুরু হয়েছে। এই বাজেটে another 3,000 crore has been allocated.

তার মানে চার হাজার অলরেডি ইন প্রসেস, নিউ বাজেটে ৩ হাজার। এবার আমি মহতি সদনকে অ্যাসিয়োর করছি স্যার, যদি আরো দরকার হয় অগমেন্ট করার সুযোগ সরকারের কাছে আছে। তার মানে ৪ হাজার কোটি প্লাস তিন হাজার কোটি, ৭ হাজার কোটি আজকে

এই বিশাল স্কিম, মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের স্কিম। অ্যালোকেশান ৪ হাজার হয়ে গিয়েছে, ৩ হাজার এই বাজেটে প্রভিশান হয়ে গিয়েছে। এটা একটি ইউনিক কেস, ভারতবর্ষে কোথাও আপনি খুঁজে পাবেননা স্যার। আমি গর্বিত এই মহতি হাউসে প্রস্তাবটি রাখার জন্য। অনেকে প্রশ্ন করবেন সোসাল সেক্টরে কী বাড়িয়েছেন? এটা খুঁজে পাওয়া একটু অসুবিধা হয়। তাই একটু সোসাল সেক্টরটা বলে নেই স্যার। আগের বছরে অথাৎ ২০১৮-১৯ এ ৩৮ হাজার কোটি টাকা সোসাল সেক্টরে অ্যালোকেটেড ছিল, খরচ হয়েছে। এই বছর স্যার সেটা ৪১,১৩১ কোটি টাকা। সেটার বৃদ্ধিটাও খুব ভালো। এবার তৃতীয় প্রশ্ন agriculture allied services। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তব্যে বলেছি হাঁস, মুরগি থেকে শুরু করে বিভিন্ন রকমের এ্যালায়েড সার্ভিস টু এগ্রিকালচার, allied services to agriculture-এ কী বৃদ্ধি হয়েছে, এই প্রশ্নটা করতে পারেন। যারা বক্তব্য রাখছেন সেই প্রশ্নটা করলেন না। সেই জন্য আমার বলার দায়িত্ব স্যার agriculture allied services-এ গ্রোথ হয়েছে ১৩.২৫ শতাংশ। হিউজ গ্রোথ হয়েছে। ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচার, রাস্তা তৈরি হবে, ব্রিজ তৈরি হবে। এক্ষেত্রে কী গ্রোথ হয়েছে স্যার? আগের বছরে ছিল ৭ হাজার ৭৬০ কোটি। এই বছর সেটা গিয়ে দাঁড়িয়েছে ৮,৮০৬ কোটি, ইনক্রিজ ১৩.৪৮ পার্সেন্ট। লাস্ট প্রশ্ন যেটা আমার ডিউটি হাউসকে অবগত করা। ট্যাক্স কালেকশান, রাজস্ব ক্ষেত্রে কী হয়েছে? স্যার, আপনি যদি BE to BE নেন, Budget Estimate to Budget Estimate, তাহলে ভয়ঙ্কর বেশি হয়েছে। বাজেট এস্টিমেট ছিল ৫৫ হাজার কোটি টাকা। আমি রাজস্ব জোগাড় করি। জোগাড় করতে, এই বছর কী দেওয়ার কথা বলেছি? ৬৫,৫৪৬ কোটি টাকা, this is a gowth of 19.17%। কিন্তু অলরেডি সেখানে ৫৫ হাজার কোটি টাকা জোগাড় করার কথা। রিভাইজড্ এস্টিমেট বলছে ৬০ হাজার কোটি আমরা জোগাড় করে ফেলেছি। This is a very big development। স্যার, projection ছিল ৫৫ হাজার কোটি আগের বছরের বাজেটে, অলরেডি আমরা ৬০ হাজার কোটি জোগাড় করে ফেলেছি আর.ই. তে। সেইহেতু সেখানেও গ্রোথ হয়েছে। এবারে খুব সংক্ষিপ্ত ভাবে বলতে চাই আমি জানি সবাই খুব ব্যস্ত আছে, কালকে বাজেটের সময়ও দেখলাম। স্যার, একজন কেউ কথার কথা বলছিলেন যে পশ্চিমবঙ্গ জি.ডি.পি. গ্রোথ রেটে নং ওয়ান, কারেন্ট প্রাইসে বলেছেন। প্রথমত স্যার, আগের কোনো বাজেট বইতে পাবেন না আগের সরকারের সময় যেখানে asterisk দিয়ে exact sourceটা দেওয়া হয়। এটা কিন্তু নতুন ইন্ট্রোডাকশান। যেটা বলছি, যেটা তথ্য দরকার তার সোর্সটা কী, ডিটেলসটা কী? বাজেটের তিন পাতায় দেখুন পরে নীচে asterisk দেওয়া আছে। কেউ নাকি বললেন এটা কেন কারেন্ট প্রাইসে দেওয়া হল? আমি একটু পড়ে দিই কী বলেছিলেন। ২০১৭-১৮ সালে যেখানে প্রকৃতপক্ষে রাজ্যের জি.ডি.পি বৃদ্ধির হারে ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় বাংলা এক নম্বর স্থান অধিকার করেছে। তার মানে আমি যখন inter-state comparison করছি প্রত্যেকের inflation rate is more or less the same। সেই হেতু আমরা কারেন্ট প্রাইসে বলি, constant price-এ বলি it does not matter। যিনি বললেন হয়তো তিনি সেটা বোঝেন না।

[12:50 p.m. – 1:00 p.m.]

দ্বিতীয় কথা, আপনি শুনলে খুশী হবেন যে, পশ্চিমবঙ্গ No. 1, No. 2 অন্ধ্রপ্রদেশ। এটা আমার Data নয় Sir, CSO, Central Statistical Organisation, Government of India dated 28-08-2018 এর দেওয়া data। এর থেকে বেশি transparency এই House এ আর কেউ এনেছে ? Sir আগেকার Budget দেখেছি, asterisk ছেড়ে দিন, Source নেই, এই source দিয়েছি, current prices দিয়ে দিয়েছি স্পষ্টভাবে। Sir এবারে আসছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে, যেটা সংবাদ মাধ্যমে দেখলাম - debt নাকি বেড়ে যাচ্ছে, absolute debt। Sir, যাঁরা অর্থশাস্ত্র পড়েছেন তাঁরা জানেন, Debt by itself কেউ বলেনি, বা Debt related to what। Debt-GDP Ratio ও বলা হয়। তাহলে কত ধার সেটার একটা আন্দাজ পাওয়া যায়। Sir, 2010-2011 তে আমরা আসার আগে Debt GDP Ratio ছিল - GDP, Debt loss - 40.65 per cent শুনে খুশী হবেন স্যার, আমরা ক্ষমতায় আসার পর 2018-2019 এ Debt-GDP Ratio টা নামিয়ে এনেছি 33.9 per cent এ। আমরা 40.65 per cent থেকে 33.9 per cent এ নামিয়ে এনেছি। সুতরাং সংবাদ মাধ্যমে যে বলে Debt বেড়ে যাচ্ছে, আমি অনুরোধ করব এই august House এ, পৃথিবীর কোথাও debt absolute figure judge করা হয় না। Debt relative to something। What is that something Debt-GDP ratio? সে দেশের সঙ্গে দেশের, বা রাজ্যের সঙ্গে রাজ্যের তুলনা করুন। আপনারা খুশী হবেন, Debt-GDP ratio বামফ্রন্টের শেষ বছরের থেকে নামিয়ে এনেছি 40.65 থেকে 33.90 তে। ইতিমধ্যে RE, BE এসে গেছে। আমি BE বলছি, উনি RE বলছি। স্যার, আমি শেষ প্রশ্নে আসছি, last supplementary budget কালকে আমাকে খুব চিৎকার করে বলতে হয়েছে, গলাটা ঠিক চলছে না, তবুও বলছি। Supplementary budget এ কিছু salient features থাকে, যেগুলো হয়ত সহজে খুঁজে পাবেন না, সেগুলো বলে দিই। financial support to Krishak Bandhu। Krishak Bandhu Scheme টা ছিল না। Krishak Bandhu Scheme ৪০০০ কোটি টাকা আছে supplementary Budget এ। That is required, already allocated। Number 2 Sir, Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Backward Classes, সেখানে আমরা আরও খরচ করেছি 369 crore, সেটা আমরা Supplementaryতে এনেছি, because it was necessary। Subsidy for supply of rice to the APL BPL families 1961 crore। সেটা আমরা Supplementary budget এ এনেছি, খরচ করা দরকার ছিল জনসাধারণের জন্য, করেছি। Capital Outlay on Roads and Bridges। যেভাবে রাস্তা, Bridge তৈরি হচ্ছে তাতে Supplementary budget এ এনেছি 1090 crore। Additional Expenses। দেশের স্বার্থে, মানুষের স্বার্থে এটা বেড়ে গেছে। Gitanjali Housing Scheme এ 1029 crore টাকা supplementary budget এ এনেছি। আরও supplement করেছি গরীব মানুষের বাড়ির জন্য। National Old age Pension and Family Benefit Scheme এ 875 crore। Assistance to University and Non-Government Colleges এ 343 crore।

Atal Mission for Rejuvenation of Urban Transformationএ খরচ করেছি 590 crore। Implementation of Rupashree Prakalpa-এ 605 crores টাকা Supplementary Budgetএ আছে। Investment in WBIDC Limited and setting up of an Industrial Park এর জন্য 179 crore টাকা খরচ করেছি। তাই আমি বলব, Supplementary Budget এর এই তথ্যগুলো যদি নিয়ে নেন তাহলে দেখবেন খরচ কোথায় হয়েছে। Grant to family of diseased farmers and Krishak Bandhu তে 150 crore টাকা।

ফিনানসিয়াল সাপোর্ট টু কৃষক বন্ধু - চার হাজার কোটি। Welfare Scheme to Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes - 369 crore. Subsidy for supply of rice to APL and BPL families - 1,961. Capital Outlay on roads and bridges. রাস্তা এবং ব্রীজের জন্য এক হাজার নব্বই। গীতাঞ্জলি হাউসিং স্কীমে এক হাজার উনত্রিশ। National Rural Pension and Family Benefits - আটশো পঁচাত্তর স্যার। তার মানে সংক্ষিপ্তভাবে বলতে পারি এটা খুঁজে পাবেন না, যে তথ্যটা আমি ফ্লোরে রাখলাম এই মহতি সদনে, খুঁজতে গিয়ে হয়তো অসুবিধা হবে। তাই আমি সামারি করে বলে দিচ্ছি। কেন আমাদের সাপ্লিমেন্টারি বাজেট আমরা এনেছি তার কারণ জনসাধারণের স্বার্থে ,দরিদ্র মানুষের স্বার্থে মমতা বন্দ্যোপাধ্যায়ের যে স্বপ্ন এগিয়ে নিয়ে যেতে হবে। সে কৃষির ক্ষেত্রেই হোক, সে রাস্তাঘাটের জন্যই হোক, ব্রীজ হোক, রাস্তা হোক, যাই হোক না কেন, গীতাঞ্জলি হাউসিং স্কীমে হোক, পেনশন স্কীমে হোক, বিশ্ববিদ্যালয়কে অ্যাসিস্ট্যান্স দেওয়ার জন্যই হোক, রূপশ্রী প্রকল্পের জন্য হোক, Atal Behari Rejuvination Scheme এর জন্য হোক, আজকে সেই জন্য আমরা সাপ্লিমেন্টারি এনেছি। আমি এই বলেই শেষ করতে চাই স্যার। এই বাজেট সম্বন্ধেও কিছু বলেছি যেটা ভোট অন অ্যাকাউন্ট। স্যার, ভোট অন অ্যাকাউন্টের সঙ্গে এক মিনিট বলে দিই ।Vote on Account is one third of the total Budget. আপনারা জানেন যে গ্রস বাজেটের দুটো দিক। আমাকে এক মিনিট বলতে দিন। আমি অ্যাকাউন্টিং এর কথা বলব। আমাকে এক্সপ্লেন করতে দিন। ভোট অন অ্যাকাউন্টের দুটো পার্ট আছে। একটা পার্ট হচ্ছে বাজেট। আর একটা পার্ট attract চার্জ্ড অ্যাকাউন্ট। চার্জ্ড অ্যাকাউন্টে কিছু আর রেগুলার বাজেটে কিছু। তার ঠিক তিন ভাগের এক ভাগ আমরা পেশ করেছি। এতে কোন মিস্ট্রি নেই। এতে কোন অসুবিধা নেই যেহেতু, দুটো ক্ষেত্রেই একই জিনিস আমরা আপনাদের সামনে পেশ করেছি ভোট অন অ্যাকাউন্টে। বাজেটের কোয়ান্টামটা যদি দেখেন গ্রস অ্যাকাউন্ট, গ্রস বাজেট ভাগ করে দিন দুটো ভাগে। রেগুলার বাজেট চার, আপনি দেখবেন ভোট অন অ্যাকাউন্টে এগজ্যাক্টলি সেই নাম্বার বেরিয়ে আসবে অঙ্কে। ধন্যবাদ ।

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী বলেছেন বিস্তারিতভাবে। এইরকমভাবে হয় না। দিস ইজ নট দি ওয়ে।

.....(গোলমাল).....

(এই সময়ে বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ এবং বিরোধী বামফ্রন্ট দলের মাননীয় সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন।)

Mr. Speaker : Now the question before the House is that the Motion for Vote on Account moved by Dr. Amit Mitra.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No". Ayes have it. Ayes have it. The Motion is adopted. The Motion is adopted.

Demand No. 5

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 4218,94,53,000 be granted for expenditure under Demand No.5, Major Heads : "2235—Social Security and Welfare, 2236—Nutrition and 2401–Crop Husbandry' during the current financial year was then put and agreed to.

DEMAND No. 6

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 13,16,66,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "2403—Animal Husbandry" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 7

The motion of Dr. AMIT MITRA that a sum of 545,96,27,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225–Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year was then put and agreed to.

[1:00 p.m. – 1:17 p.m.]

DEMAND No. 8

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 7,49,46,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads : "2216—Housing and 2401–Crop Husbandry" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 10

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 25,28,56,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads : "2052-Secretariat-General Services, 3456—Civil Supplies, 3475—Other General Economic Services, 4059—Capital Outlay on Public Works and 5475—Capital Outlay on Other General Economic Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 11

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹88,06,50,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads : "4851–Capital Outlay on Village and Small Industries, 6851—Loans for Village and Small Industries and 6860—Loans for Consumer Industries" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 16

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹22,87,62,000 be granted for expenditure under Demand No. 16, Major Heads : "2215—Water Supply and Sanitation and 3435-Ecology & Environment" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 18

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹268,25,14,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2014—Administration of Justice, 2030—Stamps and Registration, 2045—Other Taxes and Duties on Commodities and Services, 2052—Secretariat-General Services, 2070—Other Administrative Services, 2071—Pensions and Other Retirement Benefits, 2075—Miscellaneous General Services and 4070—Capital Outlay on Other Administrative Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 19

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹109,00,00,000 be granted for expenditure under Demand No. 19, Major Head : "4059—Capital Outlay on Public Works" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 21

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1962,21,33,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2235—Social Security and Welfare" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 22

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1,13,67,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2401—Crop Husbandry" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 23

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹4,59,36,000 be granted for expenditure under Demand No. 23, Major Head : "2406—Forestry and Wild Life" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 24

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹599,76,59,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2210—Medical and Public Health, 2211–Family Welfare, 2235—Social Security and Welfare and 4210—Capital Outlay on Medical and Public Health" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 25

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1281,88,12,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2059—Public Works, 3054-Roads and Bridges, 4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare, 5054—Capital Outlay on Roads and Bridges and 7075—Loans for Other Transport Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 28

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1033,94,79,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "2216—Housing" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 30

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹26,71,62,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education, 2220—Information and Publicity and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 31

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹118,24,36,000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "2251—Secretariat-Social Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 32

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹67,64,65,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads : "4701–Capital Outlay on Major & Medium Irrigation and 4711–Capital Outlay on Flood Control Projects" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 33

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹29,00,00,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "4059—Capital Outlay on Public Works" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 34

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹150,95,20,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014—Administration of Justice, 2052—Secretariat-General Services, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 4059—Capital Outlay on Public Works, 4070—Capital Outlay on Other Administrative Services and 4216—Capital Outlay on Housing" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 35

The motion of Dr. AMIT MITRA to move that a sum of ₹96,12,00,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads : "2230—Labour

and Employment and 2235—Social Security and Welfare" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 38

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹34,30,00,000 be granted for expenditure under Demand No. 38, Major Head : "2202—General Education" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 40

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹2502,55,64,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare, 2401-Crop Husbandry, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes, 4515—Capital Outlay on Other Rural Development Programmes and 4702—Capital Outlay on Minor Irrigation" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 42

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1,43,28,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads : "2052—Secretariat-General Services, 2059—Public Works, 2216—Housing and 2251—Secretariat-Social Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 43

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹547,40,39,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads : "2801—Power, 2810—Non-conventional Sources of Energy, 3451—Secretariat-Economic Services, 4801—Capital Outlay on Power Projects and 6801—Loans for Power Projects" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 45

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1,09,13,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2250—Other Social Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 49

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹89,58,20,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads : "2204—Sports and Youth Services, 2251—Secretariat-Social Services and 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 52

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹42,32,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "2250—Other Social Services and 3451—Secretariat-Economic Services" during the current financial vear was then put and agreed to.

DEMAND No. 53

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹204,85,80,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2251—Secretariat—Social Services, 3053—Civil Aviation, 3055—Road Transport and 5056–Capital Outlay on Inland Water Transport" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 55

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹49,99,87,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2415—Agricultural Research and Education and 2702—Minor Irrigation" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 58

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹17,65,95,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2052—Secretariat—General Services and 2575—Other Special Areas Programmes" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 59

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1,25,00,000 be granted for expenditure under Demand No.59, Major Head : "2435—Other Agricultural Programmes" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 61

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹13,41,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2052—Secretariat—General Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 65

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹10,35,98,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads : "2225— Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 2251—Secretariat—Social Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 68

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹554,26,44,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : "2015—Elections, 2052—Secretariat—General Services, 2055— Police, 2059—Public Works, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services and 2551—Hill Areas" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 70

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹344,77,68,000 be granted for expenditure under Demand No. 70, Major Heads : "2202—General Education and 2575—Other Special Areas Programmes" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 71

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹8,84,57,000 be granted for expenditure under Demand No. 71, Major Heads : "2505—Rural Employment, 3451—Secretariat—Economic Services and 3454—Census, Surveys and Statistics" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 72

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1917,82,27,000 be granted for expenditure under Demand No. 72, Major Heads : "2215—Water Supply and Sanitation, 2217—Urban Development, 4216—Capital Outlay

and Housing and 4217—Capital Outlay on Urban Development" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 73

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹224,58,73,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2059—Public Works, 2245—Relief on Account of Natural Calamities and 4059—Capital Outlay on Public Works" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 74

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹887,11,39,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2235—Social Security and Welfare, 2236—Nutrition and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 75

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹939,75,24,000 be granted for expenditure under Demand No. 75, Major Heads : "2852—Industries, 4858–Capital Outlay on Engineering Industries, 4885–Other Capital Outlay on Industries and Minerals, 6858—Loans for Engineering Industries, 6860-Loans for Consumer Industries and 7465—Loans for General Financial and Trading Institutions" during the current financial year was then put and agreed to.

(At this stage the House was adjourned till 2:30 p.m.)

[2:30 p.m. – 2:40 p.m.]

AFTER ADJOURNMENT
SECOND SESSION
LEGISLATION

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019-02-05.

(Secretary read the title of the Bill.)

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019 be taken into consideration.

The West Bengal Appropriation Bill, 2019

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2019.

(Secretary read the title of the Bill.)

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2019 be taken into consideration.

Mr. Speaker : Now discussion on both the bill will be taken up together but the voting will be separately.

শ্রী আমজাদ হোসেন : স্যার মাননীয় অর্থমন্ত্রী 'The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019' এবং The West Bengal Appropriation Bill, 2019' যেটা এনেছেন এটা সম্পর্কে বিরোধিতা করার কিছু নেই, নিয়মমাফিক এটা আলোচনা করা হচ্ছে। এটা একটা Constitutional Obligation Sir, সুতরাং এটা আমাদের সমর্থন করতেই হবে। এটা কনসলিডেটেড ফান্ড থেকে যদি আমরা পাশ না করি তাহলে উনি একটা পয়সাও খরচ করতে পারবেন না। সুতরাং এখানে বিরোধিতার কিছু নেই। যে টাকাটা অনুমোদন হয়েছে সেটা ৩১শে মার্চের মধ্যে খরচ করে দিতে হবে, আর মাত্র কয়েকটা দিন বাকি আছে, অধিকাংশ টাকা খরচ হয়েই গিয়েছে। আমার মনে হয়েছে স্যার, এই সংসদীয় ক্ষেত্রে ফিনানসিয়াল ব্যবস্থার ক্ষেত্রে কিছু একটা ঘাটতি আছে, সাধারণ মানুষের কাছে থেকে যে টাকাগুলো আমরা আদায় করি সেটা যাতে ঠিকমত খরচ হয় তার গার্জেন বা কাস্টোডিয়ান হচ্ছে আমাদের লেজিসলেচার। সেইজন্য লেজিসলেচার কন্ট্রোল ওভার ফিনান্স, এটা যাতে ঠিকঠাকভাবে পালিত হয় সেটা স্যার দেখার কথা। আমরা একটা অ্যাপ্রোপ্রিয়েশান বিল পাশ করছি, যখন আমরা পাশ হওয়া বাজেটের থেকে বেশি খরচ করে দিচ্ছি, তখন অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মাধ্যমে বিধানসভার অনুমোদন আমরা গ্রহণ করছি। কিন্তু বাজেট পাশ করার পরে যখন সব টাকাটা আমরা খরচ করতে পারছি না সেটা কিন্তু বিধানসভার নজরে থাকছে না। ধরুন আমরা বাজেট পাশ করছি এক হাজার কোটি টাকা, সরকার নয়শো কোটি টাকা খরচ করলেন, একশো কোটি টাকা খরচ করতে পারলেন না, সেটা বিধানসভার অনুমোদন দেওয়া সত্ত্বেও, তার যে হিসাবটা এটারও বিধানসভার অনুমোদন নেওয়ার দরকার ছিল। স্যার, এটা কিন্তু আমাদের একটা বিষয় থেকে যাচ্ছে। ফিনানসিয়াল যে লেজিসলেচার পদ্ধতি রয়েছে আমাদের, সেটা তারই অন্তর্গত বিষয়। যাই হোক আপনি এই যে খরচ করেছেন এবং করবেন, তাতে আমরা জনগণ কি পেলাম সেটাই দেখার। বাজেট মানে তার একটা লক্ষ্য আছে, তার একটা অভিমুখ আছে, তার একটা ভিশান আছে। সেই রকম দু-চারটে বিষয় হচ্ছে আমরা একটা জনকল্যাণকর রাষ্ট্রে আছি স্যার, সেখানে জনকল্যাণকর রাষ্ট্রে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়া এটা একটা অভিমুখ; দুই নম্বর হচ্ছে, আইনের শাসন যাতে চালু হয়; তিন নম্বর হচ্ছে দলমত নির্বিশেষে নিরপেক্ষ প্রশাসন প্রতিষ্ঠিত করা আর জনগণের

গণতান্ত্রিক অধিকার যাতে রক্ষিত হয়। একটা বাজেট মানে তো এই সমস্ত বিষয়, সেটা দু-চারটে টাকার হিসাব এই বিষয়টা নয়। এই ভিশানগুলো আমাদের দেখতে হবে, এইগুলো আমরা ঠিক ঠিকভাবে কতটা করতে পারছি। আপনি চিন্তা-ভাবনা করেছেন এই বিষয়টা। আপনি যে অর্থ ব্যয় করলেন, সেই অর্থ ব্যয় করার মধ্যে দিয়ে লক্ষ্যগুলোকে পূরণ করতে কতটা সফল হলেন। আপনার সরকারের আমলে যে কাজকর্ম সেটা যদি আমরা লক্ষ করি, আপনি ভেতরে বলছেন উন্নয়ন, বাইরে বলছেন উন্নয়নের জোয়ার চলছে, সেইখানে স্যার, আমরা কি বলব উন্নয়ন বলব, না অবনয়ন বলব, ঊর্ধ্বগতি বলব না অধোগতি বলব। কোনদিকে তাকাব স্যার।

(নয়েজ)

স্যার, আমি তো কিছুই বলিনি। কি শিক্ষার দিকে তাকাব, কি স্বাস্থ্যের দিকে তাকাব, কি কৃষি, কি কর্মসংস্থান, কোথায় তাকাবেন স্যার। শিক্ষার দিকে আপনি তাকান স্যার, যত দিন যাচ্ছে স্কুল ছুট, ড্রপ আউটের সংখ্যা, ক্রমশ বাড়ছে। সর্বশিক্ষা মিশনে আমরা এত খরচ করছি, ঋণের জালে আমরা আটকে যাচ্ছি।

[2:40 p.m. – 2:50 p.m.]

সর্বশিক্ষা মিশনের কোটি কোটি টাকা খরচ করতে পারলো না দপ্তর, ফেরত চলে গেলো দিল্লিতে। এইটা চলছে। স্যার, রাজ্যের স্কুলগুলোতে প্রাইমারী থেকে ইউনিভার্সিটি ৩ লক্ষেরও বেশি শিক্ষক পদ ফাঁকা পড়ে আছে। সেইখানে স্কুলের কচিকাঁচা ছেলেমেয়েরা স্কুলের গেটে গিয়ে বিক্ষোভ দেখাচ্ছে যে স্কুলের শিক্ষক চাই, শিক্ষিকা চাই। শিক্ষক শিক্ষিকা দেওয়ার বদলে পুলিশ পাঠিয়ে গুলি চালিয়ে দুটো কচি ছাত্রর জান কেড়ে নিলেন আপনারা। স্যার, এইটা হচ্ছে শিক্ষা ব্যবস্থা। স্কুলের ম্যানেজিং কমিটি তুলে দিয়েছেন। স্যার, কলেজে ভর্তি হতে গেলে শাসক দলের ছাত্র নেতাদের ২০, ৫০ এমনকি ৮০ হাজার টাকা পর্যন্ত তোলা দিতে হচ্ছে। স্যার, এইরকম লজ্জাজনক ঘটনা ভূভারতে কোথাও নেই। স্যার, শুধু পশ্চিম বাংলার ৩৪ বছর কেন, একজন মুখ্যমন্ত্রীকে কলেজে কলেজে ঘুরে বেড়াতে হচ্ছে যাতে তোলা না দিয়ে ভর্তি করতে হয় ছাত্রদের। এই লজ্জা শিক্ষা ব্যবস্থায় তৈরি হয়েছে। স্যার, বিশ্ববিদ্যালয়গুলোর স্বায়ত্বশাসন সেটাও জলাঞ্জলি যাচ্ছে। স্যার, শিক্ষা যখন এসেছে - মাদ্রাসা শিক্ষা আরও ভয়ংকর জায়গায় দাঁড়িয়ে আছে। স্কুল সার্ভিস কমিশন তো ২০১২, তারপর বন্ধ। মাদ্রাসা সার্ভিস কমিশন এই সরকার যখন প্রথম গঠিত হলো তার মুখ্যমন্ত্রী বললেন ১০ হাজার মাদ্রাসাকে অনুমোদন দেবো। কটা মাদ্রাসাকে অনুমোদন দিয়েছেন এটা আর আজকে লজ্জায় বলতে পারছেন না। স্যার, আমি সেটাতে যাচ্ছি না। স্যার, যে মাদ্রাসাগুলো বামফ্রন্ট সরকার বলুন, তার আগের সরকারের আমল থেকে চলে আসছিলো সেই মাদ্রাসাগুলোর হাল কি একবার দেখুন। ঐ রব্বানী ভাইকে জিজ্ঞেস করুন। মাদ্রাসাগুলোর শিক্ষক শিক্ষিকা নেই। মাদ্রাসা সার্ভিস কমিশন – সেইটাকে আপনারা লাটে তুলে দিলেন। সরকার আসার পর থেকে আজ অবধি তার একটা পরীক্ষা করলেন না, বললেন মাদ্রাসা সার্ভিস কমিশন আমরা তুলে দেবো। কেন? আমাদের বাপ, চাচাদের কাউকে কাউকে নিয়ে কমিটি বানাবো। ছাত্র

ভর্তি হতে গেলে যদি ৮০ হাজার লাগে মাদ্রাসায় মাস্টার নিয়োগে ঐরকম রেটে তোলাবাজি হবে। কিন্তু সুপ্রিম কোর্ট বাতিল করলো স্যার। সুপ্রিম কোর্ট বলল থাকবে মাদ্রাসা সার্ভিস কমিশন। মাদ্রাসা সার্ভিস কমিশনের পরীক্ষা নিতে হবে না স্যার, একটা প্রায় সাড়ে ৩ হাজারের লিগাল প্যানেল পড়ে আছে। তার রিক্রুটমেন্টও এই গভর্নমেন্ট দিচ্ছে না। মাদ্রাসাগুলোর লাটে ওঠার অবস্থা হয়েছে। স্যার, স্বাস্থ্যে যান, স্বাস্থ্য কি হয়েছে, কিছু নীল - সাদা রঙ করেছেন। বলছিলেন যে অ্যাসেট তৈরি করছেন। নীল - সাদা রঙটা যদি অ্যাসেট হয় তো অ্যাসেট। স্যার, ডাক্তার বলুন, নার্স বলুন, গ্রুপ ডি বলুন, সুইপার বলুন, কি বলবেন? কোথায়? সব তো গ্রুপ ডি থেকে সুইপার, কনট্রাক্টে চলে গেছে - কনট্রাক্টে। হসপিটালে ডাক্তার আছে তো নার্স নেই। নার্স আছে তো ডাক্তার নেই। স্যার, আমাদের পান্ডুয়া হসপিটালে ধনেখালি থেকে একজন ডাক্তারকে নিয়ে গিয়ে সিজারিয়ান করা হতো সপ্তাহে ২ দিন, ১ দিনে দাঁড়ালো, ১ দিনে দাঁড়ানোর পরে এখন সেটা বন্ধ হয়ে গেছে। স্যার, গত পরশু দিন, আমার বন্ধুর বাবার স্ট্রোক হয়েছে, পান্ডুয়া হসপিটাল রেফার করেছে চুঁচুড়া - চুঁচুড়া রেফার করেছে এন.আর.এস., এন.আর.এসে . এসে ডাক্তার পেশেন্ট না দেখে বলছেন নেওয়া হবে না ,নিয়ে চলে যাও। স্যার,সাক্ষী আছেন, নাম বলছি না। আপনাদের শাসক দলের একজন বিধায়ক ডাক্তার বাবু ওনাকে ধন্যবাদ। ওনাকে ফোন করলে, উনি হস্তক্ষেপ করেন, তারপরে স্ট্রোকের পেশেন্ট ভর্তি হচ্ছে, কোথায়? মেডিসিনের একটা শেয়ারিং বেডে। এই হচ্ছে স্বাস্থ্যর অবস্থা। .. (নয়েজ) .. স্যার, আপনি কোন দিকে তাকাবেন। কর্মসংস্থান, স্যার, কর্মসংস্থান বলছেন। ৯ লাখ ৫ হাজার এই এক বছরে দিয়েছেন, এই বাজেটে বলেছেন। ..(নয়েজ) .. গত বছর বলেছিলেন ৯০ লাখ। স্যার, কর্মসংস্থানের প্রশ্নে, গত বছর পর্যন্ত বাজেটে বললেন ৯০ লাখ। এবারে আবার বললেন ৯ লাখ ৫ হাজার। ৯৯ লাখ ৫ হাজার কোথায় দিলেন? এস. এস.সি. ২০১২ তে হয়ে বন্ধ।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে) Public Service Commission তুলে দিয়েছেন, Staff Selection Commission বাড়িয়েছেন, কিন্তু আজ অবধি তার একটা পরীক্ষা নেই। চাকরি ছেড়ে দিন, চাকরির পরীক্ষা হচ্ছে না। যাও বা এক-আধটা পরীক্ষা হত, তার চারবার পাঁচবার প্রশ্নপত্র ফাঁস হচ্ছে। কৃষি - আজকে মুখ্যমন্ত্রীকে বলতে হচ্ছে, চাষিরা যেখানে ধান বেচবেন, সেখানে Police পাহারায় বসবে। চাষিদের সঙ্গে প্রতারণা হচ্ছে। আইনের শাসন,আইনের শাসন কোথায় গেছে স্যার। পুলিশ আমাদের আইন দেখবে,সেই পুলিশ মার খেয়ে.....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী জ্যোতিময় কর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, The West Bengal Appropriation (Vote on Account) Bill 2019. Second The West Bengal Appropriation Bill 2019 সমর্থনে আমি বলি, স্যার এটা budget এবং appropriation বিল। যদি একটা কৃত্রিম হত তাহলে এই Provisionটা থাকত না। অনেক countryতে আছে, budget pass হওয়ার পরে যদি Appropriation Bill এ সরকার হেরে যায় তাহলে সরকারকে পদত্যাগ করতে হয়। সুতরাং এই Bill এ অত্যন্ত গুরুত্ব আছে এবং এই গুরুত্বকে নিয়ে আমি আলোকপাত করছি।

আমরা জানি স্যার আমাদের সামনে কোনো vote নেই। আমি এটাও জানি স্যার, আমি দফাওয়ারি budget আলোচনা করছি না। আমি vote on account আলোচনা করছি এবং এই বছরে ২০১৮-১৯ এ expenditure over the budget যেটুকু amount 22000 crore something সেটাকে আমরা appropriate করছি। একটা budget-এ কেউ বললেন দিশাহীন, কেউ বললেন সারা বছরের বাজেট দিলেন কেন ? নানা রকম সমালোচনা, object-এ না গিয়ে - যাঁরা বলছেন দিশাহীন আমি বিনীতভাবে বলব ওঁরা হীনদিশা। ওখানে হীন মানে মাইনাস। ওদের বুদ্ধ্যঙ্ক একটু কম আছে। তা না হলে এই ভাবে ওঁরা বলতেন না। আমি সবিনয়ে বলি স্যার, আমজাদ সাহেব বললেন, গণতান্ত্রিক আন্দোলন সুরক্ষার কথা। স্যার আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় CBI নিরপেক্ষতার againstএ আজকে ধরনায় বসেছেন। এটা CBI-এর নিরপেক্ষতার দাবির জন্য। সুজনবাবুরা আর কংগ্রেস এখানে বিরোধিতা করছে। ওদের নেতা রাহুল গান্ধী বলছেন, thank you Mamata, আমি আপনাদের সঙ্গে আছি। Kharge Press করে বললেন, tweet করে বললেন, এ জয় সম্মিলিত বিরোধীদের জয়। সুতরাং একটা মুর্খ, আর পাগলও তা ভাল জানে। সুতরাং এরা নিজেরা জানে না দিশা, এরা নিজেরা জানে না নিজেদের dimension কী ? যাইহোক আমি বাজেট প্রসঙ্গে আসছি, total budget যদি vote on account মানে চার মাসের বাজেট। আমার সামনে যদি স্টেটে ভোট থাকত, যদি বিত্তমন্ত্রী total budget দিতেন, সেখানে সমালোচনার অবকাশ ছিল। কিন্তু রাজ্যের কোন vote নেই, vote হবে Lok Sabhaয়। তাই আমাদের রাজ্যমন্ত্রী, বিত্তমন্ত্রী সমগ্র বছরের Budgetটি পেশ করে অনুমোদন চেয়েছেন মাত্র one third । বাজেটে দুটো দিক থাকে, একটা হচ্ছে vetted দিক বা charged যাকে বলি আর একটা voted দিক। আমাদের আলোচ্য বিষয় voted অংশ। টোটাল বছরের বাজেট ২ লক্ষ ৩৭ হাজার ৯৬৪ কোটি ৩৫ লক্ষ টাকা। এর মধ্যে সমগ্র বছরের voted অংশ ১ লাখ ৬১ হাজার ৮৬১ কোটি ৭৩ লক্ষ ৬১ হাজার টাকা। এটা আমাদের বিবেচ্য নয়। আমাদের আলোচ্য বিষয় কোনটা, আমাদের আলোচ্য বিষয় এঁরা যদি দুই নম্বর বই দেখতেন, তাহলে দেখতে পেতেন, আমাদের আলোচ্য হচ্ছে ৫৩ হাজার ৯৩৫ কোটি ৯১ লক্ষ ২০ হাজার যেটা আমাদের ভোট দিয়ে পাশ করাতে হবে।

[2:50 p.m. – 3:00 p.m.]

বাকী যে চার্জড্ অংশ ২৫ হাজার ৯৪ লক্ষ ৭৭ হাজার কোটি টাকা, এটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলবেন, কারণ এখানে আমাদের ভোট দিতে হবে না, আলোচনার অবকাশ নেই, অর্থমন্ত্রী কেন এই চার্জড্ অংশটুকু ধরেছেন, সেটা উনি ব্যাখ্যা করতে পারবেন। যে অংশ আমাদের বলতে হবে, আমাদের ভোট দিয়ে পাশ করাবে, আমার আলোচনা স্যার আমি সেই অংশের মধ্যে সীমায়িত করছি। স্যার, এই টোটাল বাজেট যদি পেশ না হত, তাহলে তার এক তৃতীয়াংশ আমরা পেতাম কি করে ? এটা তো সামান্য কথা। টোটাল বাজেট থেকে ভিউ পাওয়া যায়। টোটাল বাজেট যদি পেশ না হত, তাহলে বিরোধীরা বললেন, বিত্তমন্ত্রীর টাকা নেই, কোথা থেকে পাশ করবেন, সেই জন্য এই বাজেট প্রস্তাবিত করলেন। সুতরাং এই সমস্ত আধা কাঁচা বিতর্কের মধ্যে না গিয়ে বলি, ২২ হাজার

১৬ লক্ষ ৩৪ হাজার কোটি টাকা এক্সপেন্ডিচার ওভারডিউ বাজেটে ২০১৮-১৯ -এ খরচ হয়েছে, সেটা দিতে হবে। লেটেস্ট লুক আমাদের বাজেটের যে অংশে অতিরিক্ত খরচ হয়েছে, যে অংশে এবারে আমাদের ভোট অন্ অ্যাকাউন্টে টাকা খরচা করতে চাইছে, যে ১৭ হাজার কোটি টাকা বললাম স্যার, সেটার ডাইমেনশন আছে কিনা। সম্প্রতি স্যার পয়লা ফেব্রুয়ারী কেন্দ্রে বাজেট পেশ করেছেন যিনি, বিত্তমন্ত্রী আমেরিকায় ট্রিটমেন্টের জন্য আছেন। এখানে বাজেট পেশ করেছেন স্টপ গ্যাপ অ্যারেঞ্জমেন্টে গোয়েল স্যার। স্যার, সেখানে বিত্তমন্ত্রী বলছেন, যে জব ওরিয়েন্টেড নয়, যখন সমালোচনা হচ্ছে যে কেন্দ্রের বাজেটে বেকারদের চাকরি সংস্থানের কোন সুযোগ নেই, উনি বলছেন এখানে তো কোন সেই অবকাশই নেই কারণ বাজেট দু' ধরণের - একটা হচ্ছে ভোট অন্ অ্যাকাউন্টের বাজেট, যেখানে চাকরি সংস্থানের দরকার হয় না, উৎপাদনের দরকার হয় না- ভাবটা এমন, আর টোটাল বাজেটে এইগুলো থাকে। কিন্তু আমাদের বিত্তমন্ত্রী স্যার, গোড়া থেকেই ভোট অন্ অ্যাকাউন্ট থেকে শুরু করে সারা বছরে একটা নির্দিষ্ট লক্ষ্যে ব্যয়-বরাদ্দকে অনুমোদনের জন্য উপস্থাপিত করেছেন। আপনি দেখুন স্যার, আমি যদি পড়ি যে আমাদের বাজেটের জিস্ট কি ? হার্ট কোথায়, লাংস্ কোথায়, কিডনি কোথায়, যে অংশ নিয়ে আমরা বাজেটকে চুলচেরা বিচার করতে পারি। প্রথম হচ্ছে সরকারের একটা দাবী থাকবে সে রেভিন্যু ডেফিসিটকে নিয়ন্ত্রণ করতে পারছে কিনা, যেটা এরা বলছেন, এটা হচ্ছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০১৭-১৮ -তে স্যার আমাদের রেভিন্যু ডেফিসিট ছিল ৯ হাজার ৮০৬ কোটি ৯৭ লক্ষ টাকা, ২০১৮-১৯ -এ ৭ হাজার ৫২৪ কোটি ১২ লক্ষ টাকা। দু লক্ষ দু হাজার টাকার বেশি রেভিন্যু কমে গেল, ডেফিসিট কমে গেল। ফিসক্যাল ডেফিসিট, ফিসক্যাল মানে কর সংক্রান্ত ডেফিসিট অর্থাৎ যে করগুলো আমরা নিই। এখন তো জি.এস.টি হয়ে গেছে। তা সত্ত্বেও আমাদের বিত্তমন্ত্রী কোন ট্যাক্স চাপান নি। কোন ইন্সপেক্টররাজ কায়েম করেনি। শুধুমাত্র একটা স্থিতধী বুদ্ধি নিয়ে তিনি প্রোগ্রেসিভ ট্যাক্স নীতি চালু করে ফিসক্যাল ডেফিসিটকে কোথায় নিয়ে গেলেন। ২০১৭-১৮ -তে ফিসক্যাল ডেফিসিট ছিল ২৯ হাজার ৯৩০ কোটি ৯০ লক্ষ টাকা। ২০১৯-২০-তে ফিসক্যাল ডেফিসিট - ২৯ হাজার ২৫৪ কোটি ৩৮ লক্ষ টাকা। ফিসক্যাল ডেফিসিট স্যার বাড়ে, আমরা বামফ্রন্টের সময় দেখেছি। বাজেট ডেফিসিট ১৭-১৮ -তে কি ছিল ? - ২০ লক্ষ ৫৮ হাজার টাকা। আর ২০১৯-২০ -তে কি হল ? প্রস্তাবিত বাজেট ডেফিসিট হচ্ছে ৯ লক্ষ। কোথায় ২০ লক্ষ, তার থেকে ৯ লক্ষ বাজেট ডেফিসিটে নামিয়ে নিয়ে এলেন। এটা কি স্টেডি প্রোগ্রেস নয় ? এটা কি ক্রেডিট নয় ? স্যার, কেন্দ্র একটা বৃহদায়তন সরকার। তার লক্ষ্য ছিল জি এস টি থেকে ট্যাক্স কালেকশান ১৩ লক্ষ ৪৮ হাজার কোটি টাকা। এসেছে কত জানেন ? - ৯ লক্ষ ৭১ হাজার কোটি টাকা।

চার লক্ষ কোটি টাকা যেখানে কেন্দ্রীয় সরকার ফেল করছে সেখানে। পশ্চিম বাংলার বিত্তমন্ত্রী আরও উদ্বৃত্ত ট্যাক্স আদায় করে, কোনো কর না চাপিয়ে আমাদের যে সমস্ত পরিকল্পিত - অপরিকল্পিত, সামগ্রিক ভাবে সামাজিক ন্যায়, সবার জন্য খাদ্য, সবার জন্য শিক্ষা, সবার জন্য স্বাস্থ্য দিয়ে যাচ্ছেন। আমি তখনই বুঝতাম, বিরোধীরা যদি বলতেন, এই লক্ষ বাজেট কমান, এই লক্ষে বাজেট বাড়ান, এই আইটেমে বাজেট কমান, এখানে বাজেট বাড়ান তাহলে একটা

নির্দিষ্ট লক্ষ্যে একটা পজিটিভ আলোচনা হ'ত। এবারে আসি লোনে - debt-এ। Debt-এর কথা মাননীয় বিত্তমন্ত্রী বলেছেন। টাটা লোন করে ফ্যাক্টেরি করে না। বিড়লা লোন করে ফ্যাক্টরি করে না। আমাদের দেখতে হবে লোন করে আমি ক্যাপিটালকে গ্রো করতে পারছি কিনা। আমরা গ্রস্ জিডিপি-কে বাড়াতে পারছি কিনা। আমার পার্মানেন্ট ইনফ্রাসট্রাকচার বাড়ছে কিনা। তাহলে আমি বলব, ফুটফুল লোন। আমি যদি বলি- ঋণং কৃত্ত্বা ঘৃতং পিবেৎ, যাবৎ জীবেৎ সরকার সুখং জীবেৎ। তাহলে আমি বলব এটা bad. স্যার, ইনটেনশান দেখতে হবে। It cannot be allowed. Let us see. লোন রি-পেমেন্ট আমরা কত করছি সেটা তো ওঁরা বলছেন না। লোন রি-পেমেন্ট আমরা করছিলাম, ১৭-১৮ তে - মানে আমি বার্ডেন-টা বোঝাতে চাইছি, ৬ হাজার ৯৭৬ কোটি ৮৬ লক্ষ টাকা। আমরা ১৯-২০ তে লোন রি-পেমেন্ট করলাম কত? আমাদের ৭ হাজার ৭১১ কোটি ৯৭ লক্ষ টাকা। তার মানে প্রিন্সিপ্যাল-টা বেড়ে যাচ্ছে। প্রিন্সিপ্যাল-টার দায়িত্ব নিতে হচ্ছে। এই দায়িত্ব নিচ্ছি কিসের জন্য? এই দায়িত্ব নিচ্ছি আমরা আমাদের রাজ্যকে সবদিক দিয়ে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। আমাদের ইন্টারেস্ট-টা কত দিতে হচ্ছে লোনে? ১৭-১৮ তে আমরা ইন্টারেস্ট দিয়েছিলাম, ৪৯৮ কোটি ৯৮ লক্ষ টাকা। আমরা ১৯-২০ তে দিচ্ছি কত? আমরা ১৯-২০ তে দিচ্ছি, ১৯ লক্ষ ৭৫ কোটি টাকা দিচ্ছি। এবং আদার আরও আছে। আদার কি আছে স্যার? ২৩ হাজার ৯২৭ কোটি টাকা আমাদের লোন ইন্টারেস্ট রি পেমেন্ট করতে হচ্ছে। এরকম একটা লোনকে মাথায় নিয়ে আজকে আমাদের রাজ্যের সামগ্রিক উন্নয়নকে দেখাতে হচ্ছে। স্যার, স্যালারি কেমন বেড়েছে? এঁরা যেহেতু ডি.এ.বৃদ্ধির কথা বলছেন। আমাদের মুখ্যমন্ত্রী কখনও ডি.এ বৃদ্ধির বিপক্ষে বলেননি। কিন্তু বাস্তব অবস্থাটা বুঝতে হবে। স্যালারি খাতে কি যাচ্ছে? ১৭-১৮ তে স্যালারি খাতে গিয়েছিল ৩৭.৮০৩ কোটি ১ লক্ষ টাকা। ১৯-২০ তে যাচ্ছে ৪৬ হাজার ৬০৭ কোটি ৯৪ লক্ষ টাকা। গিয়েছিল ৩৭ হাজার ৮৩০ কোটি ১ লক্ষ টাকা স্যালারি খাতে। ১৯-২০ তে যাচ্ছে ৪৬ হাজার ৬০৭ কোটি ৯৪ লক্ষ টাকা। তার মানে কতটা বাড়ছে? কতটা বার্ডেন নিতে হচ্ছে। পেনশান-১৭-১৮ তে দিতে হয়েছিল ১৪ হাজার ৫৮৮ কোটি টাকা। ১৭-১৮ তে রিটায়ারমেন্ট বেনিফিট এবং আদার দিতে হয়েছিল - যেগুলো রিটায়ামেন্টের পরে পাওয়া যায়, ১৪ হাজার ৫৮৮ কোটি টাকা। আর ১৯-২০ তে দিতে হচ্ছে স্যার, ৬ হাজার ৮০৮ কোটি ২৫ লক্ষ টাকা। ফলে স্টেটের ওপরে ডাইরেক্ট বার্ডেন বেড়ে যাচ্ছে। এগুলো তো কমপালসরি। এগুলোর সঙ্গে তো কমপ্রোমাইজ করা যাবে না। শিক্ষকদের বেতন পয়লা তারিখে দিতে হবে। সরকারি কর্মচারীদের বেতন পয়লা তারিখে দিতে হবে। এগুলো ম্যান্ডেটরি। এই ম্যান্ডেটরি অবলিগেশন-গুলোকে মেইনটেন করে আজকের যে উন্নয়নটা হচ্ছে তার একটু রূপরেখা দিই স্যার। রাজ্যের যে ভাবে হচ্ছে বলি। আমাকে দেখতে হবে বাজেট-টা প্রো-পিপ্‌ল্ হচ্ছে কিনা, প্রো-ফার্মার হচ্ছে কিনা, প্রো-আনএপ্লয়েড ইউথ হচ্ছে কিনা, প্রো-এডুকেশন হয়েছে। কিনা। এগুলো যদি আমরা না দিই এবং সামাজিক ন্যায়কে রেখে আজকে এই যে 'কৃষিবন্ধু' প্রকল্প আপনি চালু করলেন, স্যোসালি এ্যাক্টিভেটেড করে দেখান।

[3:00 p.m. – 3:10 p.m.]

তার পর থিয়োরি আসছে। কম্পালস্যরি বেসিক ইনকাম-টাকে সারা ভারতে করা যায় কিনা মাননীয় বিত্তমন্ত্রী বলবেন। আপনি নিশ্চয় এগোচ্ছেন। কম্পালস্যরি বেসিক ইনকামকে আমি আমার রাজ্যের জনগণের মধ্যে অ্যাসিওর করতে পারি কিনা।

স্যার, এগ্রিকালচার এ্যালায়েড। ২০০৭-০৮ সালে ছিল ১১,৯৮৯ কোটি ৭৯ লক্ষ টাকা। ২০১৯-২০তে ২৮ হাজার কোটি টাকা। কত গুণ বৃদ্ধি পেল দেখুন এগ্রিকালচার সেক্টরে। ইরিগেশন। যেটা আমাদের পশ্চিম বাংলার জ্বলন্ত সমস্যা, সব সদস্যরা বলেন। আমরা ছিলাম ১,৬৯৫ কোটি ৩৩ লক্ষে। সেটাকে বাড়িয়ে করা হল ৩,৩০২ কোটি। এগুলো তো বললেন না।

স্যার, ইন্ডাস্ট্রিয়াল মিনারেল ছিল ১ হাজার ৯৩ কোটি। বেড়ে হল ১ হাজার ৯৯৭ কোটি। সাইয়েন্স এ্যান্ড এডুকেশন, পার্থবাবু আছেন। আপনি মহা ভাগ্যবান। কী পেয়েছেন আপনি ? ছিল ৫,৩১৯ কোটি, হল ১০,৭১১ কোটি। তবু বলবেন শিক্ষা নেই ? সুতরাং, চেষ্টা হচ্ছে রাজ্যকে 'বিশ্ব-বাংলা'য় নিয়ে যাওয়ার। আমার অনুরোধ, আমরা চাই, নিশ্চয় পজিটিভ সমালোচনা হোক। এই বাজেটকে সমর্থন করে, ভোট-অন্-অ্যাকাউন্ট এবং ওভার অল এক্সপেন্ডিচারকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, In pursuance of Clause-1 of Article 205 of the Constitution of India, no money can be withdrawn from the Consolidated Fund of West Bengal except in accordance with appropriation made by law.

অ্যাপ্রোপ্রিয়েশন দিয়ে দিলাম আপনাকে। আপনি একদিকে লক্ষ্মী, একদিকে স্বরস্বতী। আবার মারাদোনাও আছেন। আর, পি.সি সরকার থাকলে আপনাকে বোধ হয় নোবেল প্রাইজ দিতেন।

আচ্ছা মাননীয় বিত্তমন্ত্রী আমি আপনাকে কয়েকটা ছোট ছোট প্রশ্ন করতে চাই। আপনি উন্নয়নের জন্য এত টাকা দিচ্ছেন, হাজার হাজার কোটি। আপনি আস্তে বলেন, জোরে শেষ করেন। জ্যোতির্ময়বাবু আপনি বঞ্চিত না লাঞ্ছিত না প্রাপ্য পেয়েছেন? মাননীয় বিত্তমন্ত্রী আপনাকে আমি খুব ছোট ছোট প্রশ্ন করছি। আপনার এই ৭ বছরের রাজত্বে আপনি প্রতিটি সরকারি কর্মচারীর মাথার ওপর থেকে ছাদ কেড়ে নিয়েছেন। এক-একটি সরকারি কর্মচারীর এক-একটি ফ্ল্যাটের টাকা নষ্ট হয়েছে স্যার। মাননীয় বিত্তমন্ত্রী আপনি আরো বেশি 'সিকন্দার' আছেন বিকজ আপনি মুখ্যমন্ত্রী ছাড়াই বাজেট পাস করেছেন। এজন্য আপনাকে ধন্যবাদ। আপনাকে একটা ছোট্ট কথা বলি মাননীয় অর্থমন্ত্রী। আপনি বলুন তো, আপনি জবাব দিতে পারবেন, আপনার জবাব আছে? এনটাইটেলমেন্ট কমিটির রিপোর্ট আপনি বার বার রিগ্রেট করে পাঠিয়ে দিয়েছেন। এটা আমার কথা নয় দি দেন লিডার অফ দ্য অপোজিশন, তৃণমূল কংগ্রেসের পঙ্কজ বন্দ্যোপাধ্যায় আজ থেকে দু'বছর আগে চিঠি দিয়েছিলেন। আজও পর্যন্ত তার ইমপ্লিমেন্টেশন হয়নি। আপনার জবাব আছে ? জবাব দেবেন হাউজকে। জবাব দিতে হবে আপনাকে বিকজ you are the finance minister and custodian.

মিঃ স্পীকার : মনোজবাবু আপনি চেয়ারকে অ্যাড্রেস করে বলুন। আপনি ডাইরেক্ট ওনাকে কোশ্চেন না করে চেয়ারকে অ্যাড্রেস করে বলুন।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি চেয়ারকে অ্যাড্রেস করেই বলছি স্যার। আমি আপনাকে অ্যাড্রেস করে বলছি স্যার।

আপনি তিন-তিনবার রিফিউজ করে পাঠিয়েছেন।

আপনারা অপমাণিত, তার কারণ এই বিত্ত মন্ত্রীর আমলে নিজের মাইনে সাড়ে দশ গুণ বেড়ে গেছে। আর আপনার মাইনে নেমে গেছে, ৩৭৩ টাকা ডেইলি ওয়েজেস, মিনিমাম ওয়েজেস। মাননীয় বিত্ত মন্ত্রী আপনার গাড়ি গৌরি সেন, আপনার গাড়ির তেল গৌরি সেন, এমএলএদের গাড়ির তেল নিজেদের পকেটের, এমএলএ - র ড্রাইভার, এমএলএর পকেটে, আপনার কোন খরচাও নাই, কিছুই নাই। আপনি নিজের মাইনে সাড়ে দশগুণ বাড়িয়ে নিলেন। আর এমএলএদেরকে কোন জায়গায় পাঠিয়েছেন আপনার সাড়ে সাত বছরের রাজত্বে? আপনাকে জবাবদিহি করতে হবে, বলুন আপনি। আপনাকে এখানে বলতে হবে। আমাদের দাবি এটা। On behalf of the Entitlement Committee আমি আপনার কাছে ডিম্যান্ড করছি আপনি মন্ত্রীদের মাইনে সাড়ে সাতগুণ বাড়ালেন কোন পন্থায় বা কোন পদ্ধতিতে ? আপনি বলুন। এমএলএদের টাকায় আপনি জিএসটি কেটে নিচ্ছেন। জিএসটি কেটে নেওয়াতে আজকে এমএলএদের ফান্ড কমে গেছে। আপনার ঘরে লাভ হচ্ছে। আপনি মদে ইনকাম করছেন, জিএসটিতে ইনকাম করছেন, আপনি সেজে ইনকাম করছেন, আপনি পেট্রল ডিজেলে ইনকাম করছেন, আপনার তো সোনায় সোহাগা। এত কাজ কিন্তু আপনি আমাদের যে সরকারি কর্মচারী - জ্যোর্তিময়বাবু কোথায় ? দেখছি না। জ্যোর্তিময়বাবু তো বড় বড় কথা বলছিলেন। জ্যোর্তিময়বাবু আপনার হাল কি আজকে? আপনি কত বেতন পান দশ হাজার। মিনিমাম ওয়েজেস ৩৭৩ টাকা। তাহলে কোন জায়গায় করিয়েছেন আপনি এই সাড়ে সাত বছরে? কোন জায়গায়? unemployment আপনাকে বলি- (গোলমাল)- ওদিকে অ্যাড্রেস করে আপনাকে বলছি আমি- আমি স্যার আপনার মাধ্যমে বলছি- বিত্ত মন্ত্রীকে বলতে হবে কোন জাদুবলে নিজের বেতন সাড়ে দশগুণ বাড়িয়ে নিয়েছেন এনটাইটেলমেন্ট কমিটিকে বাদ দিয়ে আমরা জানতে চাই, বলতে হবে আপনাকে। আপনাকে বলতে হবে কেন আপনি এত উন্নয়নের কথা বলছেন, তাও টাকা ফেরত যাচ্ছে? এমএলএ ল্যাড ৪ কোটি করা উচিত, আপনার এত টাকা, আপনি তো টাকার ফোয়ারা ওড়াচ্ছেন, সাত বছর ধরে আপনি একটা কথা বলেননি। স্যার, যে কথাটা আমি বলতে চাই আপনি আজও পর্যন্ত যে পে কমিশন করেছেন ওটা কি নর্ম্যাল হবে না সিজার টিজার করতে হবে? আপনার পে কমিশনটা, আপনার অভিরূপ, বহুরূপকে উকিলদের টাকা দিচ্ছেন, আপনি তাদের পুষছেন, আজও পর্যন্ত সরকারি কর্মচারীদের পে কমিশন ঘোষণা করতে পারেননি। স্যার, এই বিত্ত মন্ত্রী আমাদের সঙ্গে তঞ্চকতা করছেন। আমাদের কাছে উনি মিথ্যে তথ্য দিচ্ছেন। আমাদের কাছে। বলছেন না সঠিকটা কোন জায়গায়। humble request

তাই আপনার মাধ্যমে মাননীয় বিত্তমন্ত্রীর কাছে উনি যে তথ্য দিচ্ছেন সেই তথ্য সঠিক নয়। উনি যে তথ্য দিচ্ছেন তাতে জাগলারি করছেন। এই তথ্য সঠিক নয়। আগামী বছরে সরকারের দেনার পরিমাণ বছরে চার লক্ষ ষাট হাজার নয় শত ঊনষাট কোটি টাকা। আপনি তাই আবার অ্যাপ্রোপ্রিয়েশান আনবেন, অ্যাপ্রোপ্রিয়েশান পাশ করে দেব। আপনাকে কিন্তু আপনাকে জবাবদিহি করতে হবে। সরকারি কর্মচারীর ডি.এ. লাগু করে দিতে হবে, আপডেট করে দিতে হবে। আপনার এমএলএদের সঙ্গে বঞ্চনা করা চলবে না। এম.এল.এ. ল্যাড আপনাকে বাড়াতে হবে। এই হাউসে আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানতে চাই এবং আজকেই উত্তর চাই মাননীয় মন্ত্রীকে বলতে হবে আপনার মাধ্যমে। সব থেকে লজ্জার এবং দুঃখের আমাদের যে লিডার অব অপোজিশান ছিলেন, I repeat myself পঙ্কজ বন্দ্যোপাধ্যায় দু বছর আগে এম.এল.এ.দের কি করুন।, অবস্থা, তাদের চিকিৎসা হয় না বলে চিঠি পাঠিয়েছিলেন আপনার কাছে, সেই চিঠির আজ পর্যন্ত কোন সদুত্তর হয়নি।

বার বার ফিরিয়ে দেওয়া হয়েছে। বার বার এনটাইটেলমেন্ট কমিটিকে অপমান করা হয়েছে, অসম্মানিত করা হয়েছে। আমি চাই আপনাকে এখানে জবাবদিহি করতে হবে। সরকারি কর্মচারীদের ডি.এ. আপডেট কবে হবে ? তাদের পেনশানের ব্যাপারটা কবে হবে ? সরকারি কর্মচারীদের পে কমিশন কবে হবে এবং এম.এল.এ. -দের সঙ্গে মন্ত্রীদের বৈষম্য কবে, কখন, কোথায় দূর হবে এটা আজকে আপনাকে বলতে হবে। আমি তাই আমার বক্তৃতা এখানে শেষ করছি। আমার টাইম দরকার নেই, আমার কাজের দরকার। এখানে দাঁড়িয়ে বলতে হবে, না হলে আপনাকে আমরা ছাড়বো না। আপনি কোন জাদুবলে এদের মাইনে সাড়ে দশগুণ করে দিয়েছেন। আপনার অ্যাপ্রোপ্রিয়েশান দিয়ে দিলাম, আপনি আমাদের অ্যাপ্রোপ্রিয়েশান দিয়ে দিন, সকলকে ধন্যবাদ।

[3:10 p.m. – 3:20 p.m.]

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সবাই খুব ইন্টারেস্টেড্ হয়ে গেছে। দেখছি। তার কারণ অনেকদিন পরে একটা সুন্দর বক্তব্য শুনলাম। খুব এক্সাইটমেন্ট এবং ভাল লাগলো স্যার। অন্তত কিছু তো এন্যারটেনমেন্ট হওয়া দরকার। তার জন্য মাননীয় বিধায়ককে ধন্যবাদ। আমার মনে হল, আজকে ব্যক্তিগত বাজেট নিয়ে আলোচনা হল। আজকে রাজ্যের বাজেট নিয়ে আলোচনা হচ্ছিল কিন্তু এখানে ব্যক্তিগত বাজেট নিয়ে আলোচনা হয়ে গেল। তাতে কোন অসুবিধা নেই। স্যার, একটু সিরিয়াসনেসে আসি, অনেক সিরিয়াস কথা অনেকেই বলেছে, আমি মার্জিতভাবে শুনেছি, ইন্টারফেয়ার করি নি। একটা জিনিস জ্যোর্তিময়বাবু বলেছেন সেটা পরিস্কার দিই। আগের বক্তব্যে আমি অনেকগুলো কথা বলেছি, আর দীর্ঘায়িত করতে চাই না। একটা ইমপর্ট্যান্ট জিনিস হল, ভোট অন অ্যাকাউন্টস্ অথবা অ্যাগ্রিগেট বাজেটে দুটো পার্ট আছে, যেটা অধ্যাপক জ্যোর্তিময় কর বলেছেন, সেটা একটুখানি এক্সপ্লেন করতে চাই, আমার বুঝতে সুবিধা হবে, সবারই হবে। আজকে দুটো পার্টে এটা ভাগ করা আছে। একটা - লেজিসলেটিভলি

এটা পাশ করতে হয়। আর সেকেন্ডটা হচ্ছে - অন চার্জ। এখন প্রশ্ন হচ্ছে, what is on charge and what is to be passed by the legislature process? এটা গুরুত্বপূর্ণ কারণ এখানে অনেক experienced নেতা-নেত্রী, স্থানীয় মানুষজন আছেন। প্রথম হচ্ছে 53 thousand 9 hundred fifty-three crore যেটা আমরা বলেছি, যেটা আমরা প্রথমেই বলেছি that is to be passed by the legislature. Charged অ্যাকাউন্টটা কিন্তু ছোট নয়। চার্জ হচ্ছে ২৫ হাজার ৯৪৬ কোটি প্লাস, whatever it is. এই চার্জের মধ্যে কি আছে ?

Governor-s establishment এটা কিন্তু Legislative Assembly আওতায় নেই পাশ করানোর। তারপরে expenditure for Judges সেটাও legislatureএর মধ্যে আসে না। It is under charged. তারপরে Loan repayment and interest, This is also under charged. যেহেতু বাজেটের উন্নয়নের খাতে যেটা যাচ্ছে both plan and non planআজকে সেটা merged হয়ে যাচ্ছে। আমি এর আগের বক্তব্যে সেই details দিয়েছি। সেহেতু PSC উদাহরণ এটাও charge সেহেতু আজকে যেটা আমরা পাশ করতে চলেছি তা নিয়ে আজকে আলোচনা হোক। This is the legislative conduct. যদিও gross amount তার থেকে বেশি তার কারণ charged amount added হয়েছে। এই clarification আগে বলেছিলাম স্যার, তাই clarification আর দিইনি। এটা শুনে খুশি হবেন স্যার, supplementary budget সাধারণত বেড়ে বেড়ে যায়। আমি দেখেছি আগের সরকারের supplementary budget সমানে বেড়ে বেড়ে গেছে। আমরা চেষ্টা করেছি fiscal discipline-এর মাধ্যমে supplementary budget কে restrain করার। তার কারণ যেটা আমরা হাউজে commit করছি BE, RE যেখানে দরকার নিশ্চয়ই করতে হবে। সেটা আপনাকে details বলে দিয়েছি কিভাবে, আগের বক্তব্যে আমি details দিয়ে দিয়েছি। supplementary কোথায় রয়েছে। স্যার, আপনি শুনলে খুশি হবেন যে আমরা supplementary budgetকে restrict করতে পেরেছি, আরো করার দরকার। ১০.২০ চলে গেছি যেটা এক সময় ২০১৫-১৬ সালে ১১.৭৩ ছিল। অন্য গভর্নমেন্টে অনেক বেশি ছিল।তাও fiscal discipline-এর কথা বলেছি। অধ্যাপক কর বলেছেন কিভাবে fiscal discipline as proportionate GDP কিভাবে কমিয়ে এনেছি। এক্ষেত্রে আমরা supplementary budget -এর ক্ষেত্রেও সেই discipline indication করেছি। আমার বিশেষ কিছু বলার নেই এটাই বলার যে Vote on Account টা চার মাসের। অলরেডি পূর্ণাঙ্গ বাজেটটা প্লেস করা হয়েছে। চার মাসের খরচ বাবদ আমি যেটুকু চাই supplementary যেটুকু অলরেডি খরচ করেছি, ভাল ভাল প্রজেক্টে খরচ করেছি যার উদাহরণ আমি দিয়েছি। এই দুটি নিয়ে আজকে হাউজে আলোচনা করেছি। তাই আমি এইটুকু বলে শেষ। করব যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মন্ত্র হল উন্নয়ন, উন্নয়ন, উন্নয়ন। সেই দিকে দিশা রেখে আমি আশা করব সবাই কাঁধে কাঁধ মিলিয়ে উন্নয়নের শরিক হন। ধন্যবাদ

স্যার, এটুকু বলেই শেষ করছি।

Mr. Speaker: Now the question before the House is that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019 be taken into consideration.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

CLAUSES 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 & 3. So I put clauses 2 & 3 do stand part of the bill.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

SCHEDULE

Mr. Speaker: There is no amendment to the Schedule of the Bill. So I put Schedule of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019 is passed. The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019 is passed.

Now the question before the House is that the West Bengal Appropriation Bill, 2019 be taken into consideration.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

CLAUSES 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 & 3. So I put clauses 2 & 3 do stand part of the bill.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

SCHEDULE

Mr. Speaker : There is no amendment to the Schedule of the Bill. So I put Schedule of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

[3:20 p.m. – 3:31 p.m.]

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2019 as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the West Bengal Appropriation Bill, 2019, as settled in the Assembly, be passed. As many as are of that opinion please say AYE. As many as are of the contrary opinion please say NO.

AYES have it. AYES have it.

The Bill is passed. The Bill is passed.

Resolution for Suspension of Rule 312

Mr. Speaker : Hon'ble Members, today is the last day of the current Session of the West Bengal Legislative Assembly. As announced from the Chair, today - the 5th February, 2019 was fixed for the last date for receiving Notices of Amendments to Motion of Thanks in reply to Governor's Address and that of Cut Motions to Demands for Grants of all Departments.

Now, in consideration of the request made from the Hon'ble Leader of the Opposition, I extend the time till 5 p.m. on the 8th February, 2019, for receiving Cut Motions to Demands for Grants of all Departments.

Since in terms of Rule 312 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, all Notices of Amendments to Motion of Thanks and all Notices of Cut Motions received and to be received in the Assembly Secretariat would lapse on the prorogation of the House, I propose to move the following Resolution for suspension of Rule 312 so that the said Notices of Amendments to Motion of Thanks and that of Cut Motions do not lapse merely on the ground of Prorogation:

"This House do suspend Rule 312 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly in its application to the notices of Amendments to Motion of Thanks and that of Cut Motions to the various Demands of Grants, received and to be received in the Assembly Secretariat during the said period and resolves that all notices of Amendments to Motion of Thanks and that of Cut Motions to the Demands for Grants given and to be given by the Members, shall not lapse on the prorogation of the current Session of the Assembly."

I think the Resolution is adopted.

The Resolution is adopted.

Announcement from the Chair

Hon'ble Members, I am to inform you that the time limit fixed for the presentation of the Report of the Committee of Privileges, 2018-2019, West Bengal Legislative Assembly, on Privilege matter, against the Editor, Publisher and Reporter of Ananda Bazar Patrika, for alleged publication of a distorted and purported news item in its issue dated the 25th July, 2018, in connection with the proceedings of the meeting of the Business Advisory Committee held on the 25th July, 2018, the notice of which was given by Shri Tapas Roy, MLA, under Rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, was extended till the end of the 12th Session of the 16th West Bengal Legislative Assembly.

Now, as the Committee of Privileges, 2018-2019, West Bengal Legislative Assembly has not been able to complete its work, the time limit for the presentation of its report on the aforesaid Privilege matter has been further extended till end of the 13th Session of the House, consequent upon the relevant proposal of the Committee.

Hon'ble Members, I am also to inform you that I had referred to the Committee of Privileges, 2018-2019, West Bengal Legislative Assembly, the privilege matter against Shri Manoj Chakraborty, M.L.A., for allegedly casting aspersion on the Chair and questioning the impartiality of the Chair by shouting slogan from the well of the House on the 28th November, 2018 for examination, investigation and report by the end of the 12th Session of the House.

Now, as the Committee of Privileges, 2018-2019, West Bengal Legislative Assembly, has not been able to complete its work, the time limit fixed for the presentation of its report on the aforesaid privilege matter, has been extended till the end of the 13th Session of the Assembly consequent upon the relevant proposal of the Committee.

Report to the House regarding question of breach of Privilege

Hon'ble Members, on the 28th November, 2018 I informd the House that I had received a Notice of alleged breach of Privilege from Dr. Sujan Chakraborty, M.L.A against the Minister-in-Charge of the Agriculture Department,

Government of West Bengal, for misleading the House by giving incorrect information while giving answers to Starred Assembly Questions in the House on the 26th November, 2018. At the same time, I have also informed the House that I would give my ruling on it in due course after examining the matter.

Ruling from the Chair regarding question of breach of Privilege

Hon'ble members, I have examined the Notice of alleged breach of Privilege from Dr. Sujan Chakraborty, M.L.A., against the Minister-in-Charge of the Agriculture Department in the fullest detail. While examining the matter, I have found that Dr. Chakraborty in his notice has alleged that the Minister in -Charge of the Agriculture Department has misled the House by giving contradictory facts and figures and incorrect infomation while giving answers to Starred Question No. 1 of Shri Asit Mitra, MLA, and starred Question No.266 of Dr.Sujan Chakraboty, M.L.A., Accoding to Dr. Chakraborty, contradictory facts and figures as provided in the answers to two (2) different questions cannot be true at the same time and therefore, this is a case of breach of privilege of the Members of the House.

So far as Starred Question No. 1 is concerned, Shri Mitra wanted to know from the Hon'ble Minister the "quantum of agricultural land" ("কৃষি জমির পরিমাণ") in the State till 31st October, 2018. In reply Hon'ble Minister in-Charge of the Agriculture Department stated that it amounts to nearly 56 lakh 32 thousand 595 hectares till 2016-2017 agricultural year. He further clarified that an amount of 54 thousand 770 hectares of non-agricultural land has been converted into agricultural land during the period from 2011-2012 to 2017-2018 agricultural year.

So far as Starred Question No.266 is concerned, Dr. Chakroborty wanted to know the "quantum of cultivable land" ("চাষযোগ্য জমির পরিমাণ") in the State at present. In written reply, having approval of Hon'ble Minister-in-charge, the Agriculture Department stated that it was 56 lakh 66 thousand hectares till 2017-2018 agricultural year.

It is crystal clear that two different terms "cultivable land" ("চাষযোগ্য জমি") and "agricultural land"("কৃষি জমি") have been used in two different Starred Questions. Again, the reply to "agricultural land" pertains to the agricultural year 2016-2017 while the reply to the "cultivable land" pertains

to the agricultural year 2017-2018. As the Hon'ble Minister-in-Charge of the Agriculture Department has provided reply to two different questions concerning two different subjects and the replies therto have been provided to two different agricultural years, facts and figures are bound to differ from one another. To my humble opinion, Dr.Chakraborty has been confused by the terms "cultivable land" ("চাষযোগ্য জমি") and "agricultural land ("কৃষি জমি") and this confusion has led him to believe that the Minister-in-Charge has misled the House by providing contradictory facts and figures.

For the sake of argument, if it is accepted that both the terms "cultivable land" ("চাষযোগ্য জমি") and "agricultural land" "("কৃষি জমি") are the same and denote the same nature of land, (even though these two terms are not similar), then also no question of breach of privilege arises. In this context, the following well-settled proposition as contained in page 305 of "Practice and Procedure of Parliament"(Sixth Edition) by M.N. Kaul and S.L. Shakdher is very much relevant :

"If any statement is made on the floor of the House by a member or Minister which another member believes to be untrue, incomplete or incorrect, it does not constitute a breach of privilege. If an incorrect statement is made, there are other remedies by which the issue can be decided. In order to constitute a breach of privilege or contempt of the House, it has to be proved that the statement was not only wrong or misleading but it was made deliberatly to mislead the House. A breach of privilege can arise only when the member or the Minister makes a false statement or an incorrect statement wilfully, deliberately and knowingly."

A similar question arose in Lok Sabha in 1958 when Shri A.K. Gopalan and three other Members gave Notice of Breach of Privilege of the House for alleged misleading statement made by a Minister Shri T.T. Krishnamachari in answer to questions. While disallowing the Notice, Hon'ble Speaker, Lok Sabha ruled as follows :

"No contempt proceedings can be started on these allegations, even assuming this allegation to be true. Inconsistent statement is a mere irregularity, even if deliberately made.....Any Member may point out these mistakes and the Minister may correct them and he may be given an opportunity to do so."

Even the eminent Speaker Mr. Mavalankar while disallowing a Notice of alleged breach of privilege ruled as follows :

"the substance of the allegations seems to be that the Minister concerned, or the Government have not made the fullest disclosure, or have made misleading statements.....but I do not understand how this constitutes a breach of privilege even if it is assumed that the failure to give full or correct information was intentional".

In the present case, in our House, no incorrect statement or contradictory information has been provided by the Hon'ble Minister-in-Charge of the Agriculture Department in reply to Starred Questions No. 1 and 266. The information that has been provided is full and there was no attempt to mislead the House as alleged in the Notice.

Therefore, I find that no prima facie case of breach of privilege has occurred herein and as such, disallow the Notice given by Dr. Chakraborty on 22.11.2018.

ADJOURNMENT

The House was then adjourned at 3.31 p.m. sine die.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-148, No.- I

(Budget Session, 2019)

(From 1st February to 5th February, 2019)

(The 1st, 4th, and 5th February – 2019)

Date : 01.02.2019

Governor's Address / PP-1-21

Presentation of Report of B.A. Commitee /PP-15-17

Obituary References /PP-17-21

Date -04.02.2019

Presentation of the Annual Financial Statement for the year 2019-2020

by — Dr. Amit Mitra / PP-23-72

Laying of Fiscal Policy Statement / P-73

Date : 05.02.2019

Leave of Absence under Rule 242 / PP-75-77

Presentation of Committee Reports / PP-77-79

Laying of Reports and Accounts / PP-79-80

Motion for Vote on Account / PP-80-95

Demands for Supplementary Grants to the Government of West Bengal for the year 2018-2019 / PP-96-139

Discussed by — শ্রী মোস্তাক আলম / PP-107-110

— শ্রী পরশ দত্ত / PP-110-112

— শ্রী অশোক ভট্টাচার্য্য / PP-112-115

— শ্রী আব্দুল মান্নান / PP-115-116

— শ্রী সৌরভ চক্রবর্তী / PP-116-119

— শ্রী তন্ময় ভট্টাচার্য / PP-119-121
— শ্রী সমীর কুমার জানা / PP-121-125
— শ্রী নেপাল মাহাত / PP-125-128
Replied by — ড: অমিত মিত্র / PP-128-131

Legislation

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2019

The West Bengal Appropriation Bill, 2019 / PP-139-152

Discussed by — শ্রী আমজাদ হোসেন / PP-140-142
— শ্রী জ্যোতির্ময় কর / PP-142-146
— শ্রী মনোজ চক্রবর্তী / PP-146-148
Replied by — ড: অমিত মিত্র / PP-148-149

Resolution for suspension of Rule 312 / PP-152-153

Announcement from the Chair / P-153

Report to the House regarding question of breach of Privilege / PP-153-154

Ruling from the Chair regarding question of breach of Privilege / PP-154-156